




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৮ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com








JAGARAN ■ 09 October 2021 ■ আগরতলা ০৯ অক্টোবর ২০২১ ইং ■ ২৩ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা


## পূজার পরেই ভোটের বাদ্যি, তৃণমূল বিজেপিকে নিষ্কন্টক করলেও ঘাড়ে নিঃশ্বাস ফেলছে তিপ্রা মথা

**দেবাশীষ ঠাকুর**

**আগরতলা, ৮ অক্টোবর।।** পূজার ঢাকে কাঠি পড়েছে। চারিদিকে উন্মাদনা। এবার বাজারও তেজি। ফলে দোকানগুলিতে ক্রেতাদের ভিড় উপচে পড়ছে। যা গত পূজাতে নিস্প্রভ ছিল। এবার রাজ্য সরকার কর্মচারীদের পূজা অ্যাডভান্স ৫ হাজার টাকার স্থলে একলাফে ২০ হাজার টাকা করে দিয়েছে। ফলে, সরকারী কর্মচারীদের মধ্যে পুজোর আনন্দের প্রবল ইচ্ছা তা অনেকটাই পূরণ হতে চলেছে বলা যায়। পুজো শেষ হতে না হতেই রাজ্যে নির্বাচনের ঢাকে কাঠি পড়বে। ইতিমধ্যেই সলতে পাকানো শুরু হয়ে গেছে। রাজনৈতিক কর্মকান্ড পুজোর মুখেও থেমে নেই। সামনের বিধানসভা নির্বাচন গত নির্বাচনগুলির চাইতে অনেক বেশি জটিল এবং আকাবাঁকা পথে এগুতে চলেছে। কোন দল কার বন্ধু কার সাথে গাটছড়া বাঁধবে না একক লড়াইয়ের পথে এগুবে তা নিয়ে এখনই রাজনৈতিক মহলে আলোচনা তীব্র। পরিবর্তনমুখী মানুষ তৃণমূল কংগ্রেস বা তৃণমূল কংগ্রেস জোটকে বিজেপির বিকল্প হিসেবে দেখতে চেয়েছে। কিন্তু, রাজ্যের পরিবর্তনমুখী মানসিকতাকে তৃণমূল সুপ্রিমো একেবারে কচুকাটা করেছেন। হাটুভাঙ্গা স্টিয়ারিং







কমিটির অধিকাংশ সদস্যই গণবর্জিত। কোন সদস্য একজন অপর জনকে চেনেন না। তাঁদের মধ্যে কোন যোগসুত্র নেই। ফলে, প্রকৃত তৃণমূল মানসিকতায় যারা এরাজ্যে রয়েছে তাঁদের মধ্যে ক্ষোভের আগুন ছড়িয়ে পড়েছে। শুরুতেই যে দল জনমনে ন্যূনতম বিশ্বাসযোগ্যতা অর্জনে সক্ষম হয়নি। সেই দলের নেতারা কলকাতা থেকে উড়ে এসে জুড়ে বসার ক্ষেত্রে কোন সাফল্য দেবে না। রাজ্যের তৃণমূলের এই ভগ্ন দশা বিজেপি দলকে অনেক বেশি অক্সিজেন যুগিয়েছে এটা স্পষ্ট।

আগামী বিধানসভা নির্বাচনে কোন দল কার সাথে জোটে যাবে তা এখন স্পষ্ট নয়। তবে, এরাজ্যের প্রধান বিরোধী দল সিপিএম বা বামফ্রন্ট একক শক্তিতে লড়াই করবে। অন্যদিকে তিপ্রা মথা পাহাড় দখলের স্বপ্নে বিভোর থাকলেও এখন তিনি রাজ্য দখলের স্বপ্ন দেখছেন। আর এজন্যই নতুন দল ঘোষণা করার ক্ষেত্রে প্রদ্যুত কিশোরের চেষ্টা এবং ইন্ধন গোপন থাকেনি। এই অবস্থাতে বিজেপির সাথে মথার আঁতাতের সম্ভাবনা ভবিষ্যতে আছে কিনা তা এখনই বলা মুশকিল। এটাও ঠিক রাজনীতিতে শেষ কথা বলার সুযোগ নেই। এই মুহুর্তে রাজ্যের রাজনৈতিক অঙ্গনে বিজেপি, আইপিএফটি, সিপিএম, তিপ্রা মথা, তৃণমূল কংগ্রেস ও কংগ্রেস তারা ময়দানে থাকবে। শক্তি যাই হোক ভোট যুদ্ধে তারা অবতীর্ণ হবেই। এক্ষেত্রে রাজনৈতিক পরিস্থিতি এবং নির্বাচনের পরিস্থিতির উপর অনেক কিছুই নির্ভর করছে। অবাধ ও স্বচ্ছ নির্বাচনের গ্যারান্টি কতটা মিলবে তার উপর অনেক কিছু নির্ভর করছে। আপাতত ছয়টি রাজনৈতিক শক্তি সবল, দুর্বল যাই হোক না কেন তাঁরা ভোট ময়দানে অবতীর্ণ হবে।

ত্রিপুরার গত বিধানসভা নির্বাচনে কার্যত লড়াই হয়েছিল দ্বিমুখী। বামফ্রন্ট এবং বিজেপি-আইপিএফটি জোট। কিন্তু, আগামী নির্বাচনে ছয়টি দলের অংশ গ্রহণের প্রশ্নটি দেখা দিয়েছে। কে কয়টি আসনে লড়বে। কংগ্রেস হাটুভাঙ্গা শক্তিহীন হয়ে পড়েছে। জাতীয় দল হিসেবে কোন দলের সাথে আতাতে যাচ্ছে না। তৃণমূল ত্রিপুরায় শুরুতেই সর্বস্ব খুইয়ে বসে আছে। তবু, মমতার ধনুরভঙ্গ পণ হয়তো পূজার পরে শক্তি প্রদর্শনের নতুন চেষ্টা করবে। কিন্তু, তৃণমূল যা হারিয়েছে, বিশ্বাসযোগ্যতা সেটা পুনরুদ্ধার করা সহজ কাজ নয়। তলে তলে তৃণমূল মথার সাথে আতাতের প্রস্তাব করেছে বলে সংবাদ। কিন্তু প্রদ্যুত কিশোর গণবর্জিত দলকে কতটা আমল দেবে সেটাই প্রশ্ন। তৃণমূল এমন একজনকে রাজ্যে স্টিয়ারিং কমিটির শীর্ষ পদে বসিয়েছেন যার বিশ্বাসযোগ্যতা একেবারেই তলানিতে। দলবদলের ☛ ৬ এর পাতায় দেখুন

## আফগানিস্তানের মসজিদে আত্মঘাতী বোমা হামলা, নিহত কমপক্ষে ১০০ জন

**কাবুল, ৮ অক্টোবর (হি.স) :** আফগানিস্তানের কুন্দুজ শহরের একটি শিয়া মসজিদে শুক্রবারের নমাজের সময় আত্মঘাতী বোমা হামলা। স্থানীয় সূত্রে খবর, অন্তত ১০০ জনের মৃত্যু হয়েছে এই বিস্ফোরণে। তবে মৃতের সংখ্যা আরও বাড়ার আশঙ্কা করা হচ্ছে।

মার্কিন বাহিনী আফগানিস্তান ছাড়ার পর এটাই সবচেয়ে বড়ো রক্তাক্ত হামলা। জানা গিয়েছে, বিস্ফোরণে সংখ্যালঘু সম্প্রদায়ের আরও কয়েকজন আহত হয়েছেন। ধারণা করা হচ্ছে, আগামী দিনে ভয়ংকর অস্থির পরিস্থিতি তৈরি হতে পারে তালিবানশাসিত আফগানিস্তানে।

ওয়াকিবহাল মহলের মতে, চরমপন্থী ইসলামিক স্টেট গোষ্ঠীর সঙ্গে তীব্র দ্বন্দ্ব তালিবানের। যে কারণে সুন্নি সংখ্যাগরিষ্ঠ আফগানিস্তানে সাম্প্রদায়িক হিংসা ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে বারবার শিয়াদের নিশানা করা হচ্ছে। কুন্দুজ প্রাদেশিক হাসপাতালের একটি সূত্র জানিয়েছে, সেখানে ৩৫ জন নিহত এবং ৫০ জনেরও বেশি আহতকে নিয়ে যাওয়া হয়েছে।

তালিবান মুখপাত্র জবিহুল্লাহ মুজাহিদ বলেছেন, কুন্দুজের শিয়া সম্প্রদায়ের একটি মসজিদে বিস্ফোরণ ঘটানো হয়েছে। প্রচুর সংখ্যক মানুষ নিহত ও আহত হয়েছেন। ঘটনাস্থলে পৌঁছেছে তালিবানের বিশেষ বাহিনী। পুরো ☛ ৬ এর পাতায় দেখুন

## পুরভোটে লড়বে তৃণমূল কংগ্রেস নবগঠিত কমিটির বৈঠকে ইঙ্গিত অভিষেকের

**কলকাতা, ৮ অক্টোবর (হি.স)** : ত্রিপুরায় আসন্ন পুরনির্বাচনে লড়তে পারে তৃণমূল কংগ্রেস। অন্তত এমনটাই ইঙ্গিত দিলেন দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। শুক্রবার দলের নবগঠিত স্টিয়ারিং কমিটির সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন অভিষেক। সেখানেই পুরভোটে লড়ার ইঙ্গিত দেন তিনি।

এ বছরের শেষেই আগরতলা-সহ ত্রিপুরার কয়েকটি স্থানীয় নির্বাচন হওয়ার কথা। রাজ্যে নতুন করে সংগঠন গড়ে তোলার পর এই পুরনির্বাচন দিয়েই ত্রিপুরার নির্বাচনী রাজনীতিতে পা রাখতে চান অভিষেক। শুক্রবার ভার্চুয়াল মাধ্যমে ত্রিপুরার নবগঠিত স্টিয়ারিং কমিটির সদস্যদের সঙ্গে বৈঠক ☛ ৬ এর পাতায় দেখুন

## যান দুর্ঘটনা, অল্পেতে রক্ষা পেলেন সিপাহীজলা জেলা পুলিশ সুপার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৮ অক্টোবর ।।** বড়সড় দুর্ঘটনা থেকে অল্পেতে রক্ষা পেলেন সিপাহীজলা জেলা পুলিশ সুপার কৃষ্ণেন্দু চক্রবর্তী। মদমত্ত গাড়ির চালকের ধাক্কায় পুলিশ সুপারের গাড়ি ক্ষতিগ্রস্থ হয়েছে। তিনি সামান্য আঘাত পেয়েছেন। পুলিশ মদমত্ত গাড়ির চালককে গ্রেফতার করেছে। তার গাড়িটিও আটক করেছে।

পুলিশ জানিয়েছে, আজ শুক্রবার সকাল ১০টা ৪০ মিনিট নাগাদ কমলাসাগর থেকে বিশ্রামগঞ্জ যাচ্ছিলেন সিপাহীজলা জেলা পুলিশ সুপার কৃষ্ণেন্দু চক্রবর্তী। বিশালগড় ১ নম্বর গেইট সংলগ্ন এলাকায় আসতেই পেছন থেকে টিআর০১ই০৬২৭ নম্বরের মারুতি ভ্যান তাঁর গাড়িতে সজোরে ধাক্কা দেন। তাতে তাঁর গাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে এবং তিনি ঘাড়ে আঘাত পেয়েছেন। মূলত, ঘটনার আকস্মিকতায় তিনি হতভম্ব হয়ে পরেন। তাঁর নিরাপত্তায় থাকা পুলিশ কর্মীরা ওই গাড়িটি আটক করেন।

পুলিশ জানিয়েছে, ওই গাড়ির চালক প্রসেনজিত সাহা মদমত্ত অবস্থায় ছিলেন। ফলে, গাড়ির নিয়ন্ত্রণ রাখতে না পেরে পুলিশ সুপারের গাড়িতে ধাক্কা দিয়েছেন। দুর্ঘটনার বিষয়ে বিশালগড় থানার পুলিশকে জানান কৃষ্ণেন্দু বাবু। খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ ছুটে আসেন। পুলিশ ওই গাড়ির চালককে গ্রেফতার করেছে এবং তার গাড়ি আটক করে থানায় নিয়ে গেছে। ওই ঘটনায় পুলিশ একটি মামলা নিয়েছে।

প্রসঙ্গত, যান দুর্ঘটনা উত্তরোত্তর বৃদ্ধি পেয়ে চলেছে। যান চালকদের বেপরোয়া গতি দুর্ঘটনার অন্যতম কারণ চিহ্নিত হয়েছে। আজ সিপাহীজলা পুলিশ সুপার অল্পেতে রক্ষা পেয়েছেন। এমনই প্রতিদিন ত্রিপুরায় নানা স্থানে ☛ ৬ এর পাতায় দেখুন



আলোক সজ্জায় সেজে উঠেছে আগরতলা। শুক্রবার তোলা নিজস্ব ছবি।

## কাপড়ের শোরুমে আগুন অল্পেতে রক্ষা পেল রাজধানী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৮ অক্টোবর ।।** জনবহুল এলাকায় অগ্নিরোধক ব্যবস্থা ছাড়াই কাপড়ের শোরুম দাড়িয়ে রয়েছে। আজ শর্ট সার্কিট থেকে আগুন লাগলেও বড়সড় বিপদ থেকে অল্পেতে রক্ষা পেয়েছে আগরতলার প্রধান বাণিজ্যিক কেন্দ্র। সময় মতো দমকলের তিনটি ইঞ্জিন ঘটনাস্থলে পৌছে আগুন আয়ত্বে আনতে সক্ষম হয়েছে।

উতবের মরশুমে কেনাকাটার ধুম লেগেছে। বাজার ভিড়ে ঠাসা। এরই মধ্যে আগরতলায় হরিগঙ্গা বসাক রোড এলাকায় একটি কাপড়ের শোরুমে আজ আগুন লেগে যায়। সঙ্গে সঙ্গে অগ্নিনির্বাপক দফতরে খবর দেওয়া হয়। দমকলের তিনটি ইঞ্জিন সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে পৌছে আগুন আয়ত্বে নিয়ে আসে।

দমকল কর্মী সাধন দাস জানিয়েছেন, মহারাজগঞ্জ বাজার থেকে একটি এবং আগরতলা স্টেশন থেকে দুইটি দমকলের ইঞ্জিন এসে আগুন আয়ত্বে এনেছে। তিনি বলেন, ওই শোরুমের তিনতলায় প্রচন্ড ধুয়া বের হচ্ছে দেখা গিয়েছিল। কারণ, সেখানে প্রচুর কাপড়ের খালি প্যাকেট রাখা ছিল। তাঁর কথায়, ওই শোরুমের ইলেকট্রিক প্যানেলে শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়েছিল। তবে, সেখানে কাপড়ের খালি প্যাকেট রাখা না থাকলে পরিস্থিতি এতটা ভয়াবহ হয়ে উঠত না।

সাধন বাবু বলেন, অল্প কিছুক্ষণের মধ্যেই আগুন আয়ত্বে আনা সম্ভব হয়েছে। তবে, দমকল বাহিনী ☛ ৬ এর পাতায় দেখুন

## ধলিয়ারকান্দি গ্রাম পঞ্চায়েতে দুর্নীতির অভিযোগ নিশানায় কংগ্রেস

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৮ অক্টোবর।।** উনকোটি জেলার কৈলাশহর এর কংগ্রেস পরিচালিত ধলিয়ারকান্দি গ্রাম পঞ্চায়েতের বিরুদ্ধে স্থানীয় বিজেপি দলের নেতারা প্রকাশ্যে দুর্নীতির অভিযোগ এনেছেন। কৈলাসহরের গৌরনগর ব্লকের অধীনে ধলিয়ারকান্দি গ্রাম পঞ্চায়েতটি কংগ্রেস দলের অধীনে রয়েছে। এগারো আসন বিশিষ্ট ধলিয়ারকান্দি গ্রাম পঞ্চায়েতে সাতজন পঞ্চায়েত সদস্য কংগ্রেস দলের এবং চারজন পঞ্চায়েত সদস্য বিজেপি দলের রয়েছে। দীর্ঘদিন ধরেই পঞ্চায়েতের উন্নয়ন মুলক কাজে কিংবা অন্যান্য ক্ষেত্রেও বিজেপি দলের পঞ্চায়েত সদস্যদের ব্রাত্য রেখে কংগ্রেস দলের পঞ্চায়েত সদস্যরা লাগামহীন দুর্নীতি করে যাচ্ছে বলে সাত অক্টোবর বৃহস্পতিবার রাতে ধলিয়ারকান্দি গ্রামের বিজেপি দলের অফিসে সাংবাদিক সম্মেলন করে স্থানীয় বিজেপি দলের নেতারা জানান।

সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন স্থানীয় বিজেপি নেতা আব্দুল বাছিদ, সাহিন আলী, আকবর আলী, পিন্টু মালাকার সহ অন্যান্যরা। সাংবাদিক সম্মেলনে বিজেপি নেতা আব্দুল বাছিদ বলেন, সারা রাজ্যের সাথে ধলিয়ারকান্দি গ্রাম পঞ্চায়েতেও গরীব অংশের মানুষদের বিনামূল্যে সরকারি ঘর দেওয়ার কথা থাকলেও ধলিয়ারকান্দি গ্রাম পঞ্চায়েতে টাকার বিনিময়ে ঘর প্রদান করা হচ্ছে। ধলিয়ারকান্দি গ্রাম পঞ্চায়েতের পঞ্চায়েত সচিব এবং স্থানীয় কংগ্রেস দলের প্রভাবশালী নেতারা সরাসরি গরীব অংশের মানুষের কাছ থেকে টাকা সংগ্রহ করে সরকারি ঘর বন্টন করছেন বলে অভিযোগ বিজেপির। যারা টাকা দিতে পারছেন না কিংবা টাকা দিতে অসমর্থ তাদের ঘর দেওয়া হচ্ছে না বলে আব্দুল বাছিদ জানান। উনি আরও গুরুতর অভিযোগ করেন যে, পঞ্চায়েতে রেগার কাজেও লাগামহীন দুর্নীতি হচ্ছে। পঞ্চায়েতে রেগার কাজ না করে রেগার টাকা হাফিজ করে দেওয়া হচ্ছে বলে জানান। পঞ্চায়েতে লাগামহীন দুর্নীতির বিষয়ে গৌরনগর ব্লকের বিডিও-এর নিকট বিজেপি দলের পক্ষ থেকে মৌখিকভাবে জানানো হলেও কোনো ধরনের কার্যকরী ভুমিকা না নেওয়ায় ফের লিখিতভাবে জানানো হবে বলেও জানান বিজেপি নেতা আব্দুল বাছিদ।

সাংবাদিক সম্মেলনে স্থানীয় বিজেপি ☛ ৬ এর পাতায় দেখুন

## মিটেনি বকেয়া বিল, মিলেনি পূজা অ্যাডভান্স, ক্ষোভে রাস্তা অবরোধ

**নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ৮ অক্টোবর ।।** মেটানো হচ্ছে না বকেয়া বিল। দেখা নেই পূজো এডভান্সের। তাই, পদ্মবিলে সড়ক অবরোধে সামিল হলেন খোয়াই মহকুমার অঙ্গনওয়াদি কর্মী সহায়িকারা।

তাঁদের অভিযোগ, এক বছর ধরে বকেয়া পড়ে রয়েছে ফিডিং বিল। সেই মিটিয়ে দিচ্ছে না দফতর। এমনকি, শারদোৎসবের সময় এবার দেখা নেই পূজো এডভান্সেরও। ফলে, তিতিবিরক্ত হয়ে সড়ক অবরোধ করেন তাঁরা। বকেয়া ফিডিং বিল এবং পূজো ☛ ৬ এর পাতায় দেখুন

## ঠিকেদারের বকেয়া মিটেনি, বিদ্যুত নিগমের আধিকারিক ঘেরাও

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৮ অক্টোবর।।** ঠিকাদারদের বকেয়া বিলের টাকা মিটিয়ে না দেওয়ায় শুক্রবার বিদ্যুত নিগমের কর্মকর্তাদের ঘেরাও করে রাখল সিপাহীজলা জেলায় নিযুক্ত নিগমের ঠিকাদাররা। রাজ্য বিদ্যুৎ নিগমের উচ্চপদস্থ আধিকারিক ডাইরেক্টর অফ টেকনিকেল দেবাশীষ সরকারকে এদিন ঘেরাও করে রাখেন তাঁরা।

শুক্রবার বেলা বারোটায় দেবাশীষ সরকার বিশালগড় রাস্তার মাথার গোকুলনগরস্থিত ইলেকট্রিক অফিসে গিয়েছিলেন। সঙ্গে ছিলেন সিপাহীজলা জেলা জেলা সার্কেল অফিসার, এজিএম কৃষ্ণ দাস এবং বিশালগড় ইলেকট্রিক ডিজিএম রাজীব কুমার রায়। ইলেকট্রিক অফিসে তাঁরা বৈঠক করছিলেন। এমন সময় সিপাহীজলা বিদ্যুৎ নিগমের অধীন নিযুক্ত ঠিকাদারগণ তাদেরকে ঘেরাও করেন। পুজোর আগেই তাদেরকে সৌভাগ্য যোজনা প্রকল্পের টাকা মিটিয়ে দিতে হবে বলে তাঁরা দাবি জানান।

দীর্ঘদিন ধরেই বিদ্যুৎ নিগমের অধীনে নিযুক্ত ঠিকাদাররা কাজ করে ও বকেয়া টাকা পাচ্ছেন না। ফলে শ্রমিকদের মজুরি টাকা মিটিয়ে দেওয়া এবং নিজেদের সংসার প্রতিপালন করা কষ্টকর হয়ে উঠেছে। সেকারণেই তারা আজ বিদ্যুৎ বেগমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের ঘেরাও করেছেন বলে জানা গেছে।

## নাগরিক পরিষেবা প্রদান থেকে নিয়োগ সবেতেই স্বচ্ছতা বজায় রেখে কাজ করছে সরকার : মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৮ অক্টোবর ।।** নাগরিক পরিষেবা প্রদান থেকে নিয়োগ সবেতেই স্বচ্ছতা বজায় রেখে কাজ করছে সরকার। নাগরিকদের স্বনির্ভর মানসিকতা স্বনির্ভর রাজ্য নির্মাণে অগ্রণী ভূমিকা গ্রহণ করে। রাজ্যে তৈরি হওয়া স্বনির্ভর মানসিকতা রোজগারের নতুন পথ খুলে দেওয়ার পাশাপাশি আত্মনির্ভর যুবরাই তৈরি করছে রোজগারের সুযোগ। আজ ধর্মনগর কালীবাড়ির পুণ্যদীঘির সংস্কার ও নবরূপে উদ্বোধনী অনুষ্ঠানে একথা বলেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। এদিন সস্ত্রীক মুখ্যমন্ত্রী প্রথমেই দীঘি সংলগ্ন ধর্মনগর কালীবাড়ি মন্দিরে প্রার্থনা করেন। অনুষ্ঠানে প্রায় ১, ২০০ শিল্পী ও ছাত্রছাত্রীরা সমবেত সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করে। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন, শিক্ষা থেকে শুরু করে সমস্ত ক্ষেত্রেই উন্নয়নের নিরিখে সফলতা এসেছে। সাংস্কৃতিক কর্মসূচিতে অংশগ্রহণকারী ছাত্রছাত্রীদের মধ্যে অনেকেই আগামীদিনে ইউপিএসসি থেকে করে জাতীয়মানের প্রবেশিকা পরীক্ষায় সাফল্যের নজির তৈরি করতে পারবেন বলে আশা ব্যক্ত করেন মুখ্যমন্ত্রী।

মুখ্যমন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী আবাস যোজনায় প্রয়োজন রয়েছে এমন প্রতি পরিবারে পাকা ঘর পৌঁছে দেওয়ার প্রক্রিয়া স্বচ্ছতার সঙ্গে সফলভাবে বাস্তবায়িত হচ্ছে। কেন্দ্র ও রাজ্য সরকারের যৌথ প্রচেষ্টায় গ্রামীণ এলাকার প্রতি পরিবারে পানীয়জল পৌঁছে দেওয়ার পাশাপাশি নগর এলাকার প্রতি বাড়িতেও পানীয়জলের সংযোগ পৌঁছে দেওয়ার কাজ চলছে। মুখ্যমন্ত্রী আরও বলেন, দলীয় সংকীর্ণতার উর্ধে উঠে সমস্ত অংশের মানুষের



শুক্রবার ধর্মনগর কালীবাড়ির পুণ্যদীঘির সংস্কার ও নবরূপে।

সার্বিক কল্যাণে কাজ করছে সরকার। রাবার, আগরের মতো ত্রিপুরায় উপলব্ধ সম্পদ ও নানান উদ্ভাবনী ভাবনায় বড়মাত্রায় রোজগারের সুযোগ উন্মোচিত হয়েছে। রাজ্যে তৈরি হওয়া স্বনির্ভর মানসিকতার ফলে নিজেরা আত্মনির্ভর হওয়ার পাশাপাশি যুবরা নিজেরাই অন্যদের কাজের সংস্থান তৈরি করছেন। মহিলা স্বশক্তিকরণের লক্ষ্যে রেশনশপের মালিকানা মহিলাদের দেওয়ার পদক্ষেপ নিয়েছে সরকার। যার অন্যতম লক্ষ্য মহিলাদের রোজগার বৃদ্ধি ও অর্থনীতিতে অংশীদারিত্ব বাড়ানো। মহিলাদের অর্থনৈতিক উন্নয়ন ব্যতিরেখে সমগ্র রাজ্যের উন্নয়ন সম্ভব নয়। এই বিষয়টিকে গুরুত্ব দিয়ে মহিলা ক্ষমতায়নের লক্ষ্যে একাধিক পরিকল্পনা সফলভাবে রূপায়িত হচ্ছে। বেড়েছে রেগার শ্রমদিবস।

মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্যে করোনা পরিস্থিতিকে সামনে রেখে স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়ন ও পরিষেবার বিকেন্দ্রীকরণে সাফল্য এসেছে। নাগরিকদের স্বাস্থ্য সুরক্ষাকে গুরুত্ব দিয়ে আইসিইউ, ভেন্টিলেটর ☛ ৬ এর পাতায় দেখুন

## দিব্যাঙ্গজনদের সার্বিক বিকাশেই অগ্রাধিকার কেন্দ্রের: প্রতিমা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৮ অক্টোবর ।।** দিব্যাঙ্গজনদের সার্বিক বিকাশে অগ্রাধিকার দিয়েছে কেন্দ্রীয় সরকার। দিব্যাঙ্গজনদের আর্থসামাজিক অবস্থার মান উন্নয়নে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করে কাজ করছে রাজ্য সরকারও। আজ সচিবালয়ে ২ নং সভাকক্ষে ঋণ মেলা, জব ফেয়ার এবং আলিমকো এনএইসএফডিসি / এনবিসিএফডিসি এবং এনএসএফডিসি দ্বারা প্রদর্শনীমূলক কর্মসূচি আয়োজনের প্রস্তুতি সভায় একথা বলেন কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক।

সভায় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক বলেন, রাজ্যের বিভিন্ন প্রান্তে দিব্যাঙ্গজনদের মূল্যায়নের জন্য শিবির আয়োজন করা হচ্ছে। আরও বড় পরিসরে এই ধরনের শিবির আয়োজন করার জন্য তিনি দপ্তরকে নির্দেশ দেন। এই প্রসঙ্গে তিনি আগামী নভেম্বরের মাঝামাঝি রাজ্যব্যাপী ঋণ মেলা আয়োজন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরকে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার পরামর্শ দেন। মেলায় দিব্যাঙ্গজনদের পাশাপাশি প্রবীণ নাগরিকদেরও অংশগ্রহণ নিশ্চিত করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন।

তাঁর কথায়, কেন্দ্রীয় এবং রাজ্যে সরকারের বিভিন্ন প্রকল্পে তপশিলি জাতি, অন্যান্য পশ্চাদপদ শ্রেণী সহ দিব্যাঙ্গজনদের আর্থসামাজিক অবস্থার মানোন্নয়নে ব্যাঙ্কগুলিকে ঋণ প্রদানে এগিয়ে আসতে হবে। এক্ষেত্রে তিনি রাবার, বাশ, হস্ততাত, মৃৎ শিল্প ইত্যাদি ক্ষেত্রে যুক্তদের ক্লাস্টার অনুসারে ঋণ দেওয়ার ব্যবস্থার কথাও উল্লেখ করেন। তিনি বলেন, দপ্তরের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পগুলির সুফল অন্তিম ব্যক্তির কাছে পৌঁছাতে হবে। এই লক্ষ্যে ব্যাঙ্কগুলিকে সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে সংযোগ রক্ষা করে মানুষের কল্যাণে এগিয়ে আসার পরামর্শ দেন তিনি। তিনি বলেন, এরফলে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। বিভিন্ন পরিকল্পনার সঠিক রূপায়ণের মাধ্যমে স্বনির্ভর ত্রিপুরা গড়ে উঠবে।

সভায় আলোচনায় সর্বশেষ সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে যেসব পদক্ষেপ নেওয়া হয়েছে সেই বিষয়ে সচিত্র প্রতিবেদনের মাধ্যমে আলোচনা করেন সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের প্রধান সচিব জে কে সিনহা। তিনি জানান, ইতিমধ্যে আলিমকো ☛ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৮ ▫ সংখ্যা ৮ ▫ ৯ অক্টোবর ২০২১ ইং ▫২২ অক্টোবর ▫ শনিবার ▫১৪২৮ বঙ্গাব্দ

## কলেজ গুলিতে ছাত্র ভর্তি প্রক্রিয়া নিয়া সমস্যা বাড়িতেছে

রাজ্যের ডিগ্রী কলেজ গুলোতে ছাত্রভর্তি সমস্যা চরম আকার ধারন করিয়াছে। করোনা ভাইরাস সংক্রমণ জনিত কারণে মাধ্যমিক পরীক্ষায় ১০০ শতাংশ পরীক্ষার্থী পাস বলিয়া গণ্য হইয়াছে। রাজ্যের ইতিহাসে এই ধরনের ঘটনা ইতিপূর্বে ঘটে নাই। যে সকল ছাত্র-ছাত্রী উচ্চমাধ্যমিক পাশ বলিয়া গণ্য হইয়াছে তাহারা পর থেকেই কলেজে ভর্তি হইতে চাইতেছে। কাউকে শিক্ষার অধিকার হইতে বঞ্চিত করিবার অধিকার আমাদের নাই। কিন্তু প্রশ্ন উঠে আসে রাজ্যের কলেজগুলিতে এত সংখ্যক আসন রহিয়াছে কি? ছাত্র ভর্তি হইতে গিয়া রীতিমতো হয়রানির শিকার হইতেছে।

অনেকেই পার্শবর্তী কলেজে পড়াশোনা করিতে ইচ্ছুক। কিন্তু দেখা যাইতেছে বর্তমান ভর্তি প্রক্রিয়ায় অনেকেই দূরবর্তী কলেজগুলিতে স্থান পাইয়াছে। আবার অনেকে এখনও পর্যন্ত ভর্তি হবার সুযোগ পায় নাই। বিষয়টি নিয়ে বিশাল সমস্যা সৃষ্টি হইয়াছে। এখন দেখার বিষয় প্রত্যেক ছাত্রছাত্রীর উচ্চশিক্ষার অধিকার সুরক্ষিত হয় কিনা।স্বাধীনতার পর পচাত্তর বছর পার হইলো। চারপাশে যে সংকীর্ণতার কালো মেঘ ঘনাইয়া আসিয়াছে তাহার মূলে ক্রমবর্ধমান অশিক্ষা। আমাদের ব্যর্থতার কারণ, অভ্যাসগত মোহে সেটা আমরা কিছুতেই মনে ভাবিতে পারি না।

আমাদের হতভাগ্য দেশে ''কারারুদ্ধ'' পরীক্ষাকেন্দ্রিক শিক্ষাপদ্ধতির গোড়ায় গলদ রহিয়াছে। তাহাতে ''সত্য ও প্রাণের জিনিস'' নাই।স্বাধীন পাঠের অবকাশ নাই। শিক্ষা আমাদিগকে পরাভূত করিয়া ফেলিয়াছে।'' নতুন ভারত গড়া, গণতান্ত্রিক চেতনাবোধ জাগ্রত করা, ভারতীয় সংস্কৃতির সংরক্ষণ, চারিত্রিক দৃঢ়তা ও মূল্যবোধ নির্মাণ, জ্ঞানের প্রসারণ ও প্রজ্ঞার অনুসন্ধান, বিজ্ঞান শিক্ষার প্রসার, নারীশিক্ষা ইত্যাদির কথা বলা হইয়াছিল আমাদের শিক্ষা ব্যবস্থায়। শিক্ষায় নেতৃত্বকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়: বিশ্ববিদ্যালয়গুলির পরিচালনার দায়িত্ব আচার্য, উপাচার্য, সেনেট, সিন্ডিকেট ইত্যাদির ঊর্ধ্বে দেওয়া হয় রাজ্য সরকারগুলিকে। সেই পথে কালনাগিনী প্রবেশ করিল। সংকীর্ণ রাজনীতিই যে ধীরে ধীরে শিক্ষাঙ্গনকে ক্রমশ কলুষিত করিবে স্বাধীনতাপ্রাপ্তির ইউফোরিয়ায় নেহরু এবং তাঁর সহযোগীরা তা অনুমান করিতে পারেন নি। পাঠক্রমে কৃষিকে গুরুত্ব দেওয়ার কথা বলা হইলেও তা অলীক রূপকথা। শিক্ষার বিভাজনের সেই শুরু। বলা হয়, শিক্ষার মাধ্যম হিসাবে সর্বভারতীয় ভাষা হবে হিন্দি, আঞ্চলিক ভাষাগুলিকেও সমান গুরুত্ব দিতে হইবে। শিক্ষকের মূল্য ও পদোন্নতির কথাও বলা হয়। বলা হয়, ছাত্রকল্যাণের কথা। উচ্চশিক্ষার সঙ্গে মাধ্যমিক শিক্ষার নিবিড় সম্পর্কের কথা বলা হয়। ১৯৫২-৫৩ সালে মাধ্যমিক শিক্ষা কমিশন বা মুদালিয়ার কমিশন এই সুপারিশগুলিকে নতুন করিয়া যাচাই করিয়া স্ট্রিম নির্বাচনের পরামর্শ দেয়। কমিশনের মতে, ''সুষম-ব্যক্তিত্ব সম্পন্ন মানুষ'' সৃষ্টি করা শিক্ষার লক্ষ্য। ১৯৬৪ সালে ডি এস কোঠারির নেতৃত্বে যে কমিশন গঠিত হয়, এবং দু''বছর পর রিপোর্ট জমা দেওয়া হয়, তার সদস্যদের মধ্যে ইংল্যান্ডের এইচ এল এলভিন, আমেরিকার আর রেভেল, সোভিয়েত ইউনিয়নের শুমভস্কি প্রমুখ আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শিক্ষাবিদ ছাড়াও ছিলেন ত্রিগুণা সেন, জে পি নায়কের মতো বিদ্বানরা।

তাঁহারা কয়েকটি বাস্তব সমস্যা লক্ষ করেন।যেমন বেকারত্ব, জাতীয় সংহতি, মূল্যবোধ ইত্যাদি। মনে করিয়ে দেওয়া হয়, ক্লাসঘরেই তো দেশের ভবিষ্যতের কাঠামো তৈরি হইবে। শিক্ষায় ধর্মনিরপেক্ষতার মূল্যবোধের কথাও বলা হয়। কথাগুলো ঠিক। তবে কেন হ য ব র ল-র কাক্কেশ্বর কুচকুচের মতো সাত দু''গুণে চোদ্দর চার, হাতে রইল পেনসিল? তবে কেন বিদ্যায়তনগুলিতে এত বিভ্রান্তি ও হতাশা? যেটা অনুধাবন করা হয়নি, সেটা হইল বহুভাষিক, বহুবিভাজিত, বহু অর্থনৈতিক শ্রেণির উচ্চবিত্ত, উচ্চমধ্যবিত্ত, মধ্য-মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত, নিম্নবিত্ত, শূন্যবিত্ত, জটিল জাতপাতের দেশে কাজটি সুকঠিন। বারবার শিক্ষার কাঠামো বদলে ম্যাট্রিক, স্কুল ফাইনাল, এগারো বছরের উচ্চমাধ্যমিক, পরে মাধ্যমিক ও বারো ক্লাসের উচ্চমাধ্যমিক, দু''টি এবং পরে তিনটি ভাগে বিভক্ত স্নাতকতা, পরে সেমিস্টার পরীক্ষা শুধু থোড় বড়ি খাড়া, খাড়া বড়ি থোড়। বার্ষিক পরীক্ষা পদ্ধতিতে ভারতে যে সব উজ্জ্বল রত্ন তৈরি হইয়াছিল, পরে ষাণ্মাসিক পদ্ধতিতে কি তাহার চেয়ে বেশি হইল?বিদেশে আঙুলে গোনা ছাত্রছাত্রীকে নিয়ে যে সেমিস্টার সিস্টেম সম্ভব, এ দেশে কোটি কোটি ছাত্রের ওপর তা চাপাইয়া দেওয়া হইলে তাহা কি অযৌক্তিকতার পরাকাষ্ঠা নয়? এতে ''লেখাপড়ার কালোবাজার'' স্ফীত হওয়া ছাড়া বিদ্যার বিকাশে কাহিরও লাভ হইবে না। জাতীয় চরিত্র নিয়া যে কোনও সাধারণীকরণই ভ্রমাত্মক। দেশ স্বাধীন হইবার পর উচ্চশিক্ষায় প্রচুর অর্থবিনিয়োগ হয়, মধ্যবিত্ত শ্রেণির উচ্চাশা মিটাইতে। বিনিয়োগের কর্তা নেতাবাবুরা। তাঁহাদের শিক্ষাদীক্ষা খুব প্রবল নয়। আর স্বাধীন ভারতে হাত-কচলানো সংস্কৃতি স্থায়ী আসন গড়িয়া নিয়াছে। এই ব্যাপারে যাহার যত পটুত্ব তাহার ততই পোয়াবারো। বলিতে দ্বিধা নাই যে, শিক্ষাব্যবস্থার মুখ থুবড়ে পড়িবার অন্যতম প্রধান কারণ হইল শিক্ষকের অবমূল্যায়ন। ছেলে মেয়েদের প্রকৃত শিক্ষায় শিক্ষিত করিতে হইবে সরকারকে সঠিক পদ্ধতি অবলম্বন করিতে হইবে। শিক্ষানুরাগীদের চিন্তাভাবনাকে সঠিকভাবে কাজে লাগাইয়া শিক্ষাব্যবস্থা গৃহীত হইবে কর্মমুখী শিক্ষা শিক্ষার্থীদের ভবিষ্যৎ রোজগারের পথ নিশ্চিত করিবে।

## লখিমপুর-কাণ্ডে মৃত সাংবাদিকের বাড়িতে অনশনে বসলেন সিধু

লখনউ, ৮ অক্টোবর (হি.স) : লখিমপুর-কাণ্ডে অনশনে বসলেন পঞ্জাব প্রদেশ কংগ্রেসের সভাপতি নভজোৎ সিংহ সিধু। মৃত সাংবাদিক রামন কাশ্যপের বাড়িতে অনশনে বসলেন সিধু। কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী অজয় মিশ্রের ছেলে আশিস মিশ্রকে ডেকে জিজ্ঞাসাবাদ করা হোক। মন্ত্রীপুত্রকেও পুলিশি তদন্তে সামিল হয়ে সহযোগিতা করতে হবে। এই দাবি তুলে লখিমপুর-কাণ্ডে মৃত সাংবাদিক রামন কাশ্যপের বাড়িতে অনশনে বসলেন সিধু।

লখিমপুর-কাণ্ডে যথাযথ পদক্ষেপ না-করার অভিযোগে শুক্রবার উত্তরপ্রদেশের যোগী সরকারকে বিঁধেছে সুপ্রিম কোর্ট। গোটা ঘটনায় সরাসরি আশিসের নাম জড়িয়েছে। এফআইআরে কৃষকদের অভিযোগ, শান্তিপূর্ণ আন্দোলনের মধ্যে গাড়ি নিয়ে ঢুকে পড়েন মন্ত্রীপুত্র। ঘটনার পর ৫ দিন কেটে গেলেও এখনও অধরা আশিস। শুক্রবার তাঁকে সমন পাঠিয়ে ডেকেছিল পুলিশ। কিন্তু তিনি গরহাজির। উত্তরপ্রদেশ সরকারের আইনজীবী সুপ্রিম কোর্টকে জানিয়েছেন, শনিবার সকাল ১১টায় আশিস মিশ্রকে আবার ডেকে পাঠানো হয়েছে। সে দিনও তিনি না এলে আইন মোতাবেক ব্যবস্থা নেওয়ার সুপারিশও করেছেন আইনজীবী সালভে। এর মধ্যে এদিন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী অজয় মিশ্রের ছেলে আশিস মিশ্রকে ডেকে জিজ্ঞাসাবাদ করা ও মন্ত্রীপুত্রকেও পুলিশি তদন্তে সামিল হয়ে সহযোগিতা করতে হবে। এই দাবি তুলে লখিমপুর-কাণ্ডে মৃত সাংবাদিক রামন কাশ্যপের বাড়িতে অনশনে বসলেন সিধু।

উল্লেখ্য, এর আগে বৃহস্পতিবার লখিমপুর খেরি যাওয়ার পথে উত্তরপ্রদেশ পুলিশের হাতে আটক হয়েছিলেন পঞ্জাবের কংগ্রেস নেতা। সঙ্গে আটক করা হয়েছিল তাঁর শ'দেড়েক সমর্থককেও। লখিমপুর খেরির উদ্দেশে সিধু এবং তাঁর সমর্থকদের যাত্রা শুরুর সময় হাজির ছিলেন পঞ্জাবের মুখ্যমন্ত্রী চরণজিৎ সিংহ চন্নী। ছিলেন কংগ্রেসের বেশ কিছু বিধায়কও। প্রসঙ্গত, লখিমপুরে কৃষক হত্যার প্রতিবাদে সোমবার চণ্ডীগড়ের রাজভবনের সামনেও ধর্নায় বসে আটক হয়েছিলেন সিধু। হিন্দুস্থান সমাচার /কাকলি

# 'সার্স কোভ-২' ভাইরাসের কোন কোন 'ভ্যারিয়েন্ট' সবচেয়ে বিপজ্জনক?

**ডা. প্রকাশ মল্লিক**

ভাইরাস ও করোনা ভাইরাস কী? ভাইরাস হচ্ছে জীবাণুদের মধ্যে সবচেয়ে ক্ষুদ্র গোষ্ঠী। ভাইরাসের একটা অদ্ভুত বৈশিষ্ট্য হচ্ছে এটা যখন কোনও উদ্ভিদ বা প্রাণীর দেহের মধ্যে থাকে তখন জীবের মতো আচরণ করে অর্থাৎ বংশবিস্তার করে। কিন্তু যখন কোনও জীবদেহের বাইরে থাকে তখন জড় পদার্থের মতো আচরণ করে অর্থাৎ বংশবিস্তার করে সংখ্যা বাড়াবারা ক্ষমতা থাকে না।

করোনা ভাইরাস কোনও একটা ভাইরাসের নাম নয়, বরং একটা ভাইরাস গোষ্ঠা বোঝায়। এদের দেখতে অনেকটা 'ক্রাউন' বা 'মুকুট' এর মতো। সেটাকে কেন্দ্র করে প্রসারিত হয়েছে অনেকগুলো 'স্পাইক' বা 'বর্শা'র মতো বাহু। ল্যাটিন শব্দ করোনা'র অর্থ হচ্ছে মুকুট, তাই এদের নাম করোনা ভাইরাস। মানুষের দেহে যে সাধারণ সর্দি-কাশি হয় তাও কিন্তু এক ধরনের করোনা ভাইরাস থেকে উৎপত্তি হয়। আবার প্রাণঘাতী অসুখ সার্স, মার্স -এর জন্য দায়ী অন্য ধরনের করোনা ভাইরাস। আর এখন যে করোনা ভাইরাস অতিমারি সৃষ্টি করে সারা বিশ্বকে আতঙ্কে রেখেছে তার নাম দেওয়া হয়েছে সার্স কোভ-২' আর রোগটার নাম দেওয়া হয়েছে 'কোভিড-১৯' (করোনা ভাইরাস ডিজিড-২০১৯) করোনা ভাইরাসের গঠন হয় কী দিয়ে?

করোনা ভাইরাসের মৌলিক উপাদান হচ্ছে রাইবো নিউক্লিক অ্যাসিড। এই আর এনএ যে কোনও জীবদেহেই থাকে। আমাদের শরীরের কোষের মধ্যে যে নিউক্লিয়াস ও সাইটোপ্লাজম রয়েছে সেখানেও আরএনএ-'র উপস্থিতি লক্ষ্য করা যায়। আরএনএ-কে দেখতে অনেকটা ঘোরানো সিঁড়ির মতো। করোনা ভাইরাসের আরএনএকে ঘিরে চক্রাকারে রয়েছে দ্বিস্তরীয় চর্বির আবরণ, যাকে বলে 'এনভেলপ'। তার উপর রয়েছে নানা ধরনের প্রোটিনের বর্ম।

করোনা ভাইরাসের নানা প্রজাতি-এখনও পর্যন্ত ৪৬ চা প্রজাতির করোনা ভাইরাসের অস্তিত্ব পাওয়া গেছে। তার মধ্যে মানুষের শরীর সংক্রমিত করে মাত্র ৭টা প্রজাতি। বাকিরা অন্য জীবজন্তুর দেহে সংক্রমণ সৃষ্টি করে। এই সাতটার মধ্যে চারটে মানবদেহে সাধারণ সর্দিকাশির জন্য দায়ী। সাধারণত শীতকালে বা অন্য সময়ে জ্বর, সর্দিকাশি, অল্প শ্বাসকষ্ট ইত্যাদি সাধারণ অসুখের জন্য এই চারটে ভাইরাস দায়ী। সাধারণত মানুষের কোনও প্রাণসংশয় এতে হয় না। বাকি তিনটে করোনা ভাইরাস প্রাণঘাতী অসুখ সার্স, মার্স, কোভিড-১৯ অসুখটা নিয়ে সারা পৃথিবী এখন থরহরি কম্পমান।

'মিউটেশন বা ডবল মিউট্যান্স' কাকে বলে?

যখন কোনও ভাইরাস মানুষ বা জীবের দেহে প্রবেশ করে তখন সে কোষের কাছে এসে তার প্রতিরূপ তৈরি করতে থাকে অর্থাৎ বংশবিস্তারে মন দেয়। এর ফলে তারা লাফিয়ে লাফিয়ে সংখ্যায় বাড়তে থাকে। কিন্তু এই প্রতিরূপর বা কার্বন কপি বানাবার সময় কিছু



ভাইরাসের প্রতিরূপ একটু ক্রুটিপূর্ণ হয়ে কিছুটা পরিবর্তিত হয়। একেই বাল হয় 'মিউটেশন'। ভাইরাসের মিউটেশন হওয়া ভিন্ন ভিন্ন রূপ 'ভ্যারিয়েন্ট' নামে, পরিচিত, সার্স কোভ-২ ভাইরাসের শয়ে শয়ে 'ব্যারিয়েন্ট' সারা পৃথিবীতে ছড়িয়ে পড়েছে। এদের মধ্যে উল্লেখ্যযোগ্য কয়েকটা হল বি.১.১.৭, পি.১, বি.১.৬১৭, বি.১.৩৫১ ইত্যাদি।

যখন কোনো ভাইরাসে দুধরনের মিউটেশন হয় এবং তারপর একত্রে মিলিত হয় তখন তাকে 'ডবল মিউটেশন' বলে। উদাহরণস্বরূপ সার্স কোভ-২ ভাইরাসের ভারতীয় ভ্যারিয়েন্ট (নাম বি. ১৬১৭) এর কথা বলা যেতে পারে। এদের দু'রকমের মিউটেশন হয় এবং মিউটেশন দুটোর নাম ই ৪৮৪ 'কিউ' এবং 'এল ৪৫২'। যার ফলে এরা আরও ভয়ঙ্কর হয়ে উঠেছে। রকমারি 'ভ্যারিয়েন্ট' কোনও ভাইরাসকে যখন আমরা টিকার মাধ্যমে ধ্বংস করার চেষ্টা করি, তখন সেও তার নিজের দেহের পরিবর্তন ঘটনো শুধু করে। কখনো এই মিউটেশনটা মানুষের পক্ষে ভালো আবার কখনো খুবই বিপজ্জনক রূপ নেয়। সার্স কোভ-২ ভাইরাসের অনেক ভিন্ন ভিন্ন রূপ (যাকে ভ্যারিয়েন্ট বলা হয়) সারা পৃথিবীতে ছড়িয়ে পড়েছে। বিজ্ঞানীরা এদের সংক্রমণের গতি, আচরণ, জেনেটিক কোভ ইত্যাদি পরীক্ষা করে দেখেছেন যে বর্তমানে কয়েকটি 'ভ্যারিয়েন্ট'-এর আচরণ খুবই বিপজ্জনক। এরা হল-

ইউ কে ভ্যারিয়েন্ট- বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্য অনুসারে এই ইউ কে ভ্যারিয়েন্টের প্রথম শনাক্তকরণ হয় ২০২০ সালের অক্টোবর মাসে, ব্রিটেনে। এর নাম দেওয়া হয়েছে বি.১.১.৭ এবং বিশ্বের প্রায় ১২৫টা দেশে এটা ছড়িয়ে পড়েছে। এর সংক্রমণ, ক্ষমতা সাধারণ সার্শ ছড়িয়ে পড়েছে। এর সংক্রমণ ক্ষমতা সাধারণ সার্স কোভ-২ ভাইরাসের থেকে প্রায় ৭৫ শতাংশ বেশি। অর্থাৎ এটা অনেক বেশি ছোঁয়াচে এবং খুব দ্রুত মানুষের মধ্যে ছড়িয়ে পড়ে। বর্তমানে কোভিড-১৯ এর যতগুলো টিকা বাজারে রয়েছে তার কোনোটাই এই 'ভওারিয়েন্টের' ওপর পুরোপুরি কার্যকরী নয়।

দক্ষিণ আফ্রিকা ভ্যারিয়েন্ট- এই ধরনের 'ভ্যারিয়েন্ট' গুলো প্রথম পাওয়া যায় ২০২০ সালের আগস্ট মাসে, দক্ষিণ আফ্রিকায়। এদের নাম বি.১.৩৫১, আর পৃথিবীর প্রায় ৭৫টা দেশের এর গতিবিধি দেখতে পাওয়া গেছে। এদের সংক্রমণ ক্ষমতা প্রায় ২০ থেকে ৫০ শতাংশ বেশি। দেখা গেছে কমরয়সীদের এটা বেশি আক্রমণ করছে এবং খুব দ্রুত তাদের শারীরিক অবস্থার অবনতি ঘটিয়ে দিচ্ছে।

ব্রাজিল ভ্যারিয়েন্ট- এদের অস্তিত্ব প্রথম নজরে আসে এই বছর জানুয়ারি মাসে। নাম দেওয়া হয়েছে পি.১, আর প্রায় ৪১টা দেশের এদের দৌরাত্ম্য দেখা যাচ্ছে। সাধারণ ভাইরাস থেএক প্রায় ২.২ গুণ বেশি ছোঁয়াচে এরা। দেখা গেছে, ছেলে-বুড়ো সবাইকেই এরা নিজেদের সংক্রমণ জালে সমানভাবে ছড়িয়ে ফেলে।

ইন্ডিয়ান ভ্যারিয়েন্ট- ভারতের মহারাষ্ট্রে প্রথম এর উপস্থিতি টের পাওয়া যায় ২০২০ সালের অক্টোবরে। তারপর বিভিন্ন রাজ্যে ছড়িয়ে পড়েছে। প্রথম দিকে একটু ঝিমিয়ে ছিল। কিন্তু এই বছর মার্চ-এপ্রিল থেকে প্রচণ্ড গতিতে ছড়াচ্ছে। 'ডাবল মিডট্যান্ট' হওয়ার জন্য এর সংক্রমণ প্রায় ২০ শতাংশ বেশি। বিশেষজ্ঞরা আরও বিস্তারিতক খোঁজ চালাচ্ছে এই ভ্যারিয়েন্টের (বি.১.৬১৭)।

বেঙ্গল ভ্যারিয়েন্ট- গত বছর অক্টোবর মাসে পশ্চিমবঙ্গে এটা প্রথম পাওয়া যায়। এর নাম বি.১.৬১৮ এবং এটা 'ট্রি পল মিডট্যান্ট'। অর্থাৎ তিন ধরনের মিউটেশন হয়ে এরা একত্রিত হয়। স্বাভাবিকভাবে এদের সংক্রমণ গতি অনেক দ্রুত হবে বলে আশঙ্কা করা হচ্ছে। তবে আরও তথ্য পাওয়ার জন্য খোঁজ চলছে।

অন্ধ্র প্রদেশ ভ্যারিয়েন্ট- মাত্র কিছুদিন আগে এর কথা শোনা গেল। নাম দেওয়া বি.১.৩৬ বা এন ৪৪০ কে এবং এটা ১০ থেকে ১৫ গুণ ছোঁয়াচে । তবে বিশেষজ্ঞরা আশ্বস্ত করছেন এই বলে যে, অন্ধপ্রদেশে এদের উপস্থিতি মাত্র ৫ শতাংশ । তাই চিন্তার কিছু নেই।

টিকা তৈরির পদ্ধতিঃ ভ্যাকসিন বা টিকা তৈরির মূল পদ্ধতি হচ্ছে জীবাণুর (ভাইরাস বা ভ্যাকটেরিয়া) দুর্বল প্রতিরূপ বা কার্বন কপি আমাদের শরীরে ঢুকিয়ে দেওয়া। টিকার ভাইরাসগুলো এতটাই দুর্বল থাকবে যে শরীরে পুরোপুরি সংক্রমণ তৈরি করতে পারবে না। আমাদের শরীরের প্রতিরক্ষা ব্যবস্থা তখন এই বহিরাগত ভাইরাসদের চিনে, এদের বিরুদ্ধে লড়াই করতে শিখবে। তারপর যখন আসল ও শক্তিশালী ভাইরাস শরীরকে আক্রান্ত করবে তখন শরীরের নিজস্ব রোগ প্রতিরোধী ব্যবস্থা আগের অভিজ্ঞতা থেকে সংক্রমণের বিরুদ্ধে লড়াই করবে। কিন্তু সব টিকা একই পদ্ধতিতে উৎপাদন করা হয় না। মোটামুটি চারটে পদ্ধতিতে প্রস্তুত করা হয়। কোভিড-১৯-এর জন্য বিভিন্ন দেশের যে টিকাগুলো অনুমোদন পেয়েছে বা পাওয়ারপ অপেক্ষায় রয়েছে, তারাও এই চারটে পদ্ধতি অনুসরণ 'কোভ্যাকসিন', রাশিয়ার 'কোভি ভ্যাক', চিনের 'করোনা ভ্যাক' ইত্যাদি।

২. ভাইরাল ভেক্টর ভ্যাকসিন-এই পদ্ধতিতে কোনো নিরাপদ ভাইরাসকে বেছে নিয়ে তার দেহের শুধু প্রোটিন অংশকে কাজে লাগানো হয় ওই ভ্যাকসিন আমাদের শরীরে প্রয়োগ করলে এর প্রোটিন অংশটা আমাদের শরীরের প্রতিরোধ ক্ষমতাকে বাড়িয়ে দেয় অথচ ভাইরাস কোনো বংশবৃদ্ধি করতে পারে না। ি ব ু ে ট ে ন ব. 'অক্সফোর্ট-অ্যাস্ট্রোজেনেকা' ভারতের 'কোভিশিল্ড' রাশিয়ার 'স্পুৎনিক-ভি', আমেরিকার 'জনসন্স অ্যান্ডজ জনসন' এই পদ্ধতিতে টিকা বানাচ্ছে।

৩. সাব ইউনিট ভ্যাকসিন- নামেই বোঝা যাচ্ছে এই ধরনের ভ্যাকসিনে পুরো ভাইরাসটা ব্যবহার করা হয় না। বদলে তার দেহের কোনও অংশকে বেছে নেওয়া হয়। সাধারণত প্রোটিন অংশটা ভ্যাকসিন হিসাবে ব্যবহার করা হয়। এই প্রোটিন টিকার মাধ্যমে আমাদের দেহে ঢুকে প্রতিরোধ ক্ষমতাকে জাগ্রত করে। আমেরিকার 'নোভাভ্যাক্স' ও কিউবার 'সবেরানা ০২' এই গোত্রের ভ্যাকসিন।

নিউক্লিক অ্যাসিড ভ্যাকসিন- এই ধরনের টিকাতে ভাইরাসের মধ্যে যে আর এনএ তাকেই কাজে লাগানো হয়। এটা টিকার মাধওমে দেহে প্রবেশ করে কোষগুলোর কাছে পৌঁছয় আর সেখানে গিয়ে বার্তা পাঠায়। অনেকটা বার্তাবাহকের মতো। সেই জন্য এরা 'মেসেঞ্জার আরএনএ' নামে পরিচিত। আমাদের কোষগুলো তখন প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলে। আ া ে ম বি. ক া ব. 'ফাইজার-বায়োএনটেক' ও 'মর্ডানা' এই পদ্ধতিতে ভ্যাকসিন তৈরি করেছে।

কোভিড-১৯ এর টিকাগুলো কতটা কার্যকরী-সারা পৃথিবী জুড়ে সার্স কোভ-২ ভাইরাসের হাজার হাজার 'ভ্যারিয়েন্ট' ঘুরে বেড়াচ্ছে। ভারতের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকেতর তথ্যানুসারে শুধুমাত্র এখানেই ৭৭১ রকমের 'ভ্যারিয়েন্ট' পাওয়া গেছে। এখন প্রশ্ন হচ্ছে, ভাইরাসের এই ভিন্ন ভিন্ন রূপের বিরুদ্ধে টিকাগুলো কি কার্যকর হবে? চিকিৎসা বিশেষজ্ঞরা বলছেন, এই আবিষ্কৃত টিকাগুলোর নতুন ভ্যারিয়েন্টর বিরুদ্ধেও কাজ করবে, তাকে পুরোপুরি নয়।

যেমন অক্সফোর্ড -অ্যাস্টোজনেকা (ভারতে যা কোভিশিল্ড নামে পরিচিত) এর তথ্য থেকে জানা যাচ্ছে, এটা ব্রিটেনের ভ্যারিয়েন্টের ওপর কার্যকরী তবে দক্ষিণ আফ্রিকার ভ্যারিয়েন্টের ওপর ততটা নয়। আবার মর্ডানার টিকা দক্ষিণ আফ্রিকার ভ্যারিয়েন্টের উপর খুব ভালো কাজ করছে কিন্তু সব মিলিয়ে এর প্রতিরোধ ক্ষমতা কম ও অল্পস্থায়ী। ফাইজার ভ্যাকসিনের তথ্য বলছে, এটা নতুন ভ্যারিয়েন্টের বিরুদ্ধে কাজ করবে তবে কার্যকারিতার শতাংশ কম। এবার আসি এখনও পর্যন্ত ভারতে তৈরি দুটো ভ্যাকসিনের কথায়। চিকিৎসা বিজ্ঞানীদের মতে 'কোভিশিল্ড' ও 'কোভ্যাকসিন' দুটোই সমান কার্যকরী হবে ভারতীয় ভ্যারিয়েন্টের ক্ষেত্রে। ভারত ছাড়াও কোভিশিল্ডের পরীক্ষা হয়েছে আফ্রিকা, ব্রাজিল, দক্ষিণ আমেরিকা প্রভৃতি জায়গায়। আর কোভ্যাকসিনের পরীক্ষা হয়েছে শুধু ভারতের মধ্যে। কিন্তু এদের সবার পরীক্ষাই এই বছরের ফেব্রুয়ারির মধ্যে শেষ হয়। ফলে এখনকার রূপান্তরিত হওয়া শক্তিশালী ভাইরাসের বিরুদ্ধে এরা কত শতাংশ কার্যকরী হবে তা জানতে কিছুদিন সময় লাগবে।

(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)

# শেষের সে দিন

**অম্লানকুসুম চক্রবর্তী**

সোমবার রাত ন'টা। গাদাগাদি বাসে ঝুলে বাড়ি ফেরার সময়টা ঈশ্বর তেমনই বেঁধে দিয়েছেন। অফিস ফেরত। নাগরিক ক্লান্তিতে এ সময়টা রোজই বাড়িকে চাই। এমন সময় ফোনে ভাইরেশন সহ কাতরধ্বনি। হাউহাউ করে উঠল স্কুলজীবনের বন্ধু। ওরা বাবা কিডনির অসুখে ভুগছিলেন বেশ কয়েক মাস সর্বনাশ। মন প্রমাদ গুনল। কিছু বলার আগেই হোসপাইপের জলের মতো ও-প্রান্ত থেকে যা ভেসে এল তা হল, ফেসবুকটা চলছে না রে। কী হবে এখন আমি বলে উঠলাম। সে কী রে ফেসবুক চলছে না। এ আবার হয় নাকি। ভিড়ে ঠাসা বাসে আমার কথা ছড়িয়ে পড়ল দাবানলের মতো। সর্বনাশ সে কী কেলেংকারি জাতীয় কথার অনুরণন করা শুরু করে দিল বাসের অন্তর অন্দর ভারতীয় সময় সোমবার রাত ন'টা থেকে প্রায় ঘন্টা ছয়েক ফেসবুক ব্যবহার করতে পারেনি। ব্যবহারকারীরা। শুধু ফেসবুক নয়, একই সমস্যায় বিকল হয়েছে হোয়াটসঅ্যাপ, ইনস্টাগ্রামাও। চকিতে তৈরি হয়েছে কয়েক লক্ষ মিম, তামাম দুনিয়ায়। লোকেরা বলেছে—জুকার পোড়ে। গেটস হাসে। অক্ষর পরিচয় হওয়া শিশুরাও জানে এই তিনটি প্রবল জনপ্রিয় অ্যাপেরই মালিক মার্ক জুকারবার্গ। ফেসবুকটি তিনি তৈরি করেছেন, বাকিগুলো বাগিয়েছেন। ফলে মুহূর্তের মধ্যে ভিড় উপচে পড়েছে টুইটার। সাধারণের ধারণা, টুইটার বিল গেটস-এর সন্তান, কিন্তু আদতে টুইটারের মালিক জ্যাক ডোরসে, নোয়াহ গ্লাস, বিজ স্টোন, ইভান উইলিয়ামস । এফরি ইনস্টা বন্ধ হল কেন তার জন্য লোকেরা প্রশ্ন বমি করেছে পাত্রে। কোনও মিম দেখিয়েছে— এক কপাল বলিরেখা নিয়ে ট্রান্সমিটারের ফিউজ বদাচ্ছেন জুকারবাবু। বদ্ধ কুঠুরির ঘুলঘুলি দিয়ে তাঁর দিকে তাকিয়ে আছেন গোটসসাহেব। মুখে যুদ্ধজয়ের হাসি। এতটা সময় সোশ্যাল মিডিয়া বা ইন্টারনেটে কাটিয়েও মানুষ কিন্তু এ খবরটি জানে না যে তাদের ব্যবহৃকৃত সোশ্যাল সাইটের আবিষ্কারক বা মালিককে। এদিকে মিমের বন্যা। অন্য মিম দেখিয়েছে— টুইটার লেখা ট্রেনে বাদুড়ঝোলা হয়ে রয়েছে আম আদমি বাহারি ভাষায় নেটিজেন। দূরে লাইনচ্যুত বগির মতো পড়ে রয়েছে ফেসবুক ও হোয়াটসঅ্যাপ লেখা ট্রেনের ফার্স্ট ক্লাস কামরা।

কেন এমন হল কথার পরে জিজ্ঞাসাচিহ্নটা বড় হয়ে আকাশ ছুঁতে হয়তো সময় লেগেছে কয়েক মাইক্রো সেকেন্ড। এর থেকে বড় আশ্চর্যের বিষয় পৃথিবীতে যেন আর দু'টি নেই। বেশ কয়েক ঘন্টা মুখে কুলুপ লাগিয়ে বসে থাকার পর ফেসবুক কর্তৃপক্ষ যুক্তি দিয়েছে--- ভুল হয়ে গিয়েছে বিলকুল। ব্যাকবোন রাউটরের কনফিগারেশনে কিছু গন্ডগোলের জন্যই নাকি এমন বিপত্তি। এন্ড ইউজার অর্থাৎ ব্যবহারকারীদের সঙ্গে কোনও সামাজিক মাধ্যমের



তথ্যভাণ্ডারের যোগাযোগ গড়ে তোলার জন্য ঝড় ভূমিকা নেয় এই ব্যাকবোন রাউটার। আরও নানা টেকনিক্যাল শব্দ উড়েছে এদিকে ওদিকে যার মানে হয়তো আইটি পড়া ভাইটি বোঝেন। রাউটারের মানে বোধগম্য না হলেও সাধারণ মানুষ একটি জিনিস বুঝে গিয়েছে দিব্যি। কয়েক ঘণ্টা ফেসবুক কিংবা হোয়াটসঅ্যাপ না করতে পারায় সমাজের ব্যাকবোনটিই ভেঙে গিয়েছে যেন। এক বন্ধুর আকুতি ঝরে পড়ছিল ফোনে। শুনলাম, সারারাত খেতে পারেনি কিছু। আরে ফেসবুকের লিঙ্কটা ইউজ করে অর্ডার দিচ্ছিলাম। ঘেঁটে গেল সবকিছু পেটে কিল মেরে বসেছিলাম। একটু যে নিজের নজন্য কিছু বানিয়ে নেব, ইচ্ছে করছিলা না মোটে। ফেসবুক শপিংয়ে অভ্যস্ত অনেকেরই ভর্তি হওয়া কার্ট উড়েছিল কর্পূরের মতো।

এই গেল গেল বলে মোবাইল আলো হাঁপিয়েছে যত লোকেরা ব্যগ্র হয়েছে যত, মনোবিদদের কপালও তত কুঁচকেছে। সামাজিক মাধ্যমের উপরে এই হামলে পড়া এবং তার সাময়িক অনুপস্থিতিতে আম আদমির খাবি খাওয়া— এ ব্যাপারটা মেনে নিতে পারছে না তাদরে একাংশ তারা বলছে—ফেসবুক হোয়াটসঅ্যাপে বুঁদ হয়ে থাকার জন্য যে সময়টা আমরা বরাদ্দ করি সারদিন, মোবইলের স্ক্রিনে মুখ গুঁজে থাকি, সেই সময়েটার থেকে নিষ্কৃত পাওয়াকে ছুটির মতো করে ভাবতে কেন শিখলাম না আমরা? একটি আন্তর্জাতিক সমীক্ষা অনুযায়, ২০২০ সালে গড়ে দিনে ২ ঘন্টা ২৪ মিনিট করে সময় দিয়েছে একজন নেটিজেন, সামাজিক মাধ্যমে। বলা বাহুল্য, এর সিংহভাগই দখল করে ছিল ফেসবুক। আজও আছে। অন্য একটি সমীক্ষা জানান দেয়, এখজন ভারতীয় প্রতি মাসে হোয়াটসঅ্যাপে খরচ করে ২১.৩ ঘণ্টা। প্রতি বছরের হিসাব তার আগের বছরের সংখ্যাকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে কলার তোলে। মনোবিদরা বলছেন, এই বাইনারি বেঁচে থাকায় মাত্র সিকিদিনের ছেদ পড়লেও মানুষের ধৈর্যের বাঁধ কীভাবে ভাঙতে পারে, সোমবারের ফেসবুক বিপর্যয় তা চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিল। ফেসবুক কিংবা হোয়াটঅ্যাপবিহীন কয়েকটা ঘন্টা নিয়ে ব্লগ লিখে ফেলেছে বেশ কিছু মানুষ। অনেকে হয়তো জম্পেশ করে লেখার প্রস্তুতি চালিয়ে যাচ্ছে এখনও বিশ্বজুড়ে। একজন লিখেছেন, চিন্তায় ঘুম আসেনি সারারাত। শুধু আমার নয়, আমার স্ত্রীরও। বুকের মধ্যে তখন যে উথাপপাথাল হয়েছিল, তা নিয়ে এমন ব্লগে এর পরে খেলা করেছে কয়েকশো শব্দ। (সৌজন্যে-সংবাদ প্রতিদিন)

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।



বকেয়া বিল ও পুজো অ্যাডভান্সের দাবিতে অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকাদের পথ অবরোধ। ছবি-নিজস্ব।

## শান্তি ও যুদ্ধের সময় বারবার নিজেদের দক্ষতা প্রমাণ করেছে বায়ুসেনা : রাষ্ট্রপতি

নয়াদিল্লি, ৮ অক্টোবর (হি.স.): প্রতিষ্ঠা দিবসে ভারতীয় বায়ুসেনাকে কুর্নিশ জানালেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। ৮৯ তম প্রতিষ্ঠা দিবসে ভারতীয় বায়ুসেনাকে শুভেচ্ছা জানিয়ে টুইট করে রাষ্ট্রপতি জানিয়েছেন, নানা সময়ে এবং শান্তি ও যুদ্ধের সময় বারবার নিজেদের দক্ষতা প্রমাণ করেছে বায়ুসেনা। শুক্রবার ভারতীয় বায়ুসেনার ৮৯ তম প্রতিষ্ঠা দিবস। প্রতি বছর ৮ অক্টোবর দিনটি বায়ুসেনা দিবস হিসেবে পালিত হয়।

এদিন সকালে টুইট করে রাষ্ট্রপতি জানিয়েছেন, 'বায়ুসেনা দিবসে বিমান যোদ্ধা ও তাঁদের পরিবারকে শুভেচ্ছা। ভারতীয় বায়ুসেনার জন্য দেশ গর্বিত। নানা সময়ে এবং শান্তি ও যুদ্ধের সময় বারবার নিজেদের দক্ষতা প্রমাণ করেছে বায়ুসেনা। আমি নিশ্চিত শ্রেষ্ঠত্বের মান এভাবেই বজায় রাখবে ভারতীয় বায়ুসেনা।' প্রসঙ্গত, এদিন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও বায়ুসেনাকে শুভেচ্ছা জানিয়েছেন।

## উৎসাহ ও সহনশীলতার সঙ্গে চ্যালেঞ্জ মোকাবিলায় বিমান যোদ্ধাদের জন্য গর্বিত : প্রতিরক্ষা মন্ত্রী

নয়াদিল্লি, ৮ অক্টোবর (হি.স.): ভারতের দুর্জয় বাহিনী ভারতীয় বায়ুসেনাকে প্রতিষ্ঠা দিবসে শুভেচ্ছা জানালেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ। ৮৯ তম প্রতিষ্ঠা দিবসে বায়ুসেনাকে কুর্নিশ জানিয়ে রাজনাথ সিং জানিয়েছেন, উৎসাহ ও সহনশীলতার সঙ্গে বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলায় আমাদের বিমান যোদ্ধাদের জন্য গর্বিত। শুক্রবার ভারতীয় বায়ুসেনার ৮৯ তম প্রতিষ্ঠা দিবস। প্রতি বছর ৮ অক্টোবর দিনটি বায়ুসেনা দিবস হিসেবে পালিত হয়।

এদিন সকালে টুইট করে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং জানিয়েছেন, 'এই অদম্য শক্তির ৮৯ তম প্রতিষ্ঠা দিবসে সমস্ত বায়ুসেনা কর্মী এবং তাদের পরিবারকে শুভেচ্ছা ও উষ্ণ অভিনন্দন। দেশের সেবায় অবিচল এবং উৎসাহ ও সহনশীলতার সঙ্গে সমস্ত চ্যালেঞ্জ মোকাবিলায় আমাদের বিমান যোদ্ধাদের জন্য গর্বিত।'

## দিল্লিতে ফ্যাব্রিকের গোডাউনে বিধ্বংসী আগুন, ক্ষয়ক্ষতি প্রচুর

নয়াদিল্লি, ৮ অক্টোবর (হি.স.): রাজধানী দিল্লিতে ফের অগ্নিকাণ্ড! এবার আগুন লাগল দিল্লির ওখলা ফেস ২-এর হরকেশ নগর এলাকায় অবস্থিত একটি ফ্যাব্রিক গোডাউনে। শুক্রবার ভোররাত ৩.৪৫ মিনিট নাগাদ ওই ফ্যাব্রিকের গোডাউনে আগুন লাগে। গোডাউনের ভিতরে প্রচুর পরিমানে দাহ্য পদার্থ মজুত থাকায় আগুন দ্রুত ছড়িয়ে পড়ে। সম্পূর্ণ গোডাউনটি আগুনের লেলিহান শিখার কবলে চলে যায়।

এরইমধ্যে ভোর চারটে নাগাদ খবর দেওয়া হয় দমকলে। অগ্নিকাণ্ডের খবর পাওয়া মাত্রই আগুন নেভাতে আসে দমকলের মোট ১৮টি ইঞ্জিন। ততক্ষণে গোডাউনটি পুরোপুরি পুড়ে যায়। দমকল কর্মীদের দীর্ঘ সময়ের প্রচেষ্টায় সকালে আগুন নিয়ন্ত্রণে এসেছে। এই অগ্নিকাণ্ডে হতাহতের কোনও খবর নেই। তবে, প্রচুর ক্ষয়ক্ষতি হয়েছে, গোডাউনের ভিতরে থাকা প্রায় সব কিছুই পুড়ে গিয়েছে। কীভাবে আগুন লাগল, তা খতিয়ে দেখছেন দমকল কর্মীরা।

## রেপো রেট ফের অপরিবর্তিত, ৩.৩৫ শতাংশেই থাকল রিভার্স রেপো রেট

মুম্বই, ৮ অক্টোবর (হি.স.): রেপো রেট (যে সুদের হারে বাণিজ্যিক ব্যাঙ্কগুলিকে ঋণ দেয় রিজার্ভ ব্যাঙ্ক) পুনরায় অপরিবর্তিত রাখল রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (আরবিআই), অপরিবর্তিত রাখা হয়েছে রিভার্স রেপো রেটও। অপরিবর্তিত থাকার পর বর্তমানে রেপো রেট ৪ শতাংশ এবং রিভার্স রেপো রেট ৩.৩৫ শতাংশ। শুক্রবার আরবিআই গভর্নর শক্তিকান্ত দাস জানিয়েছেন, সামঞ্জস্যপূর্ণ অবস্থান বজায় রাখার জন্য রেপো রেট ৪ শতাংশে অপরিবর্তিত রাখা হয়েছে। একইসঙ্গে আরবিআই গভর্নর জানিয়েছেন, ২০২১-২২ অর্থবর্ষে জিডিপি বৃদ্ধি ৯.৫ শতাংশ অনুমান করা হয়েছে। সিপিআই মুদ্রাস্ফীতি ২০২২ অর্থবছরের জন্য ৫.৩ শতাংশ অনুমান করা হয়েছে। ভারতীয় অর্থনীতি ধীরে ধীরে পুনরুদ্ধার হচ্ছে বলেও জানিয়েছেন আরবিআই গভর্নর। তিনি মনে করছেন, ভারতীয় অর্থনীতি স্বাভাবিক সময়ের দিকে অগ্রসর হচ্ছে।

## ইসলামপুরে প্রকাশ্যে তৃণমূল নেতাকে গুলি করে খুন, চাঞ্চল্য এলাকায়

ইসলামপুর, ৮ অক্টোবর (হি. স.) : উত্তর দিনাজপুরের ইসলামপুরে বিঙ্কুয়া এলাকায় প্রকাশ্যে তৃণমূল নেতাকে গুলি করে খুন করল দুষ্কৃতীরা। ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। অভিযোগের আঙুল উঠছে সিপিএমের বিরুদ্ধে। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ইসলামপুর মহকুমা হাসপাতালে পাঠিয়েছে। একইসঙ্গে দুষ্কৃতীদের খোঁজে শুরু হয়েছে তল্লাশি অভিযান।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃতের নাম এক্রামূল হক। ইসলামপুরের বন্দীরামগছ গ্রামের বাসিন্দা ওই ব্যাক্তি আগডিমটিখুন্তি গ্রাম পঞ্চায়েতের এক পঞ্চায়েত সদস্যার স্বামী। শুক্রবার বিকেলে তিনি ইসলামপুরের রিঙ্কুয়া বাজারে আসেন। সেখানেই বাইকে চেপে এসে তিন দুস্কৃতী তাঁকে গুলি করে চম্পট দেয়। পিঠে গুলি লাগে এক্রামূলের। বাইক থেকে ছিটকে পড়েন তিনি। ঘটনাস্থলেই প্রাণ হারান। স্থানীয়রা তাঁকে রক্তাক্ত অবস্থায় পড়ে থাকতে দেখে খবর দেয় পুলিশে। তড়িঘড়ি কর্মীদের নিয়ে ঘটনাস্থলে পৌঁছন আধিকারিকরা। যদিও তৃণমূল জেলা সভাপতি কানাইয়ালাল আগরওয়ালের মতে, পারিবারিক বিবাদের জেরে খুন হয়েছেন ওই তৃণমূল নেতা। হিন্দুান সমাচার / সোনালি

## সাহস, অধ্যবসায় ও পেশাদারিত্বের সমার্থক ভারতীয় বায়ুসেনা : প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ৮ অক্টোবর (হি.স.): ভারতীয় বায়ুসেনার ৮৯ তম প্রতিষ্ঠা দিবসে "সাহসী বাহিনী"-কে শুভেচ্ছা জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শুভেচ্ছা-বার্তায় প্রধানমন্ত্রী জানিয়েছেন, 'সাহস, অধ্যবসায় ও পেশাদারিত্বের সমার্থক হল ভারতীয় বায়ুসেনা।' টুইট করে প্রধানমন্ত্রী লিখেছেন, 'বায়ুসেনা দিবসে আমাদের বিমান যোদ্ধা ও তাঁদের পরিবারকে শুভেচ্ছা জানাই।'

প্রতিবছর ৮ অক্টোবর দিনটি বায়ুসেনা দিবস হিসেবে পালিত হয়। ভারতীয় বায়ুসেনা বিশ্বের চতুর্থ বৃহত্তম অপারেশনাল বিমান বাহিনী। শুক্রবার সকালে টুইট করে প্রধানমন্ত্রী জানিয়েছেন, "সাহস, অধ্যবসায় ও পেশাদারিত্বের সমার্থক হল ভারতীয় বায়ুসেনা। চ্যালেঞ্জের সময় দেশকে রক্ষা করায় ও মানবিক চেতনায় নিজেদের স্বতন্ত্র করে তুলেছে বায়ুসেনা।' প্রধানমন্ত্রী ছাড়াও বায়ুসেনা দিবসে শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং প্রমুখ।

## এই নিয়ে পরপর ৪-দিন, পেট্রোল ও ডিজেলের দাম বেড়েই চলেছে

নয়াদিল্লি, ৮ অক্টোবর (হি.স.): এই নিয়ে পরপর ৪-দিন, পেট্রোল ও ডিজেলের দাম বেড়েই চলছে। শুক্রবার দিল্লি ও কলকাতা-সহ দেশের সর্বত্রই দামি হয়েছে পেট্রোল ও ডিজেল। মূল্যবৃদ্ধির পর কলকাতায় পেট্রোলের দাম বেড়ে হয়েছে ১০৪.২৩ টাকা এবং ডিজেলের দাম বেড়ে হয়েছে ৯৫.২৩ টাকা প্রতি লিটার। শুক্রবার পেট্রোল ও ডিজেলের দাম বেড়েছে দিল্লি, মুম্বই এবং চেন্নাইতেও। দিল্লিতে ০.৩০ পয়সা বাড়ার পর পেট্রোলের দাম এখন ১০৩.৫৪ টাকা প্রতি লিটার এবং ০.৩৫ পয়সা বাড়ার পর ডিজেলের দাম ৯২.১২ টাকাঊ

পাশাপাশি মুম্বইয়ে ০.২৯ পয়সা বেড়েছে পেট্রোলের দাম এবং ০.৩৭ পয়সা বেড়েছে ডিজেলের দামঊ মুম্বইয়ে পেট্রোল-ডিজেলের নতুন দাম, যথাক্রমে ১০৯.৫৪ টাকা প্রতি লিটার (পেট্রোল) এবং ৯৯.৯২ টাকা প্রতি লিটার (ডিজেল)ঊ চেন্নাইয়ে পেট্রোলের বর্ধিত দাম ১০১.০১ টাকা এবং খানিকটা মূল্যবৃদ্ধির পর ডিজেলের ৯৬ টাকা। বিগত কয়েকদিন ধরে দেশে লাগাতার বাড়ছে পেট্রোল ও ডিজেলের দাম। বাড়তে বাড়তে দেশে রেকর্ড উচ্চতায় পৌঁছে গিয়েছে দুই জ্বালানি তেলের মূল্য।

## বৃহস্পতিতে টিকা পেলেন ৫০-লক্ষ প্রাপক, ভারতে ৯৩.১৭-কোটির ঊর্ধ্বে টিকাকরণ

নয়াদিল্লি, ৮ অক্টোবর (হি.স.): ভারতে ৯৩.১৭-কোটির গণ্ডি ছাড়িয়ে গেল করোনাভাইরাসের টিকাকরণ। দেশব্যাপী টিকাকরণ অভিযানে বিগত ২৪ ঘন্টায় করোনার ভ্যাকসিন পেয়েছেন ৫০.১৭-লক্ষের বেশি প্রাপক। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, শুক্রবার সকাল আটটা পর্যন্ত মোট ৯৩ কোটি ১৭ লক্ষ ১৭ হাজার ১৯১ জনকে ভ্যাকসিন দেওয়া হয়েছে। বিগত ২৪ ঘন্টায় টিকা দেওয়া হয়েছে ৫০ লক্ষ ১৭ হাজার ৭৫৩ জনকে। ভারতে ৫৮.০০-কোটির ঊর্ধ্বে পৌঁছে গেল করোনা-পরীক্ষার সংখ্যা। শুক্রবার সকালে ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ৭ অক্টোবর সারা দিনে ভারতে ১৩,৮৫,৭০৬ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। সবমিলিয়ে ভারতে করোনা-টেস্টের সংখ্যা ৫৮,০০,৪৩,১৯০-এ পৌঁছে গিয়েছে। পরীক্ষিত ১৩,৮৫,৭০৬ জনের মধ্যে বিগত ২৪ ঘন্টায় ভারতে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হয়েছেন ২১ হাজার ২৫৭ জন।

## রণজিৎ হত্যা মামলা : সিবিআই আদালতে দোষীসাব্যস্ত রাম রহিম-সহ ৫ জন

চন্ডীগড়, ৮ অক্টোবর (হি.স.): রণজিৎ সিং হত্যা মামলায় বিশেষ সিবিআই আদালতে দোষীসাব্যস্ত হলেন ডেরা সাচ্চা সৌদা প্রধান গুরমীত রাম রহিম সিং। রাম রহিম ছাড়াও শুক্রবার আরও ৪ জনকে ডেরা ভক্ত রণজিৎ সিং হত্যা মামলায় দোষীসাব্যস্ত করেছে হরিয়ানার পাঁচকুলার বিশেষ সিবিআই আদালত। সাজা ঘোষণা হবে আগামী ১২ অক্টোবর (মঙ্গলবার)।

ডেরা ভক্ত রণজিৎ সিং হত্যা মামলায় অভিযুক্ত গুরমীত রাম রহিম সিং ও আরও ৪ জনকে শুক্রবার দোষীসাব্যস্ত করেছেন হরিয়ানার পাঁচকুলার বিশেষ সিবিআই আদালতের বিচারপতি সুশীল গর্গ। সাজা ঘোষণা হবে ১২ অক্টোবর। প্রসঙ্গত, ধর্ষণের মামলায় এই মুহূর্তে জেলে রয়েছেন গুরমীত রাম রহিম সিং।

## লিজ ট্রুসের সঙ্গে বার্তালাপ জয়শঙ্করের, ভারত-ব্রিটেন ভ্রমণ নিয়ে হয়েছে আলোচনা

নয়াদিল্লি, ৮ অক্টোবর (হি.স.): ব্রিটেনের বিদেশ সচিব লিজ ট্রুসের সঙ্গে কথা বলেন ভারতের বিদেশ মন্ত্রী এস জয়শঙ্কর। শুক্রবার ব্রিটেনের বিদেশ সচিবের সঙ্গে কথা বলেছেন এস জয়শঙ্কর। ভারত ও ব্রিটেনের মধ্যে মধ্যে ভ্রমণ নিয়ে আলোচনা হয়েছে দু"জনের মধ্যে। পাশাপাশি আরও বেশ কিছু বিষয়ে তাঁরা কথা বলেছেন। এস জয়শঙ্কর নিজেই টুইট করে জানিয়েছেন, ব্রিটেনের বিদেশ সচিব লিজ ট্রুসের সঙ্গে কথা হয়েছে। আমাদের দুই দেশের মধ্যে ভ্রমণ সহজতর করা নিয়ে সম্মত হয়েছি। এটি রোডম্যাপ ২০৩০ বাস্তবায়নে সহায়তা করবে।

প্রসঙ্গত, কোভিড বিধিনিষেধের কড়াকড়ি কিছুটা শিথিল করেছে ব্রিটেন। সোমবার থেকে ভারতীয় যাত্রীদের জন্য চালু হচ্ছে নতুন নিয়ম। যে ভারতীয়রা কোভিশিল্ডের দু'টি টিকা পেয়েছেন, ব্রিটেনে আসার পর আর তাঁদের ১০ দিনের নিভৃতবাসে থাকতে হবে না। সোমবার থেকে এই নিয়ম উঠে যাচ্ছে। বৃহস্পতিবার এই নিয়ে টুইটও করেছেন ভারতে ব্রিটেনের রাষ্ট্রদূত এলেক্স এল্লিস। এমতাবস্থায় ব্রিটেনের বিদেশ সচিব লিজ ট্রুসের সঙ্গে কথা বলেন ভারতের বিদেশ মন্ত্রী এস জয়শঙ্কর।

# ভারতে আরোগ্যের হার ৯৭.৯৬ শতাংশ ২৭১ বেড়ে মোট মৃত্যু ৪.৫০-লক্ষাধিক

নয়াদিল্লি, ৮ অক্টোবর (হি.স.): ভারতে আগের দিনের তুলনায় খানিকটা কমে গেল দৈনিক করোনা-আক্রান্তের সংখ্যা, নিয়ন্ত্রণের মধ্যে রয়েছে মৃত্যুর সংখ্যাও। বিগত ২৪ ঘণ্টায় ভারতে নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ২১ হাজার ২৫৭ জন। গত ২৪ ঘণ্টায় কোভিডে মৃত্যু হয়েছে ২৭১ জনের। বৃহস্পতিবার সারাদিনে ভারতে করোনা-মুক্ত হয়েছেন ২৪,৯৬৩ জন, ফলে ভারতে এই মুহূর্তে মোট সুস্থতার হার ৯৭.৯৬ শতাংশ। ভারতে এই মুহূর্তে মোট চিকিৎসাধীন করোনা-রোগীর সংখ্যা ২,৪০,২২১ জন, বিগত ২৪ ঘন্টায় রোগীর সংখ্যা কমেছে ৩,৯৭৭ জন, ২০৫ দিনের মধ্যে সর্বনিম্ন সক্রিয় রোগীর সংখ্যা। বিগত ২৪ ঘন্টায় দেশে কোভিড টেস্টের সংখ্যা ১৩,৮৫, ৭০৬।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে ২১,২৫৭ জন সংক্রমিত হওয়ার পর দেশে মোট করোনা-আক্রান্তের সংখ্যা বেড়ে হল ৩ কোটি ৩৯ লক্ষ ১৫ হাজার ৫৬৯ জন। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.৭১ শতাংশ রোগী চিকিৎসাধীন রয়েছেন। ভারতে ৯৩.১৭-কোটির গণ্ডি ছাড়িয়ে গেল কোভিড-টিকাকরণ, কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, শুক্রবার সকাল আটটা পর্যন্ত মোট ৯৩ কোটি ১৭ লক্ষ ১৭ হাজার ১৯১ জনকে ভ্যাকসিন দেওয়া হয়েছে। বিগত ২৪ ঘন্টায় টিকা দেওয়া হয়েছে ৫০ লক্ষ ১৭ হাজার ৭৫৩ জনকে।

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় ২৭১ জনের মৃত্যুর পর ভারতে কোভিড-১৯ ভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে হল ৪,৫০,১২৭ জন (১.৩৩ শতাংশ)। ভারতে সুস্থতার সংখ্যা স্বস্তি দিয়ে বেড়েই চলেছে, বৃহস্পতিবার সারা দিনে ভারতে করোনা-মুক্ত হয়েছেন ২৪,৯৬৩ জন। ফলে শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৩,৩২,২৫,২২১ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৭.৯৬ শতাংশ।

# পুলিশি তলব এড়িয়ে গেলেন লখিমপুর কাণ্ডে অভিযুক্ত আশিস মিশ্র

লখনউ, ৮ অক্টোবর (হি.স) : লখিমপুর খেরি কাণ্ডে নয়া মোড়। পুলিশি তলব এড়িয়ে গেলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী অজয় মিশ্রের অভিযুক্ত ছেলে আশিষ মিশ্র। বৃহস্পতিবার লখিমপুর কাণ্ডে পূর্ণাঙ্গ রিপোর্ট পাঠাতে উত্তরপ্রদেশ পুলিশকে নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট। তারই প্রেক্ষিতে শুক্রবার অভিযুক্ত অজয় মিশ্রকে থানায় তলব করে পুলিশ। কিন্তু এদিন দীর্ঘক্ষণ পুলিশ আধিকারিকেরা তাঁর অপেক্ষায় বসে থাকলেও অজয় মিশ্র থানায় আসেননি বলে অভিযোগ। তবে সূত্রের খবর, এদিন সকালে পুলিশি তলব এড়িয়ে গেলেও চাপের মুখে পড়ে লখিমপুর থানার ক্রাইম ব্র্যাঞ্চে হাজিরা দিতে পারেন অভিযুক্ত আশিস মিশ্র।

উত্তরপ্রদেশ সরকারের পুলিশ কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী অজয় কুমার মিশ্রের বাড়ির বাইরে নোটিশ সাঁটিয়েছে। নোটিশে স্পষ্ট বলা হয়েছে মন্ত্রী পুত্র আশিসকে শুক্রবার হাজিরা দিতে হবে। নোটিশে লেখা রয়েছে, আশিস মিশ্রকে শুক্রবার সকাল ১০ টায় লখিমপুর খেরির রিজার্ভ পুলিশ লাইনের ক্রাইম ব্রাঞ্চ অফিসে হাজিরা দিতে হবে। এর পাশাপাশি লখিমপুর খেরি কৃষক হত্যার ঘটনায় মন্ত্রী পুত্র আশিস এবং অন্যদের বিরুদ্ধে মামলায় উত্তরপ্রদেশ পুলিশ ডিআইজি (সদর দপ্তর) উপেন্দ্র আগরওয়ালের নেতৃত্বে ৯ সদস্যের মনিটরিং কমিটিও গঠন করেছে।

উল্লেখ্য, লখিমপুর খেরিতে কৃষক হত্যাকাণ্ড নিয়ে শুনানির আগে উত্তরপ্রদেশ সরকারকে স্টেটাস রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। লখিমপুর খেরিতে কৃষক হত্যাকাণ্ডের ঘটনায় কারা অভিযুক্ত? কাদের নামে এফআইআর দায়ের হয়েছে শুনানির সময় সেবিষয়ে জানতে চেয়েছিল আদালত। স্টেটাস রিপোর্ট জমা দেওয়া হবে, সুপ্রিম কোর্টে এমনটাই জানাল উত্তরপ্রদেশ সরকার।

# ৭ হাজার ভুয়ো মাদ্রাসার দুর্নীতিতে ব্রেক কষেছে যোগী সরকার : মহসিন রাজা

লখনউ, ৮ অক্টোবর (হি.স.): উত্তর প্রদেশে যোগী আদিত্যনাথ সরকারের শাসনের সাড়ে চার বছরেরও বেশি সময় অতিক্রান্ত। নির্বাচনের জন্য প্রস্তুতি নিচ্ছে বিজেপি। ২০১৭ সালে বিজেপির সংকল্প পত্রের প্রতিশ্রুতির কী হল? তালিবান ইস্যুতে সরকার কী ভাবছে? হিন্দুত্বের মুখ যোগী আদিত্যনাথ সরকার মুসলমানদের নিয়ে কী ভাবছে? বিরোধীদের মোকাবিলায় কী পরিকল্পনা রয়েছে? সরকার কতটা প্রস্তুত? এই সমস্ত বিষয়ে, যোগী সরকারের সংখ্যালঘু উন্নয়ন প্রতিমন্ত্রী মহসিন রাজা হিন্দুস্থান সমাচারের সঙ্গে কথা বলেছেন। কথোপকথনের মুখ্য বিষয়:-

প্রশ্ন : আপনাদের সরকারের সাড়ে ৪ বছর পূর্ণ হয়েছে। বিজেপি নির্বাচনের জন্য প্রস্তুতি নিচ্ছে। কোন প্রাপ্তি নিয়ে জনগণের কাছে যাবেন। জনগণকে কী বলবেন?

উত্তর: জনগণ সবকিছু জানেন। ২০১৭ সালে জনগণকে যে সমস্ত প্রতিশ্রুতি দিয়েছিলাম আমরা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে এবং উত্তর প্রদেশে যোগী আদিত্যনাথের নেতৃত্বে বিজেপি তা সম্পন্ন করেছে। যোগী আদিত্যনাথের নেতৃত্বে এই সাড়ে চার বছরে অভূতপূর্ব কাজ করেছে বিজেপি সরকার। পূর্ববর্তী সমাজবাদী পার্টি ও বহুজন সমাজ পার্টির সরকারের সময় তা হয়নি। আমরা গ্রাম, দরিদ্র, কৃষক, নারী, সম্মান, নিরাপত্তা, শিক্ষা এবং উন্নয়নের স্বার্থে কাজ করেছি। জনগণ সমস্ত কিছু দেখছে। দেড় বছর ধরে গোটা বিশ্ব করোনার প্রকোপে জর্জরিত, সেই সময় আমাদের সরকার জীবন এবং জীবিকা বাঁচাতে কাজ করেছিল। আমরা বলতে পারি, যোগী সরকার উত্তর প্রদেশকে দেশের সেরা রাজ্য হিসেবে উন্নীত করেছে। অর্থনৈতিক অবস্থানগত দিক থেকেও আমরা দ্বিতীয় স্থানে উঠে এসেছি। শুধু দেশ নয়, গোটা বিশ্বে যোগী সরকারের প্রশংসা হচ্ছে। সুপ্রিম কোর্ট যোগী সরকারের করোনা ব্যবস্থাপনার প্রশংসা করেছে। আমাদের সরকার কৃষকদের ইস্যুতে আরও ভালো কাজ করেছে। প্রথম মন্ত্রিসভায় ঋণ মকুব যোজনা বাস্তবায়িত হয়েছিল। এর মাধ্যমে ৮৬ লক্ষ কৃষকের ৩৬ হাজার কোটি টাকা মকুব করা হয়েছে। বিজেপি প্রতিশ্রুতি দেয় না, সঙ্কল্প করে এবং তা পূরণ করে।

প্রশ্ন : বিরোধীদের অভিযোগ আপনাদের সরকার কোনও কাজ করেনি। সমস্ত দাবি মিথ্যে। তাঁরা বলেন, বিজেপি হিন্দু-মুসলিম বিভেদের মাধ্যমে ভোট পেতে চাইছে?

উত্তর : কেন্দ্রে নরেন্দ্র মোদী সরকারের ৭ বছর এবং রাজ্যে যোগী সরকারের সাড়ে ৪ বছরের শাসনকালে কোন প্রকল্পে বৈষম্য করা হয়েছে। সংখ্যালঘুরা বিভিন্ন প্রকল্পের ব্যাপক সুবিধা পেয়েছেন, কারণ পূর্ববর্তী সরকার তাঁদের প্রকল্প থেকে বঞ্চিত রেখেছিল। সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষজনকে বঞ্চিত রাখা হয়েছিল। সংখ্যালঘুদের লুট করা হয়েছে, তাঁরা শোষণ করা হয়েছে। আমরা "সবকা সাথ, সবকা বিকাশ, সবকা বিশ্বাস"-এর মূল মন্ত্র নিয়ে কাজ করেছি। এটা আমাদের সরকারের স্বীকারোক্তি হল এই যে, আমরা যে সমস্ত প্রকল্প তৈরি করি তাতে আমরা জাত ও ধর্মের ভিত্তিতে বৈষম্য করি না। আপনারাই দেখুন হায়দরাবাদ থেকে আসা তিনি (ওয়াইসি) অল ইন্ডিয়া মজলিস-ই-ইত্তেহাদুল মুসলিমিন পার্টির নাম রাখলেন, সরাসরি ধর্মের নামে রাজনীতি করছেন, আমরা জানতে চাই গুলাম নবী আজাদ, সমলম খুরশিদ, আহমেদ প্যাটেলকেও তো নেতা বানানো হয়েছিল, তাঁরা সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য কী করেছিল?

প্রশ্ন- বিরোধীরা তো বলছেন ওয়াইসি বিজেপির "বি" টিম ?

উত্তর : কোনও দল কীভাবে আমাদের "বি" টিম হতে পারে? যাঁদের পূর্বপুরুষ দেশ ভাগ করেছিল। ব্রিটিশদের পাশে দাঁড়িয়েছিল। এই ধরনের মানুষ ভারতীয় জনতা পার্টির সঙ্গে আসতে পারে না এবং ভারতীয় জনতা পার্টিও তাঁদের সঙ্গে যেতে পারে না। যারা দেশের স্বার্থে কাজ করতে চান, তাঁদের জন্য আমাদের দরজা সর্বদা খোলা থাকবে।

মহসিন রাজার অভিযোগ, সকলের দোকান একই ভোট ব্যাঙ্কে চলে। দেশ অথবা রাজ্য নিয়ে তাঁদের কোনও মাথাব্যাথা নেই। আমরা ভারতীয়। এ জন্যই ভারতীয় জনতা পার্টি ভারতীয় জনগণের চিন্তা করে। যাঁরা ভারতীয় তাঁরা আমাদের। যাঁরা তোষণের রাজনীতি করেন, তাঁরা মনে করেন তাঁদের মুসলিম ভোট কেটে যাচ্ছে। সেই জন্য তাঁরা এ ধরনের কাজ করতে থাকে। কীভাবে দেশ এগিয়ে যাবে, কীভাবে দেশ সুরক্ষিত হবে, উন্নয়ন প্রকল্প কীভাবে পরিচালিত হবে, কীভাবে মানুষের সমৃদ্ধি হবে, কীভাবে এগিয়ে যাওয়া যাবে সেই সমস্ত বিষয়ে আমরা কাজ করি।

প্রশ্ন: তালিবান সম্পর্কে আপনার কি মত? কী এমন কারণ যে মুখ্যমন্ত্রী নিজে তালিবান সম্পর্কে বিবৃতি দিচ্ছেন?

উত্তর : তালিবান একটি নিষ্ঠুর সংগঠনের নাম। এর মধ্যে কোনও মানবতা নেই। তালিবানকে নিয়ে গোটা বিশ্ব চিন্তিত। তাই আমাদেরও উদ্বিগ্ন হওয়া স্বাভাবিক। ভারতীয় জনতা পার্টি এবং মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের উদ্বেগও স্বাভাবিক। আমাদের রাজ্যের ২৪ কোটি মানুষকে নিরাপদ রাখতে হবে। এই ধরনের কট্টরপন্থীদের থেকেও সুরক্ষিত রাখতে হবে। তালিবানি ভাইরাসকে এখানে ছড়াতে দেওয়া যাবে না। কারণ পূর্ববর্তী সরকারগুলিতে অবৈধ ধর্মান্তরের যে ইস্যু ছিল, বর্তমানে আমরা যখন অবৈধ ধর্মান্তরের বিরুদ্ধে একটি আইন নিয়ে এসেছি, সেই বিরোধীরাই সংসদের ভিতরে প্রতিবাদ করছে। তাহলে এটা তো তালিবানি ভাবনাই হল? কাউকে জোর করে ধর্মান্তরিত করা, প্রলোভন বা অর্থের প্রস্তাব দিয়ে ধর্মান্তরিত করা তালিবান মানসিকতারই প্রতিফলন। এটি দেশের নিরাপত্তা সম্পর্কিত একটি সমস্যা। আমরা এই ষড়যন্ত্র বানচাল করেছি।

প্রশ্ন : আপনার দফতর কী এমন করেছে, যাতে আপনি সংখ্যালঘুদের মাঝে গিয়ে তাঁদের বিশ্বাস পর্যন্ত করতে পারবেন?

উত্তর : আমি মুসলিম সমাজের পক্ষ থেকে প্রধানমন্ত্রী মোদীকে ধন্যবাদ জানাতে চাই, মোদীজির জন্যই সংখ্যালঘুরা স্বাধীনতার পর প্রথমবারের মতো তাঁদের মাথার উপর ছাদ পেয়েছে। সংখ্যালঘু সম্প্রদায়ের শিক্ষার স্তর, এমএসএমই-এর মাধ্যমে কর্মসংস্থান দেওয়ার কাজ করা হয়েছে। আমাদের সরকার মাদ্রাসায় চলতে থাকা দুর্নীতি বন্ধ করেছে। সমস্ত মাদ্রাসা পোর্টালে করা হয়েছে। ৭ হাজার মাদ্রাসা ছিল শুধু কাগজে কলমে। বাস্তবে অস্তিত্ব ছিল না। ওই সব মাদ্রাসার নামে সরকারি কোষাগার লুট করা হচ্ছিল। এই কারণে দরিদ্র মুসলিম পরিবারের শিশুদের ক্ষতি হচ্ছিল। কেন্দ্রীয় সরকারের সংখ্যালঘু উন্নয়ন মন্ত্রক এবং রাজ্য সরকারের পরিকল্পনা মুসলিম সম্প্রদায়কে মূলস্রোতের নিয়ে এসেছে। এনসিইআরটি পাঠ্যক্রম মাদ্রাসায় লাগু করা হয়েছে, যাতে শিশুরা বিনয়ী শিক্ষার পাশাপাশি কর্মসংস্থানমুখী শিক্ষা লাভ করতে পারে। এতে সমাজের উন্নতি হবে।

# এয়ার ইন্ডিয়া অধিগ্রহণ করছে টাটা সন্স

নয়াদিল্লি, ৮ অক্টোবর (হি.স.) : সর্বোচ্চ দর দিয়ে এয়ার ইন্ডিয়া অধিগ্রহণ করছে টাটা সন্স। তারা পিছনে ফেলেন স্পাইসজেটকে। এর ফলে ৬৭ বছর পর ফের তা টাটাদের হাতেই ফিরে এল।

গত বেশ কয়েক বছর ধরে দেনার ভারে জর্জরিত এয়ার ইন্ডিয়া। উপায় হিসাবে তাই বিলগ্নিকরণেই আস্থা ছিল কেন্দ্রের। কেন্দ্রীয় সরকার গত সপ্তাহের শুরুতে এয়ার ইন্ডিয়ার দরপত্র মূল্যায়ন শুরু করে। শুক্রবার কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের অধীনস্থ 'বিলগ্নিকরণ এবং রাষ্ট্রায়ত্ত সংস্থা নিয়ন্ত্রণ দফতর'-এর সচিব তুহিন কান্ত জানিয়েছেন, "টাটা নিয়ন্ত্রিত টালিস প্রাইভেট লিমিটেডের দরপত্রটি গ্রাহ্য হয়েছে।"

এর ফলে এয়ার ইন্ডিয়ার কম খরচের উড়ান পরিষেবা 'এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস'-এর ১০০ শতাংশ মালিকানা পাবে রতন টাটার সংস্থা। পাশাপাশি, এয়ার ইন্ডিয়ার বিমানবন্দর পরিষেবা সংক্রান্ত সংস্থা 'এয়ার ইন্ডিয়া এয়ারপোর্ট সার্ভিসেস'-এর ৫০ শতাংশ অংশীদারিও হাতে পাবে টাটারা।

টাটা গোষ্ঠী ছাড়াও বেসরকারি উড়ান সংস্থা স্পাইস জেটের কর্ণধার অজয় সিংহ এয়ার ইন্ডিয়ার শেয়ার কেনার জন্য দরপত্র জমা দিয়েছিলেন। তাদের দরপত্র ছিল প্রায় ১৫ হাজার ১০০ কোটি টাকা। উল্লেখ্য, ১৯৩২ সালে ভারত স্বাধীন হওয়ার আগে টাটা গোষ্ঠী এয়ার ইন্ডিয়াকে কিনে নেয়। তখন তার নাম ছিল টাটা এয়ারলাইন্স। এরপর ১৯৫৩ সালে এয়ার ইন্ডিয়া রাষ্ট্রায়ত্ত সংস্থা হয়। ৬৭ বছর পর ফের তা টাটাদের হাতেই ফিরে এল। এয়ার ইন্ডিয়া ফের টাটা গোষ্ঠীর হতেই এদিকে রতন টাটা টুইটার লেখেন, "পুনরায় স্বাগত এয়ার ইন্ডিয়া।"

কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া আগেই জানিয়ে দিয়েছিলেন, ১৫ সেপ্টেম্বরের মধ্যেই এই প্রক্রিয়া শেষ করতে হবে। সেই মতো দরপত্র জমা নেওয়া হয়েছিল। এয়ার ইন্ডিয়ার সামগ্রিক ঋণের পরিমাণ ৪৩ হাজার কোটি টাকা। যার মধ্যে ২২ হাজার কোটি টাকা ইতিমধ্যেই এয়ার ইন্ডিয়া অ্যাসেট হোল্ডিং লিমিটেড (এআইএএইচএল) -কে হস্তান্তরিত করা হয়েছে।

ঋণগ্রস্ত এয়ার ইন্ডিয়ার মোট ১২৭টি উড়োজাহাজ রয়েছে। এয়ার ইন্ডিয়া বর্তমানে ৪২ টি আন্তর্জাতিক গন্তব্যে যায়। দেশে মোট ৪,৪০০টি অভ্যন্তরীণ এবং ১,৮০০টি আন্তর্জাতিক অবতরণ এবং পার্কিং স্লটের পাশাপাশি বিদেশি বিমানবন্দরে ৯০০ স্লটের নিয়ন্ত্রণ পাবে টাটা গোষ্ঠী। সংস্থার অন্যান্য সম্পত্তির মধ্যে রয়েছে মুম্বইয়ের এয়ার ইন্ডিয়া বিল্ডিং এবং দিল্লির এয়ারলাইন্স হাউস।

অসামরিক বিমান পরিষেবা ক্ষেত্রে টাটা গ্রুপ নতুন নয়। এয়ারএশিয়া ইন্ডিয়াতে প্রায় ৮৪ু এবং ভিস্তারায় ৫১ু শেয়ার আছে টাটা গ্রুপের। ফলে এয়ার ইন্ডিয়া যে বেশ অভিজ্ঞ হাতেই যাচ্ছে, তা বলা যায়।

বিলগ্নিকরণ দফতরের সচিব এদিন বলেন, হস্তান্তরের পর মোট ৪৬,২৬২ কোটি টাকার ঋণ থাকবে এয়ার ইন্ডিয়ার। এই ঋণ এআইএএইচএল-এর নামে হবে। চলতি বছর আগস্টের শেষে মোট ঋণ ছিল ৬৫,৫৬২ কোটি টাকা।---হিন্দুস্থান সমাচার / কাকলি

# হরেকরকম    হরেকরকম    হরেকরকম

## আনারস খাওয়ার কি উপকারিতা

মৌসুমী ফল আনারস। অসংখ্য গুণে গুনান্বিত এই ফলটি। প্রতিবছরের এই সময়টায় বাজারে ভরে যায় ছোট-বড় আনারসে। এই ফল যেমন শরীরে জলের চাহিদা মেটায়, তেমনি বাড়তি পুষ্টিগুণ পেতে কোন জুড়ি নেই। মোটামুটি দেশের বিভিন্ন জেলাতে চাষ হয় আনারস। গ্রীস্মের সময় খুবই জনাপ্রিয় একটা ফল হিসেবে পরিচিত আমাদের দেশে। ভিটামিন সি থাকার কারণে আনারস সর্দি, কাশির উপশম হিসেবে খাওয়া যেতে পারে। চলুন জেনে নেই আনারসের কিছু উপকারিতা সম্পর্কে।

করতে সাহায্য করে। বদহজম বা হজমজনিত যেকোন সমস্যা থেকে মুক্তি পেতে প্রতিদিন এটা খাওয়া অত্যন্ত জরুরি।

হাড় গঠনে সাহায্য করে প্রচুর পরিমাণে ক্যালসিয়াম ও ম্যাঙ্গানিজ রয়েছে আনারসে। ক্যালসিয়াম হাড়ের গঠনে বেশ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং ম্যাঙ্গনিজ হাড়কে করে তোলে মজবুত।প্রতিদিনের খাদ্য তালিকায় পরিমিত আনারস রাখলে হাড়ের সমস্যা জনিত যেকোন রোগ প্রতিরোধ করা সম্ভব।

দাঁত ও মাড়ি সুরক্ষায় আনারসের রয়েছে প্রচুর পরিমানের



রক্ত জমাটে বাধা দেয়
এই ফল দেহের রক্ত জমাট বাঁধতে বাধা দেয়। ফলে শিরা ধমনির দেয়ালে রক্ত না জমার জন্য সারা শরীরে সঠিকভাবে রক্ত যেতে পারে। হৃদপিণ্ড আমাদের শরীরে অক্সিজেনযুক্ত রক্ত সরবরাহ করে। আনারস রক্ত পরিস্কার করে হৃদপিণ্ডকে কাজ করতে সাহায্য করে।

চোখের স্বাস্থ্য রক্ষায় অনেক গবেষণায় দেখা যায়, আনারসের ম্যাকুলার ডিগ্রেডেশন হওয়া থেকে আমাদের রক্ষা করে। আমাদের চোখের রোটিনা নষ্ট করে দেয় এবং আমরা ধীরে ধীরে অন্ধ হয়ে যায় এই রোগটির কারণে। আনারসে রয়েছে বেটা ক্যারোটিন তাই এটি প্রতিদিন খেলে চোখের রোগ হওয়ার সম্ভবনা ৩০ শতাংশ কমে যায়। এতে সুস্থ থাকে আমাদের চোখ।

হজমশক্তি বাড়ায় আমাদের হজমশক্তি বৃদ্ধি করতে বেশ কার্যকর আনরস। এতে রয়েছে ব্রোমেলিন, যা আমাদের হজমশক্তিকে উন্নত

ক্যালসিয়াম যা দাতের সুরক্ষায় গুরুত্বপূর্ন রাখে। মাড়ির যে কোন সমস্যা সমাধান করতে বেশ কার্যকর ভূমিকা পালন করে। প্রতিদিন আনারস খেলে দাতে জীবাণুর আক্রমণ কম হয় এবং দাত ঠিক থাকে।

পুষ্টির অভার দূর করে পুষ্টির বড় একটি উতস আনারস। এতে রয়েছে প্রচুর পরিমাণে ভিটামিন-এ এবং সি, ক্যালসিয়াম, পটাশিয়াম ও ফসফরাস। আমাদের দেহের পুষ্টির অভাব পূরণ করতে কার্যকরী ভূমিকা পালন করে এসব উপাদান।

ওজন নিয়ন্ত্রণ করে শুনতে অবাক লাগলেও আনারস আমাদের ওজন কমাতে সাহায্য করে। কারণ আনারসে প্রচুর ফাইবার এবং অনেক কম ফ্যাট রয়েছে। কাচা আনারস বা সালাদ হিসেবে এর ব্যবহার অথবা আনারসের জুস অনেক বেশি স্বাস্থ্যকর। লিভার ও অন্ত্র ব্রমেলিন অ্যান্টি প্যারিসটিক। আনারস নিয়মিত খেলে লিভার ও অন্ত্রের উপকার হয়।

## ক্যান্সারের কোষ বৃদ্ধি নিয়ন্ত্রণে এর ভূমিকা

দধি বা দই প্রস্তুত করা হয় ব্যাক্টেরিয়ার গাঁজন হতে। এটি বিশ্বজুড়ে জনপ্রিয় পুষ্টিকর এবং সুস্বাদু খাদ্য হিসেবে পরিচিত। এক গবেষণায় দেখা গেছে, দইয়ে উপস্থিত ল্যাকটোব্যাসিলাস এবং স্ট্রেপটোকক্কাস থ্রেমোফিলাস নামক দুটি ব্যাকটেরিয়া রোধ করে ক্যান্সার কোষের বৃদ্ধি নিয়ন্ত্রণে।

আর পুষ্টিবিজ্ঞানীদের মতে, এটি হাড়ের রোগ নিয়ন্ত্রণেও কায্যকরী ক্যালসিয়াম ও ভিটামিন ”ডি” থাকায়। প্রায় চার হাজার বছর ধরে প্রস্তুত হচ্ছে দই।

গবেষণায় বলছে, দইয়ে আছে রিবোফ্লেভিন, পাইরডক্সিন, কোবালামিন ও ভিটামিন ডি। আর খনিজ উপাদানের মধ্যে রয়েছে জিংক, পিটাশিয়াম, ফসফরাস ও আয়োডিন।

বাড়িতে দুধ থেকে সরাসরি বানিয়ে খাওয়া যায় দই। এছাড়াও কোরমা, সালাদ অথবা মাংস রান্নার সুবাদে ভোজনবিলাসীর পাতে এনে দেয় ভিন্ন স্বাদ। দইয়ে রয়েছে অসংখ্য উপকারী ব্যাকটেরিয়া যা সহজে হজমে সহায়তা করার পাশাপাশি দেহের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে সাহায্য করে। এতে আরো রয়েছে ক্যালসিয়াম ও ভিটামিন ”ডি যেটি কাজ করে হাড়ের রোগ , অস্টিওপরোসিস ও আর্থারাইটিস নিয়ন্ত্রণে। এটা গ্যাস হলে এমনকি সর্দি হলে দইয়ের ঘোল পান করে মেলে উপকারিতা। কোষ্ঠকাঠিন্য , ডায়রিয়া, কোলন ক্যান্সার ও অন্ত্রের সমস্যা দূর করতে কার্যকরী দই। আর ভিটামিন ডি কাজ করে পেটের ভিতর ঘাঁ সারাতে। তবে কিডনির সমস্যায় নিয়ম মেনে খেতে হবে দই।



## ডাবের জলের এই ৬ উপকারিতা

ঋতু বদলের এই সময়টায় রোগ খুব দ্রুত ছড়ায় মানব দেহে। তাই এই সময়ে শরীরের প্রতি বাড়তি নজর রাখা জরুরি। বাইরে বের হওয়ার আগে সাথে অবশ্যই জল রাখুন। সেই সাথে মাঝেমধ্যে ডাবের জল পান করুন। কারন এর রয়েছে অনেক পুষ্টি ও স্বাস্থ্য উপকারিতা। এটি অত্যন্ত উপকারী ও পার্শ প্রতিক্রিয়া বিহীন একটি প্রাকৃতিক পানীয়। চলুন জেনে নেই এর বিভিন্ন উপকারিতা সম্পর্কে।



কিডনির সুরক্ষায়ডাবের জলের অসাধারণ স্বাস্থ্যোপকারিতাগুলোর একটা হলো কিডনিতে পাথর জমতে বাঁধা দেওয়া। স্ফটিকজাতীয় পদার্থের উপস্থিতির ফলে কিডনিতে পাথর হওয়ার মতো ঝুঁকিপূর্ণ স্বাস্থ্য সমস্যা দেখা দেয়। এই যাওয়া অত্যন্ত প্রয়োজনীয়। গবেষণায় দেখা গেছে যে ডাবের জল কিডনি থেকে এই স্ফটিকজাতীয় পদার্থ মূত্রত্যাগের মাধ্যমে দেহের বাইরে বের করে দিতে যথেষ্ট কার্যকর ভুমিকা রাখে।

রক্তচাপ নিয়ন্ত্রণ করে প্রাকৃতিক পুষ্টিগুণ শরীরের রক্ত চলাচল স্বাভাবিক ও রক্তচাপ নিয়ন্ত্রণ করে ডাবের জল। ফলে হৃদঝুঁকি অনেকাংশে কমে যায়। পাশাপাশি অন্যান্য কার্ডিওভাসকুলার বিষয়গুলোকে নিয়ন্ত্রণ করে।

এছাড়া ডাবের জল শরীরের ভেতরে অতিরিক্ত সুগার লেভেলকেও নিয়ন্ত্রয়ে আনতে ভুমিকা রাখে।

রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে ডাবের জলের মধ্যে কিছু এন্টি ব্যাকটেরিয়াল ও এন্টি ভাইরাল উপাদান থাকায় এই জল ব্যকটেরিয়া ও ভাইরাস মারতে অনেক কার্যকরী ভুমিকা রাখে। তাই প্রত্যেক দিন খাবারসহ অন্যান্য মাধ্যমে আমাদের শরীরে যেসব ব্যকটেরিয়া ও ভাইরাস প্রবেশ করে সেগুলো মারার জন্য এক গ্লাস ডাবের জল খাওয়া যেতে পারে।

হজম শক্তি বৃদ্ধি ও বদহজম দূর ডাবের জল কাজ করে হজম সমস্যা সমাধানে। হজম শক্তি বৃদ্ধিসহ বদহজম দূর হয় ডাবের জল। ডাবের জল গ্যাসট্রিক , আলসার , কোলাইটিস , ডিসেন্টি এবং পাইলসের সমস্যা দূরীকরণেও সাহায্য করে।

ওজন কমাতে ডাবের জলের চমতকার ভুমিকা রয়েছে ওজন কমাতে। এতে কোনো চর্বি বা কোলেস্টেরল থাকে না ও এতে চিনির পরিমাণও অল্প থাকায় নিশ্চিন্তে পান করা যায় যতটুকু ইচ্ছা। এছাড়াও চর্বি ধ্বংস করতেও সাহায্য করে ডাবের জল। প্রচুর পরিমাণে খনিজ উপাদান থাকায় বাড়ন্ত শিশু থেকে শুরু করে বৃদ্ধ পর্যন্ত সবাই উপকারী এই ডাবের জল পান করতে পারেন। ডাবের জল যথেষ্ট ভুমিকা রাখে তারুণ্য ধরে রাখতে। ত্বক সুন্দর রাখতে ডাবের জল ত্বকের জন্যও খুবই উপকারী। প্রায় ৯৪ শতাংশই জল থাকে একটি ডাবে। এই জল সাহায্য করে ত্বকের সৌন্দর্য রক্ষা সহ পুরো দেহের শিরা-উপশিরায় সঠিকভাবে রক্ত চলাচল করতে। ডাবের জল বেশি পান করলে কিডনির কাজ করতে সুবিধা হয়, দেহে অক্সিজেন সমৃদ্ধ রক্তের সরবরাহ বাড়ে। ফলে ত্বকসহ প্রতিটি অঙ্গে পৌঁছায় বিশুদ্ধ রক্ত এবং পুরো দেহ সতেজ ও শক্তিশালীহয়ে ওঠে। তবে যেকোনো খাবার নিয়মিত খাওয়ার আগে আপনাকে বুঝতে হবে শরীরের অবস্থা। প্রয়োজনে চিকিতসকের পরামর্শ নিয়ে নিন।

## ওজন নিয়ন্ত্রণে এই সালাদ

স্বাস্থ্য নিয়ে বা ওজন নিয়ন্ত্রণে অনেকই এখন বেশ সচেতন। দেহের অতিরিক্ত ওজন কমাতে ডায়েট নিয়ন্ত্রণ গ্রহণযোগ্য কৌশল হয়ে উঠেছে। পুষ্টি বিশেষজ্ঞরা অনেক গবেষণা করে বের করেছেন বিভিন্ন ধরনের ডায়েট ওজন কমাতে সাহায্য করে। এর মধ্যে অন্যতম হলো মেডিটেরিয়ান, কিটো ডায়েট।



অনেকেই বিভিন্ন ধরনের খাবার রাখেন ডায়েট চার্টে বয়স, ওজন, শারীরিক অবস্থাভেদে। আপনাকে অবশ্যই মাথায় রাখতে হবে আপনার শরীরের প্রয়োজনীয় পুষ্টিচাহিদা পূরণ হচ্ছে কিনা, যে ডায়েট তালিকাই মেনে চলুন না কেন। তবে সালাদ হলো ডায়েট চার্টের অন্যতম খাবার। অনেকেই ওজন কমানোর জন্য বিভিন্ন ধরনের সবজির সালাদ খেয়ে থাকে। খাবারের তালিকায় পুষ্টিকর সালাদ রাখতে পরামর্শ দিয়েছেন পুষ্টিবিদরা।

পুষ্টিকর সালাদ আপনার দেহে প্রয়োজনীয় প্রোটিন, ফাইবার, ক্যালরি সবকিছুর ঘাটতি পূরণ করতে সক্ষম। অনেক পুষ্টিবিদদের মতে, সালাদ প্রতিদিন একজন মানুষের শরীরে ১৫ গ্রাম প্রোটিন ও ৫ গ্রাম ফাইবারের চাহিদা পূরণ করে।

আপনি যদি পুষ্টিকর সালাদ খেতে চান, তাহল টমেটোর সঙ্গে কিছু বাদাম ও ভিনেগার যুক্ত করতে পারেন। এ সালাদ আপনাকে ৩০ গ্রাম প্রোটিনের চাহিদা পূরণ করবে। পাস্তার সালাদ অনেকের কাছেই বিষয়টি নতুন মনে হতে পারে। কিন্তু পাস্তা দিয়ে তৈরি সালাদ আপনার ওজন হ্রাসের পাশাপাশি পুষ্টি যোগানের সহায়তা করবে। স্ট্রবেরি ও পাস্তার সমন্বয়ে তৈরি করুন সালাদ। সঙ্গে যোগ করুন অলিভ অয়েল। এ সালাদ থেকে আপনি ৪০২ ক্যালরি, ১৩ গ্রাম প্রোটিন ও ৭ গ্রাম ফাইবার পেতে পারেন।

পুষ্টিগুণে ভরপুর মিষ্টিকুমড়া, গাজর ও আদার সমন্বয়ে তৈরি সালাদ। মিষ্টিকুমড়ায় রয়েছে অ্যান্টি-অক্সিডেন্ট। এ তিন উপাদানের সালাদ প্রোটিন ও ফাইবারের চাহিদা পূরণে সহায়ক ভূমিকা পালন করে। সালাদ মানেই যে শুধু সবজির উপস্থিতি থাকবে, এমনটা ভুল।

প্রোটিনের চাহিদা পূরণ করার জন্য মাংসের উপস্থিতি থাকা দরকার। সালাদে চিকেন কিংবা গরুর মাংস আপনার ক্যালরির ঘাটতি পূরণ করবে। প্রোটিনের চাহিদা আরো বাড়াতে চাইলে এর সঙ্গে যোগ করুন ডিম। হার্টের সুস্থতার জন্য সালাদের সঙ্গে যুক্ত করতে পারেন অলিভ অয়েল।

আবার আপনি চাইলে চিকেন ব্রেস্ট, ব্ল্যাক বিন, কর্ন, টমেটো, পেঁয়াজ একসঙ্গে করে সালাদ বানিয়েও খেতে পারেন। এই সালাদ আপনাকে ৩০০ ক্যালরি ও ৩৪ গ্রাম প্রোটিন সরবরাহ করবে। চিকেন দিয়ে আরেক ধরনের সালাদ তৈরি করা যেতে পারে। যেমন চিকেন ব্রেস্ট, টমেটো, শসা ও পেঁয়াজের মিশ্রণে তৈরি করুন। এর সঙ্গে অবশ্যই পিপার যোগ করতে যেন ভুলবেন না। পিপারের কারণে সালাদটি খেতে সুস্বাদু লাগবে।

আমরা অনেকেই চিংড়ি খেতে পছন্দ করি। আর চিংড়ি দিয়ে তৈরি সালাদ কিন্তু খেতে দারুণ। এ সালাদ তৈরির আগে অবশ্যই চিংড়ি সেদ্ধ করে নিতে হবে। তারপর লবণের স্বাদ আনতে পনির আর মিষ্টিভাব আনতে একটুখানি যোগ করতে পারেন কমলা। এ সালাদ আপনাকে শক্তি জোগাতে সাহায্য করবে। যারা এখনো এসব সালাদের কথা জানেন না, তারা আজ থেকেই ডায়েট চার্টে যুক্ত করতে পারেন ভিন্নধর্মী উপাদানে এসব সালাদ। হাতের নাগালেই আপনি এসব উপাদান পেয়ে যাবেন।

## কোভিড-১৯: শিশুদের কি টিকার আওতায় আনা উচিত?

একটি শিশু জন্মের পরই তাকে সুস্থ রাখতে নানা ধরনের টিকা দেওয়া হয় এবং পুরো বিশ্বজুড়েই শিশুদের টিকাদান কার্যক্রম চলে। শিশুদের জীবন রক্ষায় দেওয়া নানা টিকার তালিকায় কি এবার কোভিড-১৯ টিকা যুক্ত করার সময় হয়েছে?

যুক্তরাষ্ট্রসহ কয়েকটি দেশ এরই মধ্যে শিশুদের কোভিড-১৯ টিকা দিতে শুরু করেছে। যুক্তরাজ্য সরকার দেশটির ১২ থেকে ১৫ বছর বয়সের প্রায় ছয় লাখ শিশুকে এরইমধ্যে কোভিড-১৯ টিকা দিয়েছে। আগামী বছর দেশটি এর থেকেও কম বয়সের শিশুদের টিকার আওতায় আনার পরিকল্পনা করেছে। এজন্য তারা কোভিড টিকার নিরাপত্তা নিয়ে আরো তথ্য হাতে পাওয়ার অপেক্ষায় আছে।

যুক্তরাজ্যে এখনো প্রাপ্ত বয়স্কদের টিকা দেওয়া হচ্ছে। সরকার আগামী জুলাই মাসের মধ্যে সব প্রাপ্ত বয়স্ককে টিকার প্রথম ডোজ দিতে চাইছে। তবে শিশুদের বিষয়ে যুক্তরাজ্য সরকার থেকে এখনো কোনো সিদ্ধান্ত আসেনি।

কোভিড টিকা কি শিশুদের জীবন রক্ষা করবে?

বৈজ্ঞানিক ভাবেই এখন এই প্রশ্ন উঠছে- কোভিড-১৯ টিকা কী আসলেই শিশুদের জীবন রক্ষা করতে পারবে। এ প্রশ্নের উত্তর দেওয়া বেশ জটিল।

কারণ, এক এক দেশের ক্ষেত্রে এ প্রশ্নের উত্তর এক এক রকম হবে। এক্ষেত্রে নীতি-নৈতিকতার বিষয়টিও মাথায় রাখতে হবে। শিশুদের টিকা দেওয়া উচিত হবে নাকি ওই টিকা অন্যান্য দেশে পাঠিয়ে ওইসব দেশের স্বাস্থ্যকর্মী ও ঝুঁকিপূর্ণ ব্যক্তিদের দিলে তাতে বেশি জীবন রক্ষা পাবে সেটা বিবেচনা করা উচিত। এখন পর্যন্ত শিশুদের কোভিড-১৯ এ আক্রান্ত হওয়া বা মৃত্যুর ঝুঁকি অনেক কম। এ বিষয়ে যুক্তরাজ্যের ভ্যাক্সিনেশন অ্যান্ড ইমুনাইজেশন কমিটির সদস্য অধ্যাপক অ্যাডাম ফিন বলেন, “সৌভাগ্যজনক ভাবে এই মহামারীর মধ্যেও অল্প কিছু ভালো জিনিসের একটি হচ্ছে, শিশুদের বেলায় এই ভাইরাসে মারাত্মকভাবে সংক্রমিত হওয়ার ঘটনা খুবই বিরল।”

সংক্রমিত হলেও শিশুদের শরীরে রোগের উপসর্গ খুবই কম থাকে বা একেবারে থাকেই না। সেই তুলনায় বয়স্কদের শরীরে রোগের উপসর্গ অনেক বেশি দেখা যায় এবং মৃত্যু ঝুঁকি বেশি। তাই তাদের আগে টিকা দেওয়া উচিত।

বিবিসি জানায়, শিশুদের কোভিড-১৯ এ আক্রান্ত এবং মৃত্যুর ঝুঁকি নিয়ে সাত দেশে গবেষণা চালানো হয়েছে। লানসেট ম্যাগাজিনে ওই গবেষণা প্রতিবেদন প্রকাশ করা হয়।

প্রতিবেদন অনুযায়ী, মহামারীতে প্রতি ১০ লাখ শিশুর মধ্যে দুই জনের কম শিশু করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মারা গেছে।

শিশুদের কোভিড টিকা লাভজনকও হতে পারে

বয়স্কদের সুরক্ষায় অনেক সময় শিশুদের টিকা দেওয়া হয়। কিছু কিছু দেশ এই কৌশল অবলম্বন করে।

যেমন, ফ্লুর বেলায় যুক্তরাজ্য এই কৌশল অবলম্বন করে। যুক্তরাজ্যে প্রতিবছর দুই থেকে ১২ বছরের শিশুদের ফ্লু প্রতিরোধে নাকের স্প্রে দেওয়া হয়। মূলত তাদের পরিবারের বয়স্কদের সুরক্ষায় এই কৌশল ব্যবহার করা হয়।

অনেকের মতে কোভিড-১৯ এর বেলায়ও একই কৌশল নেওয়া যেতে পারে। বিশেষ করে ‘হার্ড ইমিউনিটি’ তৈরি করতে। কোথাও হার্ড ইমিউনিটি তৈরি হয়ে গেলে সেখানে বেশির ভাগ মানুষের দেহেই অ্যান্টিবডি থাকে। ফলে ভাইরাস সেভাবে বিস্তারলাভ করতে পারে না।

কোভিড-১৯ এ টিকা করোনাভাইরাসের বিস্তার প্রতিরোধে বেশ কার্যকর বলে প্রমাণিত হয়েছে। কেউ টিকার প্রথম ডোজ গ্রহণের পর তার আক্রান্ত হওয়ার ঝুঁকি অর্ধেকে নেমে আসে। যদিও তারপরও তার আক্রান্ত হওয়ার ৫০ শতাংশ ঝুঁকি থেকেই যায়।

করোনাভাইরাস নিয়ে এখন পর্যন্ত যেসব গবেষণা হয়েছে তাতে দেখা যাচ্ছে, শিশুরা এই ভাইরাসের বিস্তারে তেমন কোনো ভূমিকা রাখে না। কিন্তু কিশোর-কিশোরীদের ভাইরাস বিস্তারে ভূমিকা আছে।

তাই কেউ কেউ মাধ্যমিক স্কুল পড়ুয়া শিক্ষার্থীদের টিকার আওতায় আনার কথা বলছেন। কিন্তু এটা যে লাভজনক হবেই সে কথা বলা যাচ্ছে না।

বিবিসি জানায়, ইংল্যান্ডে ১৬-১৭ বছর বয়সের কিশোর-কিশোরীদের মধ্যে একচতুর্থাংশের দেহে করোনভাইরাসের বিরুদ্ধে অ্যান্টিবডি পাওয়া গেছে। তাদের কেউই টিকা নেয়নি।

সেক্ষেত্রে যুক্তরাজ্য বা তাদের মত দেশ ধরেই নিতে পারে, শিশুদের টিকা দেওয়া ছাড়াই ভাইরাসের বিস্তার আটকানোর মত যথেষ্ট ইমিউনিটি— ওখানে তৈরি হয়ে গেছে।

শিশুদের টিকা নৈতিকভাবে কতটা গ্রহণযোগ্য

একটি শিশুকে টিকা দিতে গেলে কে টিকা পাচ্ছেন না, নৈতিকভাবে সেটা মনের উপর চেপে বসতে পারে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) থেকেও বলা হচ্ছে, ধনী রাষ্ট্রগুলোর উচিত তাদের শিশুদের কোভিড-১৯ এর টিকা দেওয়ার পরিকল্পনা বাতিল করে সেই টিকা বিশ্বের বাকি দেশগুলোকে দান করা।

অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার টিকার ক্লিনিক্যাল ট্রায়াল পরিচালনা করেছিলেন অধ্যাপক অ্যান্ড্রু পোলার্ড। তিনি বলেন, টিকা দেওয়ার ক্ষেত্রে যদি শিশুদের প্রাধান্য দেওয়া হয় তবে সেটা নৈতিকভাবে ভুল’ সিদ্ধান্ত হবে।

## রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াবে এই ৪টি যোগব্যায়াম

বিশ্বজুড়ে নানামুখী গবেষণায় দেখা গেছে শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে পারে যোগব্যায়াম। দেহ ও মনের প্রশান্তির জন্য যোগব্যায়াম অতুলনীয় ভুমিকা রাখে। আজকে জানাবো রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে চারটি যোগব্যায়ামের কথা। সেতুবন্ধ আসন যোগব্যায়ামের এই আসনটি রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে কাজ করে। প্রথমে শুয়ে পড়ুন। এবার আস্তে আস্তে পা ভাঁজ করে নিন। খেয়াল রাখতে হবে আপনার হাঁটু এবং গোড়ালি যেন একই রেখা বরাবর থাকে। হাত দুটো দুপাশে নিচের দিকে মুখ করে রাখুন। এবারে আস্তে আস্তে শ্বাস নিতে নিতে আপনার পিঠ উপরে তুলতে থাকুন। সেই সাথে হাত দুটি দিয়ে পায়ের গোড়ালি ধরার চেষ্টা করুন। এসময় আপনার পুরো শরীরের ওজন থাকবে আপনার কাঁধ, বাহু এবং পায়ের ওপর। এভাবে ২০ সেকেন্ড থাকুন। তারপর হাত ছেড়ে দিয়ে পিঠ আস্তে আস্তে নামিয়ে আনুন। এভাবে ৩ থেকে ৪ বার করুন। ধনুরাসন প্রথমে উপুর হয়ে শুয়ে পড়ুন। এবার হাত দুদিকে উপরমুখি করে শরীরের দুপাশে রাখুন। নিঃশ্বাস ছাড়তে ছাড়তে আপনার হাঁটু বাঁকিয়ে নিতম্বের কাছে নিয়ে আসুন। হাত পেছনের দিকে নিয়ে এবার গোড়ালি শক্ত করে চেপে ধরুন। এসময় দুই হাঁটুর মাঝে অবশ্যই ফাঁক রাখবেন।



এবার শ্বাস নিতে নিতে গোড়ালি দুটোকে নিতম্ব থেকে দূরে সরিয়ে নিন এবং একই সাথে উরুও ফ্লোর থেকে উপরের দিকে উঠে যাবে। এসময় শোলডার ব্লেড পেছন দিকে চলে যাবে এবং বুক মাটি থেকে একটু উপরে উঠবে। এসময় শ্বাস প্রশ্বাস স্বাভাবিক থাকবে। ২০ সেকেন্ড পরে আস্তে আস্তে আসন ছেড়ে দিন। এভাবে ৩ বার করুন। একবারে ছবির মতন হবে, আস্তে আস্তে আসনে আসার চেষ্টা করতে হবে। ভুজঙ্গাসন এ আসনটি শ্বেত রক্ত কণিকার নিঃসরণ বাড়িয়ে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়। এমনভাবে উপুড় হয়ে শুয়ে পড়ুন যাতে আপনার কপাল মাটি ছুয়ে থাকে। হাত ভাঁজ করে কাঁধ বরাবর আনুন। হাতের তালু নিচের দিকে রেখে হাত দুটোকে কাধের নিচে রাখুন। এবার শ্বাস নিতে নিতে আপনার হাত সোজা অবস্থায় নিয়ে আসুন যাতে আপনার বুক উপরের দিকে উঠে যায়। এভাবে উপরের দিকে তুলতে থাকুন (নাভি পর্যন্ত) যতক্ষণ না আপনার শরীরের উপরের অংশে একটা কার্ভ তৈরি হচ্ছে। এভাবে ২০ সেকেন্ড থাকুন। তারপরে নিঃশ্বাস ছাড়তে ছাড়তে আগের অবস্থায় ফিরে আসুন। উস্ত্রাসন এই ব্যায়ামটি করার সময় নিচে নরম কাপড় দিয়ে নেবেন। প্রথমে হাঁটু ভাঁজ করে হাঁটুর ওপর দাঁড়ান। শরীরের দুপাশে হাত রাখুন। এবার আস্তে আস্তে পেছনের দিকে বাঁকিয়ে প্রথমে এক হাত পরে দুই হাত দিয়ে পায়ের গোড়ালি ধরতে হবে। এবার আস্তে আস্তে পেছনের দিকে বাঁকিয়ে বুক এবং পেট প্রসারিত করতে হবে। এসময় শরীরের ওজন হাত ও পায়ের ওপর থাকবে। এইভাবে ৩০ সেকেন্ড থেকে এক মিনিট পর্যন্ত থাকতে পারেন। তারপর আবার আগের অবস্থায় ফিরে আসুন।



শিক্ষক বদলির প্রতিবাদে বক্সনগরে ছাত্রীদের পথ অবরোধ। ছবি-নিজস্ব।

# আইনী জটিলতায় অসুস্থ ভারতীয় নাগরিক নিজ দেশে ফিরতে পারছেন না

মনির হোসেন,ঢাকা,০৮ অক্টোবর।। বাংলাদেশ-ভারতের আইনী জটিলতায় গুরুতর আহত ভারতীয় নাগরিক কার্তিক বিশ্বাস (৫৬) নিজ দেশে ফিরতে পারছেন না। ফলে মানসিক ভারসাম্যহীন এই মানুষটি গত ১৫-২০দিন ধরে বাংলাদেশের দিনাজপুরের হাকিমপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অসুস্থহয়ে ভর্তি ছিলেন। গত মঙ্গলবার উন্নত চিকিৎসার জন্য তাকে দিনাজপুর এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। বর্তমানে তিনি সেখানে চিকিৎসাধীন থাকলেও ভারত পাঠাতে নেওয়া হচ্ছে না কোনো উদ্যোগ। গত বছরের নভেম্বর মাসে তিনি ভুল করে আন্তর্জাতিক সীমানা অতিক্রম করে বাংলাদেশে চলে আসেন। তিনি ভারতের দক্ষিণ দিনাজপুরের পতিরাম থানার নাজিরপুর গ্রামের গনপতি বিশ্বাসের ছেলে।

গত মঙ্গলবার সকাল ১১টায় উপজেলা হাসপাতালে গিয়ে দেখা যায় পুরুষ ওয়ার্ডের ১০ নম্বর বেডে শুয়ে আছে এক বয়স্ক। পাশের বেডের রোগীরা জানালেন তার নাম কার্তিক বিশ্বাস। গত ১৫-২০দিন ধরে পায়ে আঘাত নিয়ে ভর্তি আছেন। পায়ে আঘাত ছাড়াও তিনি ডায়াবেটিকসহ বিভিন্ন রোগে আক্রান্ত। হাসপাতালের নার্স ছাড়া তাকে সেবা করার কেউ নেই। এদিকে, ভারতে যোগাযোগ করা হলে কার্তিক বিশ্বাসের স্ত্রী বেবি বিশ্বাস বলেন,গত ২৭ নভেম্বর সকালে বাড়ীর বাইরে বের হয়ে নিখোঁজ হন কার্তিক। তিনি মানসিক ভারসাম্যহীন। এরপর আত্মীয়-স্বজনসহ বিভিন্ন স্থানে খোঁজাখুজি করেও তাকে না পেয়ে গত ১৪ ডিসেম্বর বালুরঘাট থানায় জিডি করি। ৭/৮ মাস পর খবর পাই তাকে বাংলাদেশের জয়পুরহাটে দেখা গেছে। সেখান থেকে আবার তিনি হিলি আসার পথে গত ১৫-২০দিন আগে রাস্তায় এক্সিডেন্ট করে ডান পায়ে চরম আঘাত পেয়ে হিলি (হাকিমপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স) হাসপাতালে ভর্তি আছেন। বর্তমানে তার ডান পা ইনফেকশন হয়েছে বলে আমরা জানতে পেরেছি। তাকে দ্রুত দেশে ফিরাতে না পারলে তা পা কেটে ফেলতে হতে পারে। আমরা দুই দেশের সরকারের কাছে আবেদন করছি আমার স্বামীকে ফিরিয়ে দেওয়া হোক।

অপরদিকে,কার্তিক বিশ্বাসের বোন অনিতা বিশ্বাস বলেন, আমার অসুস্থভাইকে দেশে ফিরিয়ে আনতে দক্ষিণ দিনাজপুর জেলার সাংসদ, জেলা প্রশাসক (ডিএম), বিএসএফ কর্তৃপক্ষের কাছে একাধিকবার আবেদন করেও কোনো সাড়া পাইনি। মানবিক বিবেচনায় তাকে দ্রুত আনা না হলে হয়ত আমার ভাই সেখানে মারা যেতে পারেন। বর্তমানে তিনি খুবই অসুস্থ

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. তৌহিদ আল হাসান জানান, গত ৫ অক্টোবর উন্নত চিকিৎসার জন্য কার্তিককে দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। তিনি হাকিমপুর হাসপাতালে প্রায় ২০ দিনের মতো ভর্তি ছিলেন। তিনি ডায়াবেটিক সহ বিভিন্ন রোগে আক্রান্ত।

# লখিমপুর কাণ্ডে যোগী সরকারের ভূমিকায় সন্তুষ্ট নয় সুপ্রিম কোর্ট

লখনউ, ৮ অক্টোবর (হি.স) : লখিমপুর কাণ্ডের ঘটনায় যোগী সরকারের ভূমিকায় সন্তুষ্ট নয় সুপ্রিম কোর্ট। আদালত শুক্রবারের শুনানিতে স্পষ্টভাবে জানিয়ে দেয়, ''লখিমপুর কাণ্ডে আটজনের মৃত্যুর পরও সরকার যে পদক্ষেপ নিয়েছে তা মোটেও পর্যাপ্ত নয়। এই ভূমিকায় মোটেও খুশি নয় আদালত।'' মামলার পরবর্তী শুনানি ২০ অক্টোবর।

অন্যদিকে, এদিন সকাল ১০টায় উত্তরপ্রদেশ পুলিশের সামনে অভিযুক্ত আশিস মিশ্রার হাজিরা দেওয়ার কথা থাকলেও তিনি এখনও পলাতক। পুলিশ কোর্টে জানিয়েছে, আগামীকাল অর্থাৎ শনিবার বেলা ১১টায় হাজিরা দেবেন অভিযুক্ত কেন্দ্রীয় মন্ত্রীর ছেলে।

লখিমপুর ঘটনার পর পার হয়ে গিয়েছে পাঁচ দিন। এই ঘটনায় কতজন গ্রেফতার হয়েছে, এবার সেই রিপোর্ট চেয়ে পাঠাল সুপ্রিম কোর্ট। শুক্রবারের মধ্যে উত্তরপ্রদেশ সরকারের থেকে জবাব চেয়েছিল আদালত। এদিন সুপ্রিম কোর্ট বলে, ''ঘটনাটি অত্যন্ত দুর্ভাগ্যজনক। আমাদের জানান কতজনের বিরুদ্ধে এফআইআর দায়ের হয়েছে। তাদের মধ্যে কতজনকে গ্রেফতার করা হয়েছে।''

উল্লেখ্য, সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি এনভি রামানাকে এই মামলায় সুপ্রিম কোর্টের হস্তক্ষেপের লিখিত আবেদন জানান। সেই আবেদনের পরিপ্রেক্ষিতেই এদিনের শুনানি। এদিন পিটিশনকারী বলেন, ''এই ঘটনায় আদালতকে উপযুক্ত পদক্ষেপ নেওয়ার জন্য আবেদন জানাচ্ছি। ঘটনাটিতে মানবাধিকারকে লঙ্ঘিত করেছে।'' এই ঘটনায় উত্তরপ্রদেশ সরকার উপযুক্ত পদক্ষেপ নেয়নি বলেও অভিযোগ করা হয়েছে।

হিন্দুস্থান সমাচার /সঞ্জয়

# চিনকে চাপে রাখতে তাইওয়ানের সঙ্গে সম্পর্ক মজবুত করার বার্তা আমেরিকার

ওয়াশিংটন, ৮ অক্টোবর (হি.স.): চিন ও আমেরিকা সংঘাতের মাঝে পিষ্ট হয়ে কার্যত যাঁতাকলে আটকে পড়েছে তাইওয়ানের। বেজিংকে চাপে রাখতে সেই পরিস্থিতি আরও ঘোরাল করে এবারওয়াশিংটন তাইপেইর সঙ্গে সম্পর্ক আরও মজবুত করার বার্তা দিল।

বৃহস্পতিবার মার্কিন বিদেশ দফতরের মুখপাত্র নেড প্রাইস জানান, তাইওয়ানের সঙ্গে সম্পর্ক আরও মজবুত করবে আমেরিকা। তাৎপর্যপূর্ণভাবে, বিগত দিনে চিনের সঙ্গে তাইওয়ানের সংঘাতের পরিস্থিতি তৈরি হয়েছে। কমিউনিস্ট দেশটির প্রেসিডেন্ট শি জিনপিং একাধিকবার ক্ষুদ্র দ্বীপরাষ্ট্রটিকে দখল করার হুমকি দিয়েছেন।

এহেন সময়ে তাইপেই ও ওয়াশিংটনের মধ্যে সম্পর্ক নতুন মাত্রা লাভ করেছে। এই বিষয়ে বৃহস্পতিবার প্রাইস বলেন, ''তাইওয়ানের প্রতি আমাদের দায়বদ্ধটা পাথরের মত কঠিন। ওই অঞ্চলে শান্তি ও স্থিতাবস্থা বজায় রাখতে এটা খুবই জরুরি।'' পরোক্ষে চিনকে বার্তা দিয়ে ওই মার্কিন আমলা আরও বলেন, ''আমরা সবসময় বন্ধুদের পাশে দাঁড়াব। গণতান্ত্রিক তাইওয়ানের সঙ্গে আমরা আগামী দিনেও সম্পর্ক আরও মজবুত করে যাব।''

বিশেষজ্ঞদের একাংশ মনে করছে, আফগানিস্তান নিয়ে আমেরিকা জেরবার। ভারত, রাশিয়া ও পশ্চিমের দেশগুলি আপাতত তালিবানের গতিবিধি নিয়ে ব্যস্ত। এটাই তাইওয়ানের উপর চাপ তৈরির মোক্ষম সুযোগ। কারণ মার্কিন মদত ছাড়া লালফৌজের সামনে তাইওয়ান দাঁড়াতে পারবে না। কিন্তু আফগানিস্তানে সদ্য ২০ বছরের লড়াই শেষ করে চিনের মতো শক্তির সঙ্গে সংঘাতে নামতে চাইবে না ওয়াশিংটন। তাই এই সুযোগে তাইওয়ান দখল করার চেষ্টা চালাতে পারে বেজিং। আশঙ্কা খানিকটা সত্যি করে কয়েকদিন আগে তাইওয়ানের 'এয়ার ডিফেন্স আইডেন্টিফিকেশন জোন'-এ ঢুকে পড়েছিল চিনের দু'টি যুদ্ধবিমান। এর মধ্যে একটি ছিল সাবমেরিন শিকারি 'শানশি ওয়াই-৮'

বিমান। এই প্লেনগুলিতে অত্যন্ত আধুনিক সনার ও রাডার রয়েছে যার ফলে এরা সহজেই প্রতিপক্ষের সাবমেরিন খুঁজে বের করতে সক্ষম হয়। কিন্তু সেটা যে মেনে নেওয়া হবে না তা এবার স্পষ্ট করল বাইডেন প্রশাসন।---হিন্দুস্থান সমাচার / কাকলি

# জাপানের নতুন প্রধানমন্ত্রীকে ফোন করে অভিনন্দন জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী

নয়াদিল্লি, ৮ অক্টোবর (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শুক্রবার জাপানের নতুন প্রধানমন্ত্রী ফুমিও কিশিদার সঙ্গে টেলিফোনে কথা বলেন এবং তাকে অভিনন্দন জানান। প্রধানমন্ত্রী মোদী টুইট করে এই বিষয়ে তথ্য দিয়েছেন। তিনি লেখেন, ''জাপানের প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণের জন্য তাকে অভিনন্দন জানাতে ফুমিও কিশিদার সঙ্গে ফোনে কথা বলেছি। আমি ভারত-জাপান বিশেষ কৌশলগত এবং বৈশ্বিক অংশীদারিত্বকে আরও শক্তিশালী করতে এবং ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে সহযোগিতা বৃদ্ধির জন্য তাদের সঙ্গে কাজ করার জন্য উন্মুখ।'

উল্লেখ করা যেতে পারে যে, কিশিদা জাপানের শততম প্রধানমন্ত্রী হয়েছেন। জাপানের প্রাক্তন প্রধানমন্ত্রী শিনজো আবে স্বাস্থ্যের কারণ দেখিয়ে পদত্যাগ করেছেন। এরপর গত বছরের সেপ্টেম্বরে ইয়োশিহাইড সুগা প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করেন।

# গত ২৪ ঘন্টায় পশ্চিমবঙ্গে করোনা আক্রান্ত ৭৮৪ জন

কলকাতা, ৮ অক্টোবর (হি. স.): করোনা কাঁটা পিছু ছাড়ছেনা শহরবাসীর। ফের ৭০০ পেরোল করোনা আক্রান্তের সংখ্যা। গত ২৪ ঘন্টায় পশ্চিমবঙ্গে করোনা আক্রান্ত ৭৮৪ জন। শুক্রবার এমনটাই খবর স্বাস্থ্য দফতরের তরফে প্রকাশিত বুলেটিন সূত্রে।

স্বাস্থ্য দফতরের বুলেটিন সূত্রে খবর, গত ২৪ ঘন্টায় করোনা আক্রান্ত হয়েছেন ৭৮৪ জন। যার জেরে আক্রান্তর সংখ্যা বেড়ে ১৫,৭৪,৮০১। করোনা আক্রান্ত হয়ে একদিনে মৃত্যু হয়েছে ৬ জনের। যার ফলে মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৮,৮৮২। করোনাকে হারিয়ে গত ২৪ ঘন্টায় সুস্থ হয়ে বাড়ি ফিরেছে ৫৮৭। একদিনে একদিনে করোনা পরীক্ষা হয়েছে ৩৮,৬৯। ফলে মোট করোনা পরীক্ষার সংখ্যা বেড়ে ১,৮৪,৩৫,৫৩২।

# মাদক-কাণ্ডে জামিন পেলেন না আরিয়ান

মুম্বই, ৮ অক্টোবর (হি.স) : জামিন পেলেন না শাহরুখ-পুত্র আরিয়ান খান। শুক্রবার অন্তর্বর্তী জামিনের আবেদন মঞ্জুর করল না আদালত। বৃহস্পতিবার আরিয়ানকে ১৪ দিন জেল হেফাজতে থাকার নির্দেশ দেয় আদালত। এই রায় ঘোষণার সঙ্গে সঙ্গেই শাহরুখ নিযুক্ত আইনজীবী আরিয়ানের অন্তর্বর্তী জামিনের আবেদন করেন।

হোয়াটসঅ্যাপে যে কথোপকথনের জেরে আরিয়ানকে মাদকাসক্ত বলে সন্দেহ করা হচ্ছে, তা নেহাতই 'নির্দোষ' ফুটবল নিয়ে ছিল বলে দাবি করলেন আইনজীবী সতীশ মানশিণ্ডে। কিন্তু সরকারী আইনজীবী অনিল সিং মনে করছেন, ফুটবল নয়, সাংকেতিক ভাষায় কোনও মাদক চক্রের সঙ্গে কথোপকথন চালাতেন আরিয়ান। সেই বিষয়টি আরও খতিয়ে দেখতেই তাঁকে নিজেদের হেফাজতে চেয়েছিল নারকোটিক্স কন্টোল ব্যুরো। দুই পক্ষের আইনজীবীর যুক্তি-পাল্টা যুক্তির পর আদালত অন্তর্বর্তী জামিনের আবেদন নামঞ্জুর করে আদালত।

# লখিমপুরের ঘটনায় মন্ত্রীর ছেলেকে ফের নোটিশ, ৯ অক্টোবর হাজিরার নির্দেশ

লখনউ, ৮ অক্টোবর (হি.স.): শুক্রবার সকাল দশটায় উত্তরপ্রদেশ পুলিশের কাছে হাজিরা দেওয়ার কথা ছিল কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী অজয় কুমার মিশ্র টেনির পুত্র আশিস মিশ্র ওরফে মনু-র। কিন্তু, তিনি হাজিরা দেননি। কেন্দ্রীয় প্রতিমন্ত্রীর ছেলেকে তাই ফের হাজিরা নোটিশ দিল উত্তর প্রদেশ পুলিশ। এবার নোটিশে জানানো হয়েছে, যেভাবেই হোক শনিবার (৯ অক্টোবর) বেলা এগারোটা নাগাদ পুলিশের কাছে আশিসকে হাজিরা দিতেই হবে। এর আগে বৃহস্পতিবার কেন্দ্রীয় মন্ত্রীর বাড়ির বাইরে নোটিশ সাঁটিয়ে এসেছিল পুলিশ। শুক্রবার সকালে হাজিরা দিতে বলা হয়েছিল, শুক্রবার হাজিরা না দেওয়া এদিনই ফের কেন্দ্রীয় মন্ত্রীর বাড়ির বাইরে নোটিশ সাঁটিয়ে এসেছে পুলিশ। ওই নোটিশে উল্লেখ করা হয়েছে, লখিমপুর হিংসার ঘটনায় শনিবার পুলিশের কাছে আশিসকে হাজিরা দিতে হবে।

সূত্রের খবর, নেপালে পালিয়ে গিয়েছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রীর ছেলে। কারণ, তাঁর শেষ মোবাইল লোকেশনে নেপাল সীমান্ত সংলগ্ন কোনও এলাকায় চিহ্নিত হয়েছে। তার পর থেকে তাঁর কোনও খোঁজ নেই। শুক্রবার হাজিরাও দিলেন না। ক'দিন আগে পর্যন্ত আশিস মিশ্র ওরফে মনুকে কেউ চিনতেন না। লখিমপুর খেরিতে রবিবারের ঘটনার পর থেকে সেই মানুষটিকেই খুঁজছে পুলিশ। অভিযোগ, আশিসের হাতেই ছিল গাড়ির স্টিয়ারিং। যে গাড়ির তলায় পিষ্ট হয়ে ৪ জন কৃষকের মৃত্যুর অভিযোগ করছেন আন্দোলনরত কৃষকরা।

# শিষ্য খুনে দোষী রাম রহিম-সহ ৫ জন, ১২ অক্টোবর সাজা ঘোষণা

চণ্ডীগড়, ৮ অক্টোবর (হি.স.): রণজিৎ সিং হত্যা মামলায় বিশেষ সিবিআই আদালতে দোষীসাব্যস্ত হলেন ডেরা সাচ্চা সৌদা প্রধান গুরমীত রাম রহিম সিং। রাম রহিম ছাড়াও শুক্রবার আরও ৪ জনকে ডেরা শিষ্য রণজিৎ সিং হত্যা মামলায় দোষীসাব্যস্ত করেছে হরিয়ানার পাঁচকুলার বিশেষ সিবিআই আদালত। সাজা ঘোষণা হবে আগামী ১২ অক্টোবর (মঙ্গলবার)। ডেরা শিষ্য রণজিৎ সিং হত্যা মামলায় অভিযুক্ত গুরমীত রাম রহিম সিং ও আরও ৪ জনকে শুক্রবার দোষীসাব্যস্ত করেছেন হরিয়ানার পাঁচকুলার বিশেষ সিবিআই আদালতের বিচারপতি সুশীল গর্গ। সাজা ঘোষণা হবে ১২ অক্টোবর (মঙ্গলবার)। প্রসঙ্গত, ধর্ষণের মামলায় এই মুহূর্তে ২০ বছরের জেলের সাজা খাটছেন গুরমীত রাম রহিম সিং।

২০০২ সালের ১০ জুলাই কুরুক্ষেত্রের খানপুর কোলিয়া গ্রামে রাম রহিমের শিষ্য রণজিৎ সিংয়ের গুলিবিদ্ধ মৃতদেহ উদ্ধার হয়। রাম রহিমের বিরুদ্ধে বাবাকে খুনের অভিযোগ জানান মৃত রণজিৎ সিংয়ের ছেলে। সিবিআই-এর দাবি, এই খুনের পিছনে হাত ছিল রাম রহিমের। কারণ, রাম রহিম তাঁর শিষ্যাদের উপর যৌন নির্যাতন চালাতেন। তাঁর সন্দেহ ছিল, এই খবর বাইরে বেরনোর পিছনে রয়েছেন রণজিৎ। তাই তাঁকে দুনিয়া থেকে সরিয়ে দেওয়ার পরিকল্পনা করা হয়। ২০১৭ সালের আগস্ট মাসে আশ্রমের মধ্যে দুই শিষ্যাকে ধর্ষণ এবং এক সাংবাদিকের খুনের দায়ে রাম রহিমকে ২০ বছর জেলের সাজা দেয় আদালত। বর্তমানে রোহতকের সুনারিয়া জেলে আছেন রাম রহিম।

# মতপ্রকাশের স্বাধীনতা রক্ষায় সাহসী লড়াই, শান্তিতে নোবেল পেলেন দু''জন

অসলো, ৮ অক্টোবর (হি.স.): চলতি বছর অত্যন্ত মর্যাদাপূর্ণ নোবেল শান্তি পুরস্কার দেওয়া হয়েছে দু''জনকে। শান্তিতে এ বছর নোবেল পেয়েছেন মারিয়া রেসা ও দিমিত্রি মুরাতভ। শুক্রবার নরওয়ের রাজধানী অসলো থেকে ঘোষণা করা হয় ২০২১ সালে শান্তিতে নোবেলজয়ীদের নাম। গণতন্ত্র এবং দীর্ঘস্থায়ী শান্তির পূর্বশর্ত মতপ্রকাশের স্বাধীনতা রক্ষার প্রচেষ্টার জন্য তাঁদের শান্তিতে পুরস্কার দেওয়া হয়েছে।

নোবেল কমিটি জানিয়েছে, মারিয়া রেসা ও দিমিত্রি মুরাতভ ফিলিপিন্স এবং রাশিয়ায় মতপ্রকাশের স্বাধীনতা রক্ষায় সাহসী লড়াইয়ের জন্য নোবেল শান্তি পুরস্কার পেলেন। পুরস্কারের অর্থ দু''জনের মধ্যে ভাগ করে দেওয়া হবে। মারিয়া রেসার জন্ম ১৯৬৩ সালের ২ অক্টোবর ফিলিপিন্সের ম্যানিলায়। আর দিমিত্রি আন্দ্রেইভিচ মুরাতভের জন্ম রাশিয়ায় সামারায় ১৯৬১ সালে। উল্লেখ্য, ২০২০ সালে শান্তিতে নোবেল পেয়েছিল জাতিসংঘের বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি)।

# শারদীয় দুর্গাপূজা উপলক্ষে আখাউড়া স্থলবন্দর পাঁচদিন বন্ধ

মনির হোসেন,ঢাকা,০৮ অক্টোবর।। সনাতন ধর্মাবলম্বীদের শারদীয় দুর্গাপূজা উপলক্ষে টানা পাঁচদিন বন্ধ থাকবে ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া স্থলবন্দর। ওই সময় সব ধরনের আমদানি-রফতানি বাণিজ্য বন্ধ থাকবে। আখাউড়া স্থলবন্দর আমদানি-রফতানিকারক অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক মো. শফিকুল ইসলাম বলেন, শারদীয় দুর্গাপূজা উপলক্ষে আগামী ১২ থেকে ১৬ অক্টোবর পর্যন্ত এ বন্দরের যাবতীয় আমদানি-রফতানি কার্যক্রম বন্ধ ঘোষণা করা হয়। তাই আমদানি-রফতানি না করার বিষয়টি ভারতীয় ব্যবসায়ীদের জানানো হয়েছে। আগামী ১৭ অক্টোবর সকাল থেকে পুনরায় আমদানি-রফতানি চালু হবে।

আখাউড়া ইমিগ্রেশন চেকপোস্ট ইনচার্জ আব্দুল হামিদ জানান, শারদীয় দুর্গাপূজা উপলক্ষে আখাউড়া স্থলবন্দর দিয়ে আমদানি-রফতানি কার্যক্রম বন্ধ থাকলেও দু-দেশের পাসপোর্টধারী যাত্রীদের পারাপার স্বাভাবিক থাকবে।

# দেহরাদূন বিমানবন্দরে নতুন টার্মিনালের উদ্বোধন, সুবিধা হবে যাত্রীদের

দেহরাদূন, ৮ অক্টোবর (হি.স.): দেহরাদূনের জলি গ্রান্ট বিমানবন্দরে নতুন টার্মিনাল উদ্বোধন করলেন কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া। শুক্রবার নতুন টার্মিনাল উদ্বোধনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি। এই নতুন টার্মিনাল উদ্বোধনের ফলে। এই টার্মিনাল উদ্বোধন হওয়ার ফলে সুবিধা হবে যাত্রীদের। এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার চেয়ারম্যান সঞ্জীব কুমার জানিয়েছেন, 'আগে দেহরাদূনের টার্মিনাল খুব ছোট ছিল এবং প্রতি ঘন্টায় ২৫০ জন যাত্রী চলাচল করতে পারতেন। টার্মিনালের ফেজ ১ এবং ফেজ ২ উদ্বোধনের সঙ্গে প্রতি ঘন্টায় ১৮০০ যাত্রী চলাচল করতে পারবেন। এতে যাত্রীদের আরও সুবিধা দেবে।'

# যে কোনও চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত বায়ুসেনা : ভি আর চৌধুরী

গাজিয়াবাদ, ৮ অক্টোবর (হি.স.): যে কোনও চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত ভারতীয় বায়ুসেনা। দেশকে আশ্বস্ত করে জানিয়ে দিলেন বায়ুসেনা প্রধান ভি আর চৌধুরী। শুক্রবার ভারতীয় বায়ুসনের ৮৯ তম প্রতিষ্ঠা দিবসে বায়ুসেনা প্রধান ভি আর চৌধুরী বলেছেন, 'কোনও বহির্শক্তি ভারতীয় ভূখণ্ড লঙ্ঘন করতে পারে না।' তাঁর কথায়, 'বর্তমানে যে পরিস্থিতির মুখোমুখি আমরা, তাতে আমি খুবই সচেতন যে, একটা গুরুত্বপূর্ণ সময়ে দায়িত্ব গ্রহণ করেছি। আমাদের দেশকে জানাতে হবে যে, কোনও বহির্শক্তিকে ভারতীয় ভূখণ্ড লঙ্ঘন করতে দেওয়া হবে না।'

৮ অক্টোবর দিনটি বায়ুসেনা দিবস হিসেবে পালিত হয়। শুক্রবার ৮৯ তম বায়ুসেনা দিবস। এদিন গাজিয়াবাদের হিন্ডন বায়ুসেনা ঘাঁটিতে প্রদর্শনীতে যোগ দেয় সারঙ্গ হেলিকপ্টার টিম। উড়ল রাফাল, তেজস, সুখোইয়ের মতো যুদ্ধ বিমানও। হিন্ডন বায়ুসেনা ঘাঁটিতে উপস্থিত ছিলেন চিফ অফ ডিফেন্স স্টাফ জেনারেল বিপিন রাওয়াত, নৌবাহিনীর প্রধান এডমিরাল করমবীর সিং এবং সেনাবাহিনীর প্রধান মনোজ মুকুন্দ নরবণে। প্যারেডে অংশ নেন বায়ুসেনা প্রধান ভি আর চৌধুরী।

# মাদককাণ্ডে শাহরুখ পুত্র আরিয়ান খানের জামিনের শুনানি চলছে আদালতে

মুম্বই, ৮ অক্টোবর (হি. স.) : মাদককাণ্ডে শাহরুখ পুত্র আরিয়ান খানের জামিনের শুনানি চলছে আদালতে। শুক্রবার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্টের প্রধান আরএম নেরলিকার এজসাসে এই হাইপ্রোফাইল মামলার শুনানি।

এদিনও আদালতে আরিয়ানের হয়ে সাওয়ার করছেন সতীশ মানেশিন্দে, অন্যদিকে এনসিবির হয়ে আদালতে দলিল পেশ করছেন অ্যাডিশনাল সলিসিটর জেনারেল অফ ইন্ডিয়া, অনিল সিং। এদিন এনসিবির তরফে জানানো হয় আরিয়ান সহ অপর অভিযুক্তদের

জামিনের আবেদন "ভুল, অস্পষ্ট এবং গ্রহণযোগ্য নয়"। এএসজি-র সাফ কথা, মামলার সারবত্তা বিচার করলে এই আবেদন একেবারেই গ্রহণযোগ্য নয়। তবে সেটা আদালতকে বিচার করতে হবে। এবং আবেদন যদি গ্রহণযোগ্য না হয়, তবে সেটি নিয়ে বিস্তারিত আলোচনায় গিয়ে লাভ নেই। কিন্তু সেটা আদালতকেই বিচার করতে হবে।

প্রসঙ্গত, দিন সাতেক আগেই মাদক-কাণ্ডে গ্রেফতার হয়েছে শাহরুখ পুত্র আরিয়ান খান। দু'দফায় এনসিবি হেফাজতের পর বৃহস্পতিবার আরিয়ানকে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছে আদালত। শুক্রবার পর্যন্ত এনসিবির হেফাজতেই রয়েছেন আরিয়ান সহ বাকিরা। এখন পর্যন্ত এই মাদক-কাণ্ডে মোট ১৬ জনকে গ্রেফতার করা হয়েছে। শাহরুখ পুত্রের গ্রেফতারির পর তার হোয়াটসঅ্যাপ চ্যাট খতিয়ে দেখেছে এনসিবি আধিকারিকরা।—হিন্দুস্থান সমাচার / কাকলি

# প্রস্তুত দিল্লি এয়ারপোর্টের ১ নম্বর টার্মিনাল, অক্টোবরেই উড়বে উড়ান

নয়াদিল্লি, ৮ অক্টোবর (হি.স) : করোনা মহামারি শুরু হওয়ার পর থেকে প্রায় ১৮ মাস বন্ধ থাকার পর আগামী ৩১ অক্টোবর ফের চালু হচ্ছে দিল্লি এয়ারপোর্টের ১ নম্বর টার্মিনাল। শুক্রবার ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষ এই ঘোষণা করে জানিয়েছে ১ নম্বর টার্মিনালের কার্যক্রম শুরু হবে চলতি মাসের শেষ দিন থেকে। সেই সঙ্গে এয়ারপোর্ট অথারিটির পক্ষ থেকে জানানো হয়েছে, করোনা নিয়মনীতি মেনে জোর দেওয়া হবে পরিষ্কার-পরিচ্ছন্নতা ও সোশ্যাল ডিস্টেন্স মেনে চলার উপর। দিল্লি বিমানবন্দর কর্তৃপক্ষ (ডিআইএএল) যাত্রীদের নিরাপত্তা এবং প্রবেশদ্বারে পয়েন্টগুলোতে ই-বোর্ডিং স্ক্যানার ব্যবহার করতে উতসাহিত করেছে।

টার্মিনালের কাজ শুরু হবে প্রাক-কোভিড অপারেটর ইন্ডিগো এবং স্পাইসজেটের সঙ্গে। ৩১ অক্টোবর টার্মিনাল ১ থেকে প্রথম ফ্লাইটটি ছাড়বে ইন্ডিগো সংস্থার। দিল্লি বিমানবন্দর থেকে মুম্বইয়ের উদ্দেশ্যে ইন্ডিগোর বিমানটি ছাড়বে দুপুর ১ টা ৫ এ। ডিআইএএল জানিয়েছে, ভারত সরকারের নির্দেশ অনুসারে কোভিড-১৯ বিস্তার রোধে সমস্ত সুরক্ষা ব্যবস্থা তারা নিশ্চিত করেছে। উল্লেখ্য, ২০২১ সালের জুলাই মাসে চালু হয়েছে টার্মিনাল ৩ ও টার্মিনাল ২।

হিন্দুস্থান সমাচার /সঞ্জয়

# বাংলাদেশের নওগাঁ সীমান্তে ভারতীয় গরুসহ দুই যুবক আটক

মনির হোসেন,ঢাকা,০৮ অক্টোবর।। বাংলাদেশের নওগাঁর ধামইরহাট সীমান্ত দিয়ে অবৈধভাবে নিয়ে আসা ১০ ভারতীয় গরুসহ দুই চোরাকারবারিকে আটক করেছে পুলিশ।

বৃহস্পতিবার সন্ধ্যায় উপজেলার আলমপুর ইউনিয়নের উত্তর চৌঘাট এলাকা থেকে তাদের আটক করা হয়। শুক্রবার সকালে আটকদের কারাগারে পাঠানো হয়েছে। আটকরা হলেন- ওই গ্রামের গোলাম হোসেনের ছেলে নাহিদ হোসেন (২২) ও আজিজুল হকের স্ত্রী আসমা বেগম (৩৮)।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে ওই এলাকায় অভিযান চালায় পুলিশ। সময় নাহিদ হোসেনের বাড়ি থেকে ভারত থেকে অবৈধ পথে নিয়ে আসা লাল রঙের ১০ গরু উদ্ধার করা হয়। এসময় নাহিদ হোসেন ও আজিজুল হককে আটক করা হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে আরও দুইজন পালিয়ে যান। উদ্ধার গুরুগুলোর বাজার মূল্য আনুমানিক ৩ লাখ ৮০ হাজার টাকা।

ধামইরহাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কেএম রাকিবুল হুদা বলেন, মামলা দিয়ে শুক্রবার সকালে তাদের কারাগারে পাঠানো হয়েছে।

# মাদক মামলায় আরিয়ান খান সহ ৮ জন অভিযুক্তকে কারাগারে স্থানান্তর করা হয়েছে

মুম্বাই, ৮ অক্টোবর (হি.স.): ক্রুজ শিপে হাই প্রোফাইল ড্রাগস মাদক পার্টি মামলায় গ্রেফতার হওয়া চলচ্চিত্র অভিনেতা শাহরুখ খানের ছেলে আরিয়ান খান সহ আটজন অভিযুক্তকে শুক্রবার মুম্বইয়ের আর্থার রোড জেল এবং বাইকুলা কারাগারে স্থানান্তরিত করা হয়। আজ সকালে এদের সকলের মেডিকেল টেস্ট করা হয়েছে মুম্বইয়ের জেজে হাসপাতালে।

সরকারি সূত্রে জানা গেছে, আটজনের মধ্যে ছয়জন পুরুষ অভিযুক্তকে আর্থার রোড কারাগারে এবং দুইজন মহিলা অভিযুক্তকে বাইকুলা জেলে পাঠানো হয়েছে। প্রকৃতপক্ষে, বৃহস্পতিবার, আদালত সমস্ত অভিযুক্তকে ১৪ দিনের জন্য বিচারবিভাগীয় হেফাজতে পাঠানোর আদেশ দিয়েছিল, কিন্তু শুনানি দেরী পর্যন্ত চলেছিল এবং সন্ধ্যা সাতটার পরে কারাগারে কোনও প্রবেশ নেই, তাই আরিয়ান সহ আট অভিযুক্তকে এনসিবি -র লকআপে রাখা হয়েছিল।

প্রসঙ্গত এদিকে, আজ মাদককাণ্ডে গ্রেফতার আরিয়ানদের জামিনের আবেদন খারিজ করে দিল আদালত। আর্থার রোড জেলেই ঠাঁই তারকা পুত্রের। এদিন ম্যারাথন সওয়াল-জবাব পর্ব শেষে মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্টের প্রধান আরএম নেরলিকার খারিজ করলেন আরিয়ান খান-সহ তাঁর বন্ধু আরবাজ মার্চেন্ট এবং মুনমুন ধামেচার জামিনের আবেদন।



শুক্রবার আগরতলায় প্রেস ক্লাবে আইপিএফটির বৈঠক। ছবি-নিজস্ব।

## দুর্গাপুর সিএমইআরআই তৈরী করল সৌরবিদ্যুত চালিত পরিবেশ বান্ধব উনুন, সস্তা হবে জ্বালানী খরচ

দুর্গাপুর, ৮ অক্টোবর (হি. স.) কয়লার জ্বালানীতে বাড়ছে দুষন। তার ওপর কয়লার ভান্ডার শেষের মুখে। লাফিয়ে বাড়ছে জ্বালানি গ্যাসের দাম। নাভিশ্বাস সাধারন মানুষের। এবার গৃহস্থের রান্না ঘরে সস্তায় জ্বালানি দেবে সৌর বিদ্যুতের উনুন। এমনই এনুন তৈরী করল দুর্গাপুর যান্ত্রিক প্রযুক্তি গবেষণাগার (সিএমইআরআই)। শুক্রবার ওই উনুন হাতে কলমে রান্না করে দেখাল সংস্থার বিজ্ঞানীরা। ইতিমধ্যে ওই উনুনের প্রযুক্তি নিয়েছে জেলারই দুই সংস্থা। খুব শীঘ্রই বাজারজাত হবে বলে জানয়েছে বিজ্ঞানীরা। গত কয়েকমাস ধরে জ্বালানী গ্যাসের দাম উর্দমুখি। হাজারের কোঠায় পৌঁছে গেছে গৃহস্থলির কাজে ব্যাবহৃত সিলিন্ডার। লকডাউনের জের কাটিয়ে ওঠার আগে জ্বালানি গ্যাস কিনতে চোখে সরষে ফুল দেখছে মধ্যবিত্ত ও নিম্নবিত্ত পরিবারগুলি। রাজ্যের জঙ্গলমহলে ইতিমধ্যে আগের মত কাঠের আগুনের রান্নার কাজ শুরু করেছে। এবার মধ্যবিত্ত ও নিম্নবিত্ত পরিবারে সস্তায় পরিবেশ বান্ধব জ্বালানি দিতে সৌরবিদ্যুত চালুত উনুন তৈরী করল দুর্গাপুর সিএমইআরআই। শুক্রবার সৌরবিদ্যুত চালিত উনুনে রান্না করে দেখালো সিএমইআরআই য়ের বিজ্ঞানীরা। কি আছে ওই উনুনে? সৌরবিদ্যুতের প্যানেল। সেখান থেকে ব্যাটারী চার্জ হয়। ওই ব্যাটারী থেকে বিজ্ঞানী দের তৈরী করা উনুনে বিদ্যুত পরিবাহি হয়। কিছুটা বৈদ্যুতিক হিটারের মত দেখতে উনুনগুলো। বিভাগীয় বিজ্ঞানী চঞ্চল লোহা জানান,' প্রাথমিক যে উনুন তৈরী করা হয়েছে, তাতে আড়াই ঘন্টা জ্বালানী দেবে। সব মিলিয়ে খরচ পড়বে ৪০ হাজার টাকা। আগামী পাঁচা বছর পর্যন্ত চলবে।' তিনি আরও বলেন,' এলপিজি ব্যাবহার করা হলে প্রতি কেজিতে ৩ কেজি কার্বনডাই অক্সাইড উৎপন্ন হয়। তবে সৌরবিদ্যুত চালিত উনুন সম্পুর্ন দুষনহীন। পরিবেশ বান্ধব। তাই গৃহস্তের রান্নাঘরে সহজে পৌঁছানোর জন্য এধরনের উনুনে সাবসিডি দেওয়ার জন্য সরকারের কাছে আবেদন রাখছি।' সিএমইআরআইয়ের ডিরেক্টর ডঃ হরিশ হিরানী বলেন,' ইতিমধ্যে দুটো সংস্থা প্রযুক্তি নিয়েছে। বেশী পরিমানে তৈরী করলে উনুনের দাম নাগালের মধ্যে থাকবে। সরকারের কাছেও প্রস্তাব পাঠানো হয়েছে।' এদিন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুম্বই আইআইটির সিইও উনিকৃষ্ণনন। তিনি বলেন,' এধরনের সৌরবিদ্যুত চালিত উনুন পরিবেশের পক্ষে উপযোগী।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ **রিলিভার্স :** ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## গঙ্গার নীচে পাইপলাইনের মুখে আবর্জনা জমে ফের বন্ধ হল হাওড়ার জল সরবরাহ

হাওড়া, ৮ অক্টোবর (হি.স.): ফের জল সরবরাহ বন্ধ থাকল হাওড়া শহরে। শুক্রবার সকালে গঙ্গার নীচে থাকা পদ্মপুকুর জল প্রকল্পের দু'টি কেন্দ্রের পাইপলাইনের মুখে আবর্জনা জমে যাওয়ায় ফের অবরুদ্ধ হয়ে যায় পাইপের মুখ। ফলে জল তুলতে না পারায় বন্ধ হয়ে যায় দুপুরের সরবরাহ।

গত বুধবারই গঙ্গা থেকে জল তোলার জন্য পদ্মপুকুর জল প্রকল্পের দু'টি কেন্দ্রের পাম্প দিন তিনেক আগে আচমকা বিকল হয়ে যাওয়ায়। নির্জলা হয়ে পড়েছিল পুরো শহর। বন্যায় গঙ্গার জলে ভেসে আসা আর্বজনা পানীয় জলের পাইপলাইনে ঢুকে যাওয়ায় বিকল হয়ে গিয়েছিল ওই দু'টি পাম্প। ডুবুরি নামিয়ে সেই আর্বজনা সাফাইয়ের পরে

বুধবার দুপুর থেকে স্বাভাবিক হয় জল সরবরাহ। পুরসভা সূত্রে জানা গিয়েছে, এ দিন সকালে ফের গঙ্গার নীচে থাকা পাইপলাইনের মুখে আবর্জনা জমে যাওয়ায় অবরুদ্ধ হয়ে যায় পাইপের মুখ। আবারও ডুবুরি নামিয়ে সেই আবর্জনা পরিষ্কারের ব্যবস্থা করতে হয়। এর জন্য প্রায় দেড় ঘণ্টা বন্ধ রাখতে হয় সব পাম্প। ফলে জল তুলতে না পারায় বন্ধ হয়ে যায় দুপুরের সরবরাহ।

হাওড়া পুরসভার প্রশাসকমণ্ডলীর চেয়ারপার্সন সুজয় চক্রবর্তী জানান, সকাল থেকে জল তুলতে না পারায় পদ্মপুকুর জল প্রকল্পের ভূগর্ভস্থ জলাধার ফাঁকা ছিল। পাইপলাইনের মুখ থেকে আর্বজনা পরিষ্কারের পরে সেগুলি আগে ভর্তি করা হয়। এই কাজের জন্য দুপুরে জল সরবরাহ করা যায়নি। তবে সন্ধ্যার মধ্যে সরবরাহ স্বাভাবিক হয়ে যাবে বলে আশ্বস্ত করেন চেয়ারপার্সন।

পুরসভার এক পদস্থ কর্তা বলেন, "যে ঘটনা গত কয়েক দিন ধরে ঘটছে, তাতে আমাদের কিছু করার নেই। এটা প্রাকৃতিক সমস্যা। বন্যার জলে ভেসে আসা টন টন আর্বজনা গঙ্গার নীচে থাকা পাইপের মুখে জমে যাওয়ায় পাম্প চালানো যাচ্ছে না। ডুবুরি নামিয়ে যে কাজটা বছরে দু'বার করতে হত, সেটাই এখন প্রতিদিন দু'বার করতে হচ্ছে।" তিনি জানান, এই সমস্যা মেটাতে যে জেটিতে ওই পাইপলাইন পাতা আছে, তার চার পাশে জাল লাগিয়ে দেওয়া হয়েছে। যাতে আর্বজনা সরাসরি পাইপের মুখে জমে না যায়। হিন্দুস্থান সমাচার / কাকলি

## মালদায় মায়ের চিকিৎসা করাতে গিয়ে দুর্ঘটনায় মৃত্যু ছেলের

মালদা, ৮ অক্টোবর (হি. স.) : মালদার ইংরেজবাজার থানার অমৃতি পাঁচমাইল এলাকায় মায়ের চিকিৎসা করাতে গিয়ে দুর্ঘটনায় মৃত্যু হল ছেলের। শুক্রবার মর্মান্তিক দুর্ঘটনাটি ঘটে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃতের নাম আনিকুল ইসলাম (২৩)। আহত অবস্থায় নূরজাহান বিবি(৬২)-কে মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়। এদিন মোথাবাড়ি থেকে বাইকে করে অসুস্থ মাকে মালদা মেডিকেলে নিয়ে আসছিলেন আনিকুল। অমৃতি পাঁচমাইল এলাকায় রাজ্য সড়কে তাঁর বাইকের সঙ্গে একটি যাত্রীবাহী বাসের মুখোমুখি সংঘর্ষ হয়। বাসের ধাক্কায় রাস্তায় ছিটকে পড়ে ঘটনাস্থলেই মৃত্যু হয় আনিকুলের। গুরুতর আহত অবস্থায় নূরজাহান বিবিকে মালদা মেডিকেলে ভর্তি করা হয়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় ইংরেজবাজার থানার পুলিশ। মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মালদা মেডিকেলে পাঠানো হয়েছে। ঘটনার তদন্ত চলছে। হিন্দুস্থান সমাচার / সোনালি

## মুখ্যমন্ত্রী

● **প্রথম পাতার পর।।** সহ উন্নত ও আধুনিক স্বাস্থ্য পরিষেবা রাজ্যের সর্বত্র সম্প্রসারণ করা হচ্ছে। যাতে করে সমস্ত অংশের মানুষের কাছে উন্নত স্বাস্থ্য পরিষেবা সুনিশ্চিত করা যায়। রাজ্যে তৈরি হওয়া অক্সিজেন প্ল্যান্টগুলি করোনা পরিস্থিতি মোকাবিলার পাশাপাশি রাজ্যের স্বাস্থ্য পরিষেবাকে উন্নত করবে।

তিনি বলেন, প্রধানমন্ত্রীর সুযোগ্য নেতৃত্বে তুলনামূলক কম সময়ে করোনা ভ্যাকসিনের স্বদেশি টিকা দেশবাসীর জীবন সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। এরফলে রাজ্যের পজিটিভিটি রেট নামিয়ে আনা সম্ভব হয়েছে। যার ফলশ্রুতিতে দীর্ঘদিন স্থগিত হয়ে থাকা রাজ্যের সাংস্কৃতিক চর্চার সুযোগ এই অনুষ্ঠানকে কেন্দ্র করে আবারও খুলে গেছে। আত্মনির্ভর ত্রিপুরা নির্মাণের লক্ষ্যে সবার সর্বাঙ্গীন অংশগ্রহণ প্রত্যাশা করেন মুখ্যমন্ত্রী।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে উপাধ্যক্ষ বিশ্ববন্ধু সেন বলেন, নগরোন্নয়ন দপ্তর এবং বিধায়ক উন্নয়ন তহবিলের অর্থানুকূল্যে এই সংস্কার কাজটি সম্পন্ন হয়েছে। মুখ্যমন্ত্রীর আন্তরিক প্রচেষ্টায় ধর্মনগর কালীবাড়ির পুণ্যদীঘির সংস্কার ও আধুনিকীকরণের কাজ দ্রুততার সাথে সম্পন্ন হয়েছে। ধর্মনগরের উন্নয়নে গৃহীত বিভিন্ন পদক্ষেপের জন্য মুখ্যমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন তিনি। এই দীঘিতেই সম্প্রতি স্থাপিত হয়েছে মহাদেবের পূর্ণাবয়ব বিগ্রহ। উপাধ্যক্ষ জানান, এই কালীবাড়ির দীঘিতে অল্প সময়ের মধ্যেই প্রতিদিন মঙ্গল আরতি করার পরিকল্পনা রয়েছে। ধর্মনগর শহরকে স্বচ্ছ, নির্মল এবং সবুজায়নের লক্ষ্যে সবার সর্বোতে সহযোগিতা প্রত্যাশা করেন তিনি।

এদিনের অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী জায়া তথা পূর্বোদয় সামাজিক সংস্থার সম্পাদিকা নিতি দেব, উত্তর ত্রিপুরা জেলার জিলা পরিষদের সভাধিপতি ভবতোষ দাস, এলাকার বিশিষ্ট ব্যক্তিত্ব রসিক রঞ্জন গোস্বামী, সমাজসেবী রত্না রায় চৌধুরী (সেন) প্রমুখ।

## তিপ্রা মথা

● **প্রথম পাতার পর।।** মাস্টার। কলকাতায় জোর মিডিয়ার প্রচার চলছে। কলকাতাবাসী এতটাই বিভ্রান্ত হচ্ছেন, ত্রিপুরায় তৃণমূল রাজত্ব চালাবে। অথচ ত্রিপুরায় তৃণমূলের ভগ্নদশা লজ্জা পাওয়ার মতো ঘটনা। এই অবস্থায় পূজার পরেই পুর নির্বাচনের ঢাকে কাঠি পড়বে। বিধানসভা নির্বাচনের সেমি ফাইনাল হিসেবে অনেকে দেখতে পারেন। এই সামগ্রিক পরিস্থিতিতে রাজ্যের পুর ও বিধানসভা নির্বাচনের একটি রূপরেখা তৈরী হতে পারে। রাজনৈতিক শক্তিগুলো কিভাবে জোটবদ্ধ হবে কিনা তাই এখন লাখ টাকার প্রশ্ন। তবে, তৃণমূলের ঝটকা বিজেপিকে এতটুকু বিচলিত করে নাই তা স্পষ্ট।

## জলপাইগুড়িতে নর্দমা থেকে মহিলার দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য

জলপাইগুড়ি, ৮ অক্টোবর (হি. স.) : জলপাইগুড়ির কোতোয়ালির জয়পুর চা বাগানে নালার মধ্যে থেকে মহিলার দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। মৃতের পরিচয় এখনও জানা যায়নি। পুলিশ গিয়ে দেহটিকে উদ্ধার করেছে। জানা গেছে, শুক্রবার সকালে জলপাইগুড়ির কোতোলায়িতে জয়পুর চা বাগানে কাজ করছিলেন শ্রমিকরা। তাঁদেরই চোখে পড়ে এক নর্দমায় গোড়ালি ডোবা জলের মধ্যে পড়েছিল দেহটি। প্রথমে তাঁরা চমকে উঠেছিলেন। মাথার বাঁ অংশটা থ্যাতলান ছিল। রক্ত বেরোচ্ছিল সেখান থেকে। খবর চাউর হতেই চাঞ্চল্য ছড়ায় চা বাগানে। অনান্য শ্রমিকরাও দেহ দেখতে চলে আসেন। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় জলপাইগুড়ি কোতোয়ালি থানার পুলিশ। দেহটি উদ্ধার করে নিয়ে যাওয়া হয়েছে। চা শ্রমিকদের সঙ্গে কথা বলেন পুলিশ কর্তারা।

পুলিশ জানিয়েছে, "এক মহিলার দেহ উদ্ধার হয়েছে। তাঁর পরিচয় জানার চেষ্টা চলছে। মহিলার ব্যাগ থেকে কিছু কাগজ উদ্ধার হয়েছে। সেগুলি থেকে দেখা যাক কোনও সূত্র মেলে কিনা। তবে ধর্ষণ করে খুন কিনা, তা ময়নাতদন্তের পরই বোঝা যাবে।" ধারাল অস্ত্র দিয়ে মাথায় আঘাত করেই খুন করা হয়েছে বলে প্রাথমিকভাবে মনে করছে পুলিশ।

## শনিবার থেকেই শুরু হচ্ছে পুজোর পুলিশি ব্যবস্থা, এবার ৩১টি নতুন টহলদারি যান

কলকাতা, ৮ অক্টোবর (হি. স.) : তৃতীয়াতেই কিছু সংখ্যক পুলিশ নামবে রাস্তায়। চতুর্থী থেকে পুরোদমে শুরু হবে পুলিশি পাহারা। এবছর পুজোয় ৩১টি নতুন টহলদারি যান, যাতে অস্ত্র নিয়ে থাকছেন পুলিশ আধিকারিক ও পুলিশকর্মীরা। শুক্রবার কলকাতার পুলিশ কমিশনার পুজোর "গাইড ম্যাপ" প্রকাশ করেন লালবাজারে।

লালবাজারের নির্দেশ, পুজো মণ্ডপগুলিতে যেন পর্যাপ্ত সংখ্যক পুলিশ রাখা হয়। বিকেল সাড়ে তিনটে থেকে ভোর, রাত বারোটা থেকে সকাল আটটা ও সকাল আটটা থেকে বিকেল চারটে, এই তিন শিফটে মণ্ডপ ও রাস্তায় পুলিশ থাকছে। ঠাকুর দেখতে এসে বহু তরুণ-তরুণী বেশি রাতে সরকারি বাসের ভাড়া দিতে চান না। তাই বেশি রাতে বাস চালাতে ভয় পান কিছু বাস চালক। তাঁদের যেন অসুবিধা না হয়, তার জন্য রাত দশটার পর ওয়্যারলেস পেট্রোল গাড়িকে বাসের উপর নজর রাখতে হবে।

দেশের বিভিন্ন জায়গায় যেহেতু নাশকতার ঘটনা ঘটেছে, তাই পুলিশকে পুজোর সময় অত্যন্ত সতর্ক থাকতে হবে। মণ্ডপে ছিনতাইকারী, পকেটমার, ইভটিজারদের উপর নজর রাখতে হবে সাদা পোশাকের পুলিশকে। আইন ও শৃঙ্খলা নিয়ন্ত্রণে আনতে সাহায্য নিতে হবে থানার কোঅর্ডিনেশন কমিটির। পুজো মণ্ডপের কাছে ও গুরুত্বপূর্ণ রাস্তার সংযোগস্থলে পথচারী ও গাড়িদের যাতায়াতের সুবিধার জন্য কোনও হকার বসতে দেওয়া হবে না বা ফুডস্টল থাকবে না। নিরাপত্তার জন্য মণ্ডপের কাছে থাকবেন না কোনও গ্যাস বেলুন বিক্রেতা। প্রত্যেকটি পিকেটের উপর নজর থাকবে পুলিশকর্তাদের।

লালবাজারের নির্দেশ, ডিউটিতে থাকা প্রত্যেক পুলিশকর্মী ও আধিকারিককে পরিষ্কার ও স্মার্ট ইউনিফর্ম পরে থাকতে হবে। পুজোর সময় লাখো মানুষের সামনে তাঁদেরই রক্ষা করতে হবে কলকাতা পুলিশের সম্মান। ভিড় সামলাতে পুলিশ অফিসারদের মাইক ব্যবহার করতে হবে। কলকাতার ৩৮টি জায়গায় ট্রাফিক পুলিশ বিশেষ ব্যবস্থা রাখবে। যেহেতু দক্ষিণ কলকাতার রাসবিহারী ক্রসিং থেকে সাতটি পুজো মণ্ডপে যাওয়া যায়, তাই ওই জায়গাটিতে থাকছে অতিরিক্ত সংখ্যক ট্রাফিক পুলিশ। বড় পুজো মণ্ডপগুলির আশপাশে ভিড় ও ট্রাফিক নিয়ন্ত্রণে স্কেচ তৈরি করবে পুলিশ। ভিড়ের মধ্যে কোনও বস্তু ঘিরে আতঙ্ক হলে যাতে পদপিষ্ট হওয়ার মতো ঘটনা না ঘটে, সেই ব্যাপারেও নজর দেওয়া হবে বলে জানিয়েছে পুলিশ।

## ১০০ জন

● **প্রথম পাতার পর।।** ঘটনার তদন্ত চলছে।

তালিবান মুখপাত্র জাবিনুল্লা মুজাহিদ ওই বিস্ফোরণের কথা জানিয়ে একটি টুইট করেছেন। তালিবান মুখপাত্র জাবিহুল্লা মুজাহিদ জানিয়েছেন, কতজন মারা গিয়েছেন বা আহত হয়েছেন তা নির্দিষ্টভাবে বলা যাচ্ছে না। তবে মসজিদের মধ্যেই বিস্ফোরণ হয়েছে।" এদিকে এখনও পর্যন্ত কোনও গোষ্ঠী এই বিস্ফোরণের দায় নিতে চায়নি। মনে করা হচ্ছে ইসলামিক স্টেট গ্রুপের হাত এর পেছনে থাকতে পারে। কারন এরাই তালিবানের ঘোরতর বিরোধী বলেই পরিচিত।

বাসিন্দাদের দাবি, জুম্মাবারে মসজিদে প্রার্থনা চলছিল। সেই সময়ই আচমকা বিস্ফোরণ হয়। স্থানীয় এক ব্যবসায়ী জানিয়েছেন, ভাবতে পারছি না এই ধরনের ঘটনা। অ্যাম্বুলান্সগুলি একের পর এক ঘটনাস্থল গিয়েছে শুধু মৃতদেহ আনার জন্য। অনেকেরই ধারণা মৃতের সংখা আরও বাড়তে পারে। এদিকে হাসপাতালের মেইন গেটের সামনে শুধুই কান্নার রোল। তবে তালিবান যুবকরা বার বার চাইছে ভিড় সরিয়ে দিতে। কারন এই ভিড়ের মাঝেই আবার বিস্ফোরণ হতে পারে।

এদিকে একাধিক ভিডিওতে দেখা যাচ্ছে রক্তে ভিজে গিয়েছে মসজিদের মাটি। এক যুবক জানিয়েছেন, বিস্ফোরণের শব্দ শুনেই ছুটে গিয়েছিলাম। পরে দেখি দাদা অজ্ঞান হয়ে পড়ে রয়েছে।অপর এক শিক্ষিকা বলেন, আমার ১৬ বছরের এক প্রতিবেশীর মৃত্যু হয়েছে। তার অর্ধেক শরীর পাওয়া যায়নি।

## অবরোধ

● **প্রথম পাতার পর।।** এডভান্সের দাবিতে শুক্রবার খোয়াই মহকুমার অঙ্গনওয়াদি কর্মী সহায়িকারা সকাল দশটা থেকে খোয়াই-মোহনপুর-আগরতলা সড়কের পদ্মবিলে অবরোধে সামিল হন। মহকুমার তিনটি ব্লক ও একটি পুর এলাকার আইসিডিএস প্রজেক্টের অঙ্গনওয়াদি কর্মী সহায়িকারা অবরোধে বসেন।

প্রায় দেড় ঘন্টা অবরোধ চলার পর সমাজশিক্ষা ও সমাজকল্যান দপ্তরের জেলা আধিকারিক অবরোধস্থলে গিয়ে অঙ্গনওয়াদি কর্মী সহায়িকাদের সাথে কথা বলেন ও বকেয়া ফিডিং বিল অবিলম্বে মিটিয়ে দেওয়া সহ শুক্রবার থেকেই তাঁদের ব্যাংক অ্যাকাউন্টে পূজো এডভান্সের টাকা পৌঁছে দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে অবরোধ প্রত্যাহার করা হয়। সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের একাংশ অফিসার ও কর্মীদের বদান্যতার কারণেই এ ধরনের পরিস্থিতির সৃষ্টি হয়েছে বলে অভিযোগ।

## অভিষেক

● **প্রথম পাতার পর।।** করেন অভিষেক। সেই বৈঠকেই দলীয় সদস্যদের পুরভোটের জন্য প্রস্তুত হওয়ার নির্দেশ দিয়েছেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক।

প্রসঙ্গত, মহালয়ার দিনই তৃণমূলের তরফে ত্রিপুরার রাজ্য কমিটির সদস্যদের নাম ঘোষণা করা হয়েছে। কমিটিতে রয়েছেন ১৯ সদস্য। স্টিয়ারিং কমিটির মাথায় রয়েছেন সুবল ভৌমিক। রাজ্য আহ্বায়কের পদে রয়েছেন তিনি। এছাড়াও কমিটিতে রয়েছেন সুস্মিতা দেব, প্রকাশচন্দ্র দাস, আশিসলাল সিং, কৃষ্ণধন দাস, ড় দেবব্রত দেব রায়, আবদুল বাসিত খান, ত্রিদিব দত্ত, শম্পা দাস, কল্পমোহন ত্রিপুরা, মামন খান, নীলকান্ত সিনহা, শর্মিষ্ঠা দেব সরকার, রবি চৌধুরী, শিবানি সেনগুপ্ত. ইদ্রিস মিঞা, অঞ্জন চক্রবর্তী, অনিতা দাস, মলিন জামাতিয়া।

## পুলিশ সুপার

● **প্রথম পাতার পর।।** যান দুর্ঘটনায় মানুষের ক্ষয়ক্ষতি হচ্ছে। প্রশাসন দুর্ঘটনা রোধে সচেতনতা মূলক প্রচার এবং নানাহ কঠোর পদক্ষেপ গ্রহণ করা সত্ত্বেও যান সন্ত্রাস বন্ধ করা যাচ্ছে না।

## উপনির্বাচনে প্রচার করবেন দেব-মিমি-রাজ, প্রকাশিত তৃণমূলের প্রচারকের তালিকা

কলকাতা, ৮ অক্টোবর (হি.স) : পুজো মিটলেই ফের ভোটের বাদ্যি বেজে উঠবে রাজ্যে। আগামী ৩০ অক্টোবর রাজ্যের চার বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন। পুজোর আনন্দ-উদযাপনের মধ্যেও প্রতিটি রাজনৈতিক দলই উপনির্বাচন নিয়ে কাজ চালিয়ে যাচ্ছে। শুক্রবার দুপুরে এই চার কেন্দ্রে তারকা প্রচারকদের তালিকা প্রকাশ করেছে বিজেপি। তার কিছুক্ষণ পরই প্রচারকের তালিকা প্রকাশ করল রাজ্যের শাসকদল তৃণমূল। সেই তালিকা প্রকৃত অর্থেই "তারকাখচিত"। মোট ২০ জন নাম রয়েছে তালিকায়। তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় তাঁর দলের ২০ জন তারকা প্রচারকের তালিকা মুখ্য নির্বাচন কমিশনার এবং পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিককে পাঠিয়েছেন। প্রচারক তালিকায় রয়েছেন সাংসদ দেব তথা দীপক অধিকারী, মিমি চক্রবর্তী, বিধায়ক জুন মালিয়া, রাজ চক্রবর্তী, সোহম চক্রবর্তী। তালিকায় রয়েছেন দলের যুব সম্পাদক সায়নী ঘোষ, অভিনেত্রী সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায়ও।

তৃণমূলের তরফে প্রকাশিত তালিকার শীর্ষে রয়েছে দলের সুপ্রিমো তথা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নাম। তাঁর পাশাপাশি প্রচার করবেন দলের সর্বভারতীয় অভিষেক বন্দ্যোপাধ্যায়, মহাসচিব পার্থ চট্টোপাধ্যায়, দলের রাজ্য সম্পাদক সুব্রত বক্সিরাও।

## "গাদাগুচ্ছের মামলা দিয়েছে নিজেও জানি না," ক্ষোভ দিলীপের

কলকাতা, ৮ অক্টোবর (হি.স) : শুক্রবার বিধাননগর ময়ূখ ভবনের এমপি এমএলএ কোর্টে জামিন পেলেন বিজেপি"র প্রাক্তন রাজ্য সভাপতি তথা বর্তমান সর্বভারতীয় সহসভাপতি দিলীপ ঘোষ। এদিন তিনটি মামলায় জামিন পান তিনি। মামলা তিনটি ছিল রায়গঞ্জ, ঝাড়গ্রাম এবং হেয়ারস্ট্রিট থানার। জামিন পেয়ে চেনা ভঙ্গিতে দিলীপের বক্তব্য, 'আমার বিরুদ্ধে যখন তখন কেস হচ্ছে, ওয়ারেন্ট বের হচ্ছে। জানিও না কোথায় কি কেস! একবার করে এসে মুখ দেখিয়ে যেতে হয়।'

জামিনের পর আদালত থেকে বেরিয়ে দিলীপ আরও বলেন, 'আজকে আমার কেস ছিল ঝাড়গ্রামে। এটা একটা পুরোনো কেস, যেটা হাইকোর্টে জামিন হয়ে গিয়েছিল। আর একটা নতুন কেস রায়গঞ্জে। এই কেসটা কবে হয়েছিল জানি না, তার ওয়ারেন্ট ছিল। জামিনের জন্য এখানে এসেছিলাম। অনেক জায়গায় কেস দিয়েছে, আমি নিজেই জানি না। হঠাত হঠাত ওয়ারেন্ট বের হয়। এখানে এসে আমাদের বেল নিতে হয়। তাই এসে ছিলাম। জেলায় জেলায় আমার নামে কোথায় আইন ভাঙা, কোথাও মিছিল করা এসব নানান কেস রয়েছে।'

এদিন উত্তরপ্রদেশ লখিমপুর খেরির ঘটনায় তৃণমূলের পাঁচ সদস্যের যাওয়া প্রসঙ্গে দিলীপের বক্তব্য, 'আগে পশ্চিমবঙ্গের আইনশৃঙ্খলা ঠিক করুন, উত্তরপ্রদেশ ঠিক আছে। ওখানে গিয়ে ছবি তোলার দরকার নেই।'

## বিধানসভার স্পিকারের তলবে হাজিরা নয় সিবিআই-ইডি-র, নির্দেশ কলকাতা হাইকোর্টের

কলকাতা, ৮ অক্টোবর (হি.স) : সিবিআই এবং ইডিকে বিধানসভার স্পিকার তলব করতে পারেন কি না, সরাসরি সে প্রশ্নের জবাব দিল না কলকাতা হাইকোর্ট। তবে শুক্রবার আদালত জানিয়েছে, আগামীদিনে সিবিআই এবং ইডি-র স্পিকারের তলব শুনে বিধানসভা হাজির হওয়ার কোনও প্রয়োজন নেই। আগামী দিনে ফের স্পিকার তলব করলে সিবিআই এবং ইডি-কে আদালতের দ্বারস্থ হতে বলেছে হাই কোর্ট। বিধানসভায় তলবের ঘটনায় স্পিকারের বিরুদ্ধে সিবিআই এবং ইডি-র দায়ের করা মামলার শুক্রবারের শুননি-পর্বে বিরক্তি প্রকাশ করেন বিচারপতি রাজাশেখর মান্থা। তাঁর মন্তব্য, """অনেক হয়েছে, আর নয়। দু"পক্ষকেই বলছি। যথেষ্ট রাজনৈতিক ঝগড়া হয়েছে। মানুষ রায় দিয়ে দিয়েছে। এখন এটা লজ্জাজনক। এবার আপনারা এ সব বন্ধ করুন। সব ভুলে কাজে মন দিন। পরবর্তীকালে এই ধরনের কাজ হলে আইন নিজের কাজ করবে।" হিন্দুস্থান সমাচার /সঞ্জয়

## প্রতিমা

● **প্রথম পাতার পর।।** সংস্থা উৎপাদন কেন্দ্র স্থাপনের জন্য সিপাহীজলা জেলায় জমি চিহ্নিতকরণের কাজ সম্পন্ন হয়েছে। রাজ্যে সমস্ত জেলায় দিব্যাঙ্গজন এবং প্রবীণ নাগরিকদের মধ্যে সহায়ক যন্ত্রপাতি বিতরণের জন্য দপ্তরের মাধ্যমে মূল্যায়ন প্রক্রিয়া চলছে। এখন পর্যন্ত ১৮ হাজার ৪৩৪ টি ইউডিআইডি কার্ড প্রদান করা হয়েছে। পাশাপাশি সমস্ত ডিডিআরসি-তে এই ইউডিআইডি কার্ড আপলোড করার কাজ চলছে এবং ডিডিআরসি সব তথ্য সংশোধনের জন্য শিবিরের আয়োজন করছে। নিরাময় স্বাস্থ্য বীমা সম্পর্কে জনগণকে সচেতন করার লক্ষ্যে সিআরসি-র মাধ্যমে নিয়মিত শিবির করা হচ্ছে। প্রস্তাবিত ৪টি নুতন ডিডিআরসি তৈরি প্রক্রিয়াধীন, বলেন তিনি।

তিনি জানান, মাদক দ্রব্যের কুপ্রভাব সম্পর্কে সচেতনতামূলক কর্মসূচিতেও দপ্তর সদর্থক পদক্ষেপ গ্রহণ করেছে। এক্ষেত্রে মাদকাসক্তদের সুস্থ করে তাদের দক্ষতা বিকাশের জন্য স্কিল ডেভেলপমেন্ট দপ্তরকে অর্থ বরাদ্দ করা হয়েছে। পাশাপাশি মাদক দ্রব্যের কুপ্রভাব সম্পর্কে ছাত্রছাত্রীদের মধ্যে সচেতনতা বাড়ানোর লক্ষ্যে শিক্ষা দপ্তরকে অর্থ বরাদ্দ করা হয়েছে। তিনি বলেন, কেন্দ্রীয় সামাজিক ন্যায় এবং ক্ষমতায়ন দপ্তরের বিভিন্ন প্রকল্পগুলিকে সূচারুভাবে বাস্তবায়নের লক্ষ্যে শারদোৎসবের পর কর্মশালার আয়োজন করা হবে। সভায় এছাড়াও ডে কেয়ার সেন্টার এবং ওল্ড এইজ হোম গঠন ইত্যাদি নিয়েও বিস্তারিত আলোচনা করা হয়।


এদিনের সভায় এছাড়াও উপস্থিত ছিলেন সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তররের মন্ত্রী সান্ত্বনা চাকমা, তপশিলি জাতিকল্যাণ দপ্তরের মন্ত্রী ভগবান দাস, মুখ্যসচিব কুমার অলক প্রমুখ।

## নিশানায় কংগ্রেস

● **প্রথম পাতার পর।।** নেতা সাহিন আলী বলেন, সম্প্রতি ধলিয়ারকান্দি গ্রাম পঞ্চায়েতের এক নং ওয়ার্ডে এবং দুই নং ওয়ার্ডে দুটি মাটির রাস্তা নির্মানের জন্য পেলাসেটিং-এর কাজ শুরু হয়েছে। কিন্তু কাজের শুরু থেকেই পঞ্চায়েত সচিব এবং কংগ্রেস দলের নেতারা দুর্নীতি করেছেন। এব্যাপারে পঞ্চায়েতের নির্বাচিত বিজেপি দলের পঞ্চায়েত সদস্যরা গৌরনগর ব্লকের বিডিও-এর নিকট লিখিতভাবে অভিযোগ জানালেও বিডিও কোনো ধরনের কার্যকরী ভুমিকা নেয়নি বলে বিজেপি নেতা সাহিন আলী জানান। উনি আরও গুরুতর অভিযোগ করেন যে, পঞ্চায়েতের তরফে এই পেলাসেটিং-এর কাজ করা হলেও বাস্তবে কে এই কাজ করাচ্ছেন তা উনারা বুঝতে না পেরে পঞ্চায়েত সচিবের কাছ থেকে জানতে চাইলেও পঞ্চায়েত সচিব উনাদের কোনো উত্তর দেননি বলে জানান।

বিজেপি নেতা আকবর আলী বলেন, আসন্ন দূর্গা পূজা উপলক্ষে সম্প্রতি পঞ্চায়েত এলাকায় প্রকৃত গরীব অংশের মানুষদের বঞ্চিত করে কংগ্রেস দলের সমর্থকদের সরকারি কাজ করানো হয়েছে। এব্যাপারে পঞ্চায়েত সচিবকে জিজ্ঞেস করা হলে পঞ্চায়েত সচিব কোনো কিছু জানায় নি এবং কতজন মানুষ কাজ করেছে সেব্যাপারেও কিছু জানায় নি বলে জানান। এক্ষেত্রে পঞ্চায়েত সচিব এবং কংগ্রেস দলের নেতারা প্রচুর টাকা আত্মসাৎ করেছে বলে বিজেপি নেতা আকবর আলী জানান।

বিজেপি দলের নেতারা জানান, যেভাবে পঞ্চায়েতে প্রকাশ্যে পঞ্চায়েত সচিবকে সংগে নিয়ে প্রকাশ্যে দুর্নীতি করছে কংগ্রেস এর বিরুদ্ধে প্রশাসনের পক্ষ থেকে খুব শীঘ্রই যদি কোনো ধরনের ভুমিকা না নেওয়া হয় তাহলে বিজেপি দলের পক্ষ থেকে বৃহত্তর আন্দোলন করা হবে বলেও হুঁশিয়ারি দেওয়া হয়।



# ”বিশ্বকাপে ভারতকে হারাতে পারলেই মিলবে ব্ল্যাঙ্ক চেক”, জানালেন পাক বোর্ডের প্রধান রামিজ রাজা

ইসলামাবাদ, ৮ অক্টোবর (হি.স) : বিশ্বকাপে এখনও পর্যন্ত পাকিস্তান ভারতকে কখনও হারাতে পারে নি। আর এই আক্ষেপ পাকিস্তানকে কুঁড়ে কুঁড়ে খাচ্ছে। আগামী ২৪ অক্টোবর টি-২০ বিশ্বকাপে পাকিস্তানের মুখোমুখি হবে ভারত। আপাতত সেই ম্যাচকেই পাখির চোখ করছে পাক ক্রিকেট বোর্ড। পিসিবির চেয়ারম্যান রামিজ রাজা বলছেন,”আমাকে এক নামী স্পনসর জানিয়েছেন, পাকিস্তান যদি ভারতেকে হারাতে পারে তাহলে পাক বোর্ডের জন্য ব্ল্যাঙ্ক চেক অপেক্ষা করে আছে।” রামিজ রাজার দাবি, পাকিস্তান ক্রিকেট বোর্ডের চেয়ারম্যান দাবি করেছেন, তিনি পাক ক্রিকেটকে আর্থিকভাবে শক্তিশালী করতে চান। আর সেজন্য বিশ্বকাপে ভারতকে হারানোটা জরুরি।
পিসিবি চেয়ারম্যান শুক্রবার স্বীকার করে নিয়েছেন, আর্থিকভাবে এই সময় রীতিমতো চাপের মুখে পাক ক্রিকেট বোর্ড। কারণ পিসিবির ৫০ শতাংশ টাকা আসে আইসিসি থেকে। আবার আইসিসির ৯০ শতাংশ টাকাই যায় ভারত থেকে। ভারত যদি আইসিসিকে টাকা দেওয়া বন্ধ করে দেয়, তাহলে পাকিস্তানের ক্রিকেট অর্থনীতি ভেঙে পড়তে পারে। সেটাই আমাদের আশঙ্কা। রামিজ রাজার বক্তব্য, পাক ক্রিকেট আইসিসিতে কোনও টাকা দিতে পারে না। এই অবস্থা তিনি বদলাতে চান।

# সিন্ধুর র‍্যাকেটকে হারিয়ে দিল নীরজের বর্শা, নিলামে নমামি গঙ্গার জন্য মিলল মোট ১৬ কোটি

নয়াদিল্লি, ৮ অক্টোবর (হি.স.): পিভি সিন্ধুর র‍্যাকেটকে হারিয়ে দিল নীরজ চোপড়ার বর্শা। না, ব্যাডমিন্টনের কোর্ট কিংবা জ্যাভলিন ছোঁড়ার কোনও প্রতিযোগিতা নয়, নমামি গঙ্গে প্রকল্পের জন্য বিগত ২০ বছর ধরে পাওয়া যাবতীয় উপহার নিলাম করে দেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আর এই নিলাম থেকে মোট ১৬ কোটি টাকা উঠেছে। আর সবথেকে দাবি সামগ্রীর তালিকায় প্রথম স্থানাধিকারী হয়েছে নীরজ চোপড়ার অলিম্পিক সোনাজয়ী জ্যাভলিনটি। এই জ্যাভলিনটি ১.৫ কোটি টাকায় বিক্রি হয়েছে। শুধু নীরজের বর্শা নয়, নিলামে দুর্দান্ত দাম পেয়েছে পিভি সিন্ধুর দেওয়া র‍্যাকেটও। ১ কোটি ২৫ লক্ষ টাকায় বিক্রি হয়েছে সেই র‍্যাকেট। একই দামে বিক্রি হয়েছে ভারতের হয়েছে প্যারালিম্পিকে প্রথম বার ফেন্সিংয়ে অংশ নেওয়া ভবানী দেবীর ফেন্স।
মোট ১৬০০টি সামগ্রী নিলামে তোলা হয়েছিল। ২০০১ সালে গুজরাটের মুখ্যমন্ত্রী হওয়ার পর থেকে যত উপহার পেয়েছিলেন সেই সব সামগ্রীর নিলাম করা হয়। তার মধ্যে ছিল নীরজের জ্যাভলিনটি। নীরজের স্বাক্ষর করা নিয়ন রঙের জ্যাভলিনটি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর স্মারক ক্যাবিনেটে ঠাঁই পেয়েছিল। ৭ অক্টোবর বিকেল পাঁচটা পর্যন্ত এই জ্যাভলিন কেনার জন্য চলতে থাকে ই-নিলাম। সরকারের তরফে জানানো হয়, ই-নিলামের তৃতীয় রাউন্ডে ১৩৪৮টি স্মারক তোলা হয়। জনসাধারণের মধ্যে ব্যাপক আগ্রহ জাগিয়ে তুলেছিল এই সামগ্রীগুলি।
ইতিহাসের একটি মূল্যবান অংশের মালিক হওয়ার সুযোগ পেয়ে অনেকেই উতাহ নিয়ে এই নিলামে অংশ নেন। ই-নিলামের তৃতীয় রাউন্ডের হাইলাইট আইটেমের মধ্যে রয়েছে টোকিও প্যারালিম্পিক এবং অলিম্পিক গেমসের পদক জয়ীদের ক্রীড়া স্মারক, অযোধ্যা রাম মন্দিরের মডেল, বারাণসীর রুদ্রাক্ষ অডিটোরিয়াম এবং অন্যান্য আরও অনেক মূল্যবান এবং আকর্ষণীয় জিনিস। আইটেমগুলির জন্য ৮৬০০-রও বেশি ”বিড” পাওয়া গিয়েছে। —হিন্দুস্থান সমাচার / কাকলি

# ১৬ বলে ৫০, মুম্বইয়ের হয়ে নজির গড়লেন ঈশান

আবুধাবি, ৮ অক্টোবর (হি.স) : মাত্র দু বলের জন্য লোকেশ রাহুলকে টপকাতে পারলেন না। আইপিএলের দ্রুততম অর্ধশতরান করার রেকর্ডটা করতে পারলেও, মুম্বই ইন্ডিয়ান্সের হয়ে সেটা করতে পেরেছেন ঈশান কিষাণ। টপকে গেলেন কায়রন পোলার্ড এবং হার্দিক পান্ডিয়ার মতো তারকাদের।
১৬ বলে ৫০ রান। সানরাইজার্স হায়দরাবাদের বিরুদ্ধে ঈশান কিষাণের ঝোরো ইনিংস। আবু ধাবিতে বিধ্বংসী ব্যাটিংয়ের অনন্য নজির গড়লেন এই তারকা। এখনও পর্যন্ত এই আইপিএলের অবশ্য এটাই দ্রুততম অর্ধশতরান।
প্লেঅফের রাস্তা খুলতে হলে প্রায় অসম্ভবকে সম্ভব করতে হবে রোহিত শর্মার দলকে। সেই লক্ষ্যে নেমে এদিন শুরু থেকেই ভুবনেশ্বর কুমারদের বিরুদ্ধে বিধ্বংসী মেজাজে ছিলেন তিনি। শুধুই বাউন্ডারি এবং ওভার বাউন্ডারির ঝলক দেখা গেল ঈশান কিষাণের ব্যাট থেকে। এরআগে ১৭ বলে দুবার অর্ধশতরান করার নজির রয়েছে কায়রন পোলার্ডের। হার্দিক পান্ডিয়ারও রয়েছে। কিন্তু এদিন সমস্ত কিছু ভেঙে মুম্বই ইন্ডিয়ান্সের হয়ে দ্রুততম অর্ধশতরানের মালিকের নাম ঈশান কিষাণ। ৫০ রানের ইনিংসে বাউন্ডারি রয়েছে ৮টি। ওভার বাউন্ডারি মেরেছেন ২টি। শেষপর্যন্ত খেলতে পারলে আইপিএলের দ্রুততম সেঞ্চুরির রেকর্ডটা করে ফেলতে পারতেন তিনি। কিন্তু সেটাই পারেননি। ৩২ বলে ৮৪ রানের ইনিংস খেলে মাঠ ছাড়েন মুম্বইয়ের এই তরুণ ওপেনার।
হিন্দুস্থান সমাচার /সঞ্জয়

# সৈয়দ মুস্তাক আলি ট্রফিতে ঋদ্ধি-শ্রীবৎস-ঈশানকে পাচ্ছে বাংলা

কলকাতা, ৮ অক্টোবর (হি.স.): সৈয়দ মুস্তাক আলি ট্রফিতে বাংলা শিবিরে সুখবর। নভেম্বরে শুরু হতে চলা এই ট্রফিতে খেলবেন ঋদ্ধিমান সাহা। তাঁর সঙ্গেই বাংলা শিবিরে খেলবেন শ্রীবৎস গোস্বামী ও ঈশান পোড়েলও।
আইপিএলে প্লে অফের দৌড় থেকে আগেই ছিটকে গিয়েছে সানরাইজার্স হায়দরাবাদ। সানরাইজার্স হায়দরাবাদের হয়ে ওপেনারের দায়িত্ব পালন করেছেন ঋদ্ধি। সেই দলে ছিলেন শ্রীবৎস গোস্বামীও। ১০ অক্টোবর শহরে ফিরছেন তাঁরা। কয়েক দিন বিশ্রামের পরেই ২২ অক্টোবর থেকে অনুশীলনে যোগ দিচ্ছেন ঋদ্ধিমান সাহা। বাংলার জার্সিতে টি-টোয়েন্টি প্রতিযোগিতায় আরও এক বার দেখা যাবে তাঁকে। কোচ অরুণ লালের কথা, “ঋদ্ধি ফেরায় দলের মনোবল বাড়বে। ওর উপস্থিতিই প্রত্যেককে চাঙ্গা করে দিতে পারে।” দেবেন অনুশীলনে শ্রীবৎসও। পাশাপাশি পঞ্জাব কিংস থেকে যোগ দেবেন ঈশান পোড়েলও।
এদিকে, বাংলার ক্রিকেটপ্রেমীদের জন্য অপেক্ষা করছে একটি বড় চমকও। যাঁকে একসময় টি-টোয়েন্টি দলেই নেওয়া হত না, তাঁকেই হয়তো এ বার নেতৃত্বের দায়িত্ব দিতে চলেছে বাংলা। আসন্ন মুস্তাক আলি ট্রফিতে অনুষ্টুপ মজুমদারের পরিবর্তে বাংলার অধিনায়ক হতে পারেন সুদীপ চট্টোপাধ্যায়। বেঙ্গল টি-টোয়েন্টি চ্যালেঞ্জে তাঁর নেতৃত্বের ভঙ্গী নজর কেড়েছে কোচ অরুণ লালের। প্রতিযোগিতার চ্যাম্পিয়ন এবং সর্বোচ্চ রান সংগ্রাহকও সুদীপ।—হিন্দুস্থান সমাচার /

# ভেনেজুয়েলার বিরুদ্ধে কষ্টের জয় নেইমারহীন ব্রাজিলের

ব্রাসিলিয়া, ৮ অক্টোবর (হি.স) : বিশ্বকাপ কোয়ালিফায়ারের ম্যাচে ভেনেজুয়েলার বিরুদ্ধে বড় জয় পেলেও কালঘাম ছুটল ব্রাজিলের। ভেনেজুয়েলার বিরুদ্ধে শেষ পর্যন্ত ৩-১ গোলে জয়লাভ করলেও ম্যাচের ৭০ মিনিট পর্যন্ত পিছিয়ে ছিল ব্রাজিল। তবে কষ্টের জয় পেলেও শেষ পর্যন্ত স্বস্তির নিঃশ্বাস ফেলেন তিতে।
এদিন ম্যাচের শুরু থেকেই ম্যাচের রাশ নিজেদের দখলে নেয় ভেনেজুয়েলা। প্রথমার্ধের ১১ মিনিটের মধ্যেই ব্রাজিলের জালে বল জড়িয়ে দেয় রামিরেজ। এরপর গোল পেতে মরিয়া হয়ে ওঠা ব্রাজিলকে সমতায় ফিরতে অপেক্ষা করতে হল ৭০ মিনিট। ৭১ মিনিটে ব্রাজিলকে সমতায় ফেরান মার্কিনিয়োস। এরপর ৮৫ মিনিটে গোল করেন গাব্রিয়েল বারবোসা, শেষ সময়ে ব্যবধান আরও বাড়ান ব্রাজিলের জার্সিতে অভিষেককারী এন্থনি। বাছাইপর্বের ৯ ম্যাচে ৯টি জয়ে জয়ের ধারা অব্যাহত রাখল ব্রাজিল। ৯ ম্যাচে ২৭ পয়েন্ট নিয়ে ল্যাটিন আমেরিকার বাছাইয়ে শীর্ষস্থানে রয়েছে ব্রাজিল। দুইয়ে থাকা আর্জেন্টিনা আছে ৮ পয়েন্ট পেছনে।




**সন্ধান চাই**

Ref.: M.G. Bazar Top G.D. Entry No- 19 date- 04-10-2021.
পাশের ছবিটি শ্রী রোমান দাস ওরফ কুডু, পিতা- শ্রী সুভাষ দাস, সাং- টাউন প্রতাপগড়, ঝুলন্ত ব্রীজের নিকট, থানা- আগরতলা, পূর্ব থানা পশ্চিম ত্রিপুরা, বয়স- ২৪ বছর, গায়ের রঙ- শ্যামলা, উচ্চতা- ৫ ফুট ৬ ইঞ্চি, চুল-কালো, চোখ- কালো, পড়নে- আকাশী রঙের শার্ট এবং কালো পেন্ট, গত ১৬/০৯/২০২১ইং তারিখ কাউকে কোন কিছু না বলে বাড়ি থেকে বাহির হয়ে যায়, কিন্তু আজ পর্যন্ত ফিরে আসেনি, বহু খোঁজাখোঁজি করার পরও কোন সন্ধান পাওয়া যায়নি।
উপরে উল্লেখিত নিখোঁজ ব্যাক্তি সম্বন্ধে কাহারো কোন তথ্য জানা থাকিলে নিম্ন লিখিত ঠিকানায় ও ফোন নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।
১। পুলিশ সুপার (পশ্চিম ত্রিপুরা)- ০৩৮১-২৩২-৩৫৮৬
২। সিটি কন্ট্রোল- ০৩৮১-২৩২-৫৭৮৪/১০০
৩। আগরতলা পূর্বথানা- ০৩৮১-২৩২-৫৭৭৪

পুলিশ সুপার
পশ্চিম ত্রিপুরা

ICA-D-1041/2021-22


# টি-২০ বিশ্বকাপে টিম ইণ্ডিয়ার নতুন জার্সির উন্মোচন ১৩ অক্টোবর

মুম্বই, ৮ অক্টোবর (হি.স) : আসন্ন টি-২০ বিশ্বকাপে নতুন জার্সি পরে মাঠে নামবে ভারতের ক্রিকেট দল। শেষবার গত বছরের ডিসেম্বরে অস্ট্রেলিয়া সিরিজ শুরুর পর থেকে জার্সি পরিবর্তন হয় টিম ইন্ডিয়ার। ভারত সেই প্রথমবার রেট্রো জার্সি পরেছিল। নব্বইয়ের দশকের ক্রিকেট ভক্তরা নস্ট্যালজিকও হয়ে পড়েন। কারণ, ওই জার্সি ১৯৯২ বিশ্বকাপের অনুরূপ। বিসিসিআই শুক্রবার জানিয়েছে, আগামী ১৩ অক্টোবর বিরাট কোহলিদের জন্য নতুন জার্সির উন্মোচন করা হবে।
এমপিএল স্পোর্টস ভারতীয় দলের নতুন কিট স্পনসর এবং অফিসিয়াল মার্চেন্ডাইজ পার্টনার। এরাই নতুন কিট সরবরাহ করবে। ক্রিকেট ভক্তরা আশা করছেন যে এবার তাঁদের প্রিয় ঐতিহ্যবাহী নীল রং ফিরে আসবে ভারতীয় দলের জার্সিতে। যা ভারতীয় ক্রিকেটের জন্য সমার্থক।
২০২১ সালের ডিসেম্বর থেকে খেলোয়াড়রা যে গাড় নীল রঙের জার্সি খেলছে তা ১৯৯২ বিশ্বকাপের জার্সির অনুরূপ। যদিও, প্রাথমিক ভাবে পরিকল্পনা ছিল শুধুমাত্র অস্ট্রেলিয়ার বিপক্ষে টি-২০ সিরিজের জন্য ওই জার্সি ব্যবহার করা হবে। তবে, ভারতীয় দল ইংল্যান্ডের বিরুদ্ধে হোম সিরিজও ওই জার্সি পরে খেলেছে।

**ABRIDGED NOTICE INVITING E-TENDKR FOR THE SETTLEMENT OF RETAIL. VEND OF FOREIGN TIQUOR AND COUNTRY LIQUOR SIMI'S FOR THE REMAINING PERIOD OF THE FINANCIAL YEAR 2021-22 ( September'21121 to March'2022) & FOR TILE FINANCIAL. YEAR 2022-23 UNDER KIIOWAI DISTRICT, TRIPURA.**

The Collector of Excise, Khowai District invites online Tenders through the Tripura tenders portal at (htt v.i i) from the interested bidders who are requested to quote their rate/bid for defunct ( Non-functioning) retail vend of 09(nine) nos. Foreign Liquor shops under Khowai District. Tripura for the remaining period of the financial year 2021-22 ( September'2021 to March'2022) & for the financial year 2022-23.
Detailed tender notice. schedules and tender documents can be obtained from **(https://trituiratentlers.gov.in)**. The interested bidders are requested to dcmnload and to go through the instructions/ terms & conditions/critical dates/ eligibility criteria noted in the DNIT minutely. Eligible bidders shall participate in bidding only through website (httns:// trinuratenders.gov.in). The c- procurement portal will not allow any bidder to attempt bidding. after the schedule date and time of bid submission is over. Submission of bids physically is not permitted. the last date of c-bidding is up to 5.30 pm of 28/10/2021 and e-tender will be opened at 12.30 pm of 29/10/2021 in the office of the undersigned. All future Addendum/Corrigendum pertaining to this tender, if issued, shall be made available only in the Tripura tenders Portal at **(https://trinuratenders.gov.in).**

**Collector of Excise**
**Khowai District, Tripura.**

ICA-C-2408/2021-22

# ইসিবির চেয়ারম্যান পদ থেকে ইস্তফা দিলেন ওয়াটমোর

লন্ডন, ৮ অক্টোবর (হি.স.): ইস্তফার ঘোষণা করলেন ইংল্যান্ড এবং ওয়েলস ক্রিকেট বোর্ডের চেয়ারম্যান ইয়ান ওয়াটমোর। নিজের ইস্তফার ঘোষণা করে ওয়াটমোর লেখেন, ‘অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি, আমি ইসিবির চেয়ারম্যান পদ থেকে ইস্তফা দিচ্ছি। আমি এই সিদ্ধান্ত নিয়েছি বোর্ড এবং নিজের ভালোর কথা মাথাতে রেখেই।’ ইস্তফা দেওয়ার ফলে অন্তর্বর্তীকালীন চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নিলেন ব্যারি ওব্রায়েন। ইস্তফার কথা জানাতে গিয়ে আরও যোগ করেন, ‘অতিমারী যুগ শুরুর আগেই আমাকে নিয়োগ করা হয়েছিল। কোভিড এই পদের গুরুত্ব এবং পদটিকে ঘিরে থাকা আশাকেই সম্পূর্ণ বদলে দিয়েছে। যে কারণে বিষয়টি ব্যক্তিগত ভাবে আমার উপর বেশ চাপ তৈরি করেছিল। এই কথাকে মাথায় রেখে আমি এবং বোর্ড দু”জনেই সিদ্ধান্ত নিয়ে ফেলি নতুন কাউকে বোর্ডের চেয়ারম্যান হিসেবে আনা হলে তিনি বোর্ডের কাজ এবং ভাবনা চিন্তাকে করোনা পরবর্তী যুগে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবেন।’
একই সঙ্গে তাঁর দাবি, ‘এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে ঘরোয়া এবং আন্তর্জাতিক ক্রিকেটে গ্রীষ্মকালীন সময়ে বোর্ড সাফল্যের সময়ের মধ্যে দিয়ে যাওয়ার পরেই। দি হান্ড্রেড আমরা সাফল্যের সঙ্গে আয়োজন করেছি। রেকর্ড সংখ্যক ক্রিকেটার ক্রিকেটটা খেলছে।’ ইংল্যান্ড ফুটবল অ্যাসোসিয়েশনের প্রাক্তন চিফ এক্সিকিউটিভ পাকিস্তান সফর বাতিল করার পরেই যথেষ্ট চাপের মধ্যে পরে যান। পরবর্তীতে এই সফর বাতিল করার জন্য তিনি ক্ষমা পর্যন্ত চেয়েছিলেন।
উল্লেখ্য ২০২০ সালের সেপ্টেম্বর মাসে ইসিবির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নিয়েছিলেন ওয়াটমোর। কলিন গ্রেভসের স্থলাভিষিক্ত হয়েছিলেন তিনি। পাঁচ বছরের টার্মে নিযুক্ত হলেও তিনি মাত্র ১৩ মাসেই ইস্তফা দেওয়ার ফলে অন্তর্বর্তীকালীন চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নিলেন ব্যারি ওব্রায়েন। এই মূহুর্তে ব্যারি ডেপুটি চেয়ারম্যান পদটি সামলাচ্ছিলেন।--- হিন্দুস্থান সমাচার / কাকলি

# বিশ্বকাপ যোগ্যতা অর্জন পর্বে ইংল্যান্ডের ম্যাচের আগে মাঠে আগুন

লন্ডন, ৮ অক্টোবর (হি.স) : বিশ্বকাপ যোগ্যতা অর্জন পর্বে ইংল্যান্ডের ম্যাচের আগেই মাঠে আগুন। যদিও ফুটবলারদের কিছু হয়নি। কিন্তু মাঠের বেশ কিছুটা জায়গা আগুনে ক্ষতিগ্রস্ত হয়েছে।
আগামীকাল শনিবার বিশ্বকাপ যোগ্যতা নির্ণায়ক পর্বের ম্যাচে অ্যান্ডোরার বিরুদ্ধে মাঠে নামার কথা ইংল্যান্ডের। অ্যান্ডোরার জাতীয় স্টেডিয়ামেই হবে সেই ম্যাচ। শুক্রবার সকালে এখানেই অনুশীলন সারেন ব্রিটিশ ফুটবলাররা। এরপর ঘটে বিপত্তি। টিম মাঠে থাকার সময়ই কমেন্টি বক্সের জায়গায় কিছু কাজ চলচ্ছিল।
এরপরই সেখান থেকে হঠাৎ ধোঁয়া উঠতে দেখা যায়। এরপরই ছড়িয়ে পরে আগুন। আর তাতেই উদ্বেগ ছ।ড়ায় সকলের মধ্যে। অ্যান্ডোরা স্টেডিয়ামের মাঠে আর্টিফিশিয়াল ঘাস। আগুন ছড়িয়ে পরার সম্ভাবনা সবচেয়ে বেশি। ডাগআউট পর্যন্ত ছড়িয়ে পরেছিল আগুন। যদিও পুলিশ এবং দমকল আধিকারিকদের চেষ্টায় আগুন নিয়ন্ত্রনে আসে, কিন্তু ম্যাচ হওয়া নিয়ে দেখা দিয়েছে সংশয়।

# লক্ষ লক্ষ টাকার বিনিময়ে দলে ঢোকানোর প্রতিশ্রুতি, প্রতারণার অভিযোগ একাধিক ক্রিকেট কর্তার বিরুদ্ধে

মুম্বই, ৮ অক্টোবর (হি.স) : ভারতীয় ক্রিকেটে ফের দুর্নীতির কালো ছায়া। আইপিএল বা রাজ্য দলে সুযোগ করে দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে উঠতি ক্রিকেটারদের থেকে লক্ষ লক্ষ টাকা আদায়ের অভিযোগ উঠেছে বেশ কিছু ব্যক্তির বিরুদ্ধে। ইতিমধ্যেই ওই ঘটনায় আটক করা হয়েছে কুলবীর রাওয়ত নামে এক কোচকে। তিনি স্বীকার করেছেন, আট-ন'জন ক্রিকেটারের কাছ থেকে মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে টাকা নিয়েছেন। জেরার মুখে রাওয়ত উল্লেখ করেছেন বিকাশ প্রধানের নাম, যিনি সিকিম ক্রিকেট সংস্থার নির্বাচক।
কুলবীর রাওয়ত এবং আশুতোষ বোরা নামে এক ব্যক্তির বার্তা চালাচালির খোঁজ পেয়েছেন তদন্তকারীরা। সেখান থেকে বেশ কিছু বড় নাম উঠে এসেছে। জানা গিয়েছে, উত্তরপ্রদেশ ক্রিকেট সংস্থার সহ-সভাপতি মহিম বর্মা, নির্বাচক আক্রম খান এবং উত্তরাখন্ড ক্রিকেট সংস্থার সিইও আমন এই চক্রের সঙ্গে যুক্ত। রাওয়াত জানিয়েছেন, উত্তরপ্রদেশ এবং উত্তরাখন্ডের ক্রিকেটারদের নির্বাচনে একাধিক বার জড়িত ছিলেন তিনি।

The Executive Engineer, Tehamura Division, PWD (R & B), Teliamura, Khowai. Tripura invites on behalf of the 'Governor of Tripura' sealed Percentage rote tender(s) vide **PNIeT No. 13/ EE/TLM/2021-22 Dt. 07/10/2021** for the following works up to **3.00PM on 22/10/2021.** Eligible bidders shall participate in bidding onty in online through website https:// tripuratenders.gov.in from **08/10/2021 to 22/10/2021.** Other necessary information con be seen in the Division office in office hour.

| Sl. NO | NAME OF THE WORK/ DNIeT No. | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | CLASS OF TENDERER |
|---|---|---|---|---|---|
| 1 | FDR/ Mtc. Of Various roads at different stretches under Kalyanpur PWD Sub-Division / SH:- Patch Metalling. Grouting. Re- Carpeting etc. during the year 2021-22. **DNIeT No: 12/EE/TLM/PWD(R&B)/2021-22.** | Rs. 24,20,236.00 | Rs. 24,202.00 | 06(Six) Months | Appropriate Class |
| 2 | Mtc. of road from I) Hrangkhal Bazar (Rangamura) to Taidu-Ampi Block border area (L-3.02 Km) II) Gopal Nagar to Maharani road (L-7.484 Km) during the year 2021-22. /SH :- Pucca Drain, CD. patch soling. WBM3. carpetting etc. **DNIeT No: 13/EE/TLM/PWD(R&B)/2021-22.** | Rs. 24,19,706.00 | Rs. 24,197.00 | 03(Three) Months | |

ICA-C-2396/2021-22

**(Er. G. Jamatia)**
**Executive Engineer**
**Teltamura Division, PWD(R&B)**


সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি

**উন্নত মুদ্রণ**

**সাদা, কালো, রঙিন**
**নতুন ধারায়**

**রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস**

জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভূবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
ফোন - ০৩৮১-২৩৮ ৪৯৮৪
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

■ Phone : 0381- 2384984, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021- 2023






পোস্ট মেট্রিক স্কলারশিপ প্রদানের দাবিতে শুক্রবার আগরতলায় এনএসইউআই'র বিক্ষোভ। ছবি-নিজস্ব।

# পরিবর্তনের সুফল, রাজ্যের গ্রামীণ এলাকায় ২ লক্ষ ৭৩ হাজার ৮১টি বাড়িতে পানীয়জলের সংযোগ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৮ অক্টোবর।। পরিবর্তনের সুফল বললে হয়তো ভুল হবে না। কারণ, ত্রিপুরায় গ্রামীণ এলাকায় প্রত্যেক বাড়িতে বিনামূল্যে পানীয়জলের সংযোগ প্রদানের কাজ চলছে। অটল জলধারা মিশনে গত ২০১৮ সালের ২৮ নভেম্বর থেকে এবছর ৭ অক্টোবর পর্যন্ত ২ লক্ষ ৭৩ হাজার ৮১টি বাড়িতে বিনামূল্যে পানীয়জলের সংযোগ পৌঁছে দেওয়া হয়েছে। পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তর থেকে জানানো হয়েছে, এবছর ১ অক্টোবর থেকে ৭ অক্টোবর পর্যন্ত ৩ হাজার ৬২০টি বাড়িতে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে।

দপ্তর থেকে পরিসংখ্যান দিয়ে জানানো হয়েছে, উল্লেখিত সময়ে উত্তর ত্রিপুরা জেলায় ৪৭৬টি, ঊনকোটি জেলায় ২৩৬টি, ধলাই জেলায় ৩৭৩টি, খোয়াই জেলায় ৩১৩টি, পশ্চিম ত্রিপুরা জেলায় ৩৬২টি, সিপাহীজলা জেলায় ৬৪৯টি, গোমতী জেলায় ৬৭১টি এবং দক্ষিণ ত্রিপুরা জেলায় ৫৪০টি বাড়িতে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে।

প্রসঙ্গত, ত্রিপুরায় প্রত্যেকের বাড়িতে পানীয় জলের সংযোগ প্রদানের লক্ষ্যমাত্রা নিয়েছে রাজ্য সরকার। স্বাধীনতার ৭৫ তম বর্ষেও ত্রিপুরার প্রত্যন্তে সকলের কাছে পরিশ্রুত পানীয় পৌছে দেওয়া সম্ভব হয়নি। বাম জমানায় চরম ব্যর্থতার কারণে পানীয় জল সংগ্রহে আজও গিরিবাসীদের দীর্ঘ পথ পাড়ি দিতে হচ্ছে। তবে, ত্রিপুরায় সরকার পরিবর্তন হওয়ার পর মিশন মুডে সকলের বাড়িতে পানীয় জল পৌছে দেওয়ার কাজ চলছে।

# দূর্গোৎসব: উত্তর ত্রিপুরা জেলায় পুলিশের কঠোর নজরদারি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৮ অক্টোবর।। জননিরাপত্তা বিধান এবং শারদ উৎসবকে অবাধ ও শান্তিপূর্ণভাবে অতিবাহিত করার লক্ষ্যে দূর্গা পূজোকে সামনে রেখে উত্তর জেলা পুলিশ প্রশাসন কঠোর নজরদারি ও নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করেছে। আসন্ন দুর্গোৎসবকে সামনে রেখে গোটা রাজ্যের সাথে উত্তর জেলাকেও কঠোর নিরাপত্তার চাদরে মুড়ে ফেলা হয়েছে।জারি করা হয়েছে নিয়ম নির্দেশিকা। ইতিমধ্যে নজরদারি বাড়ানো হয়েছে উত্তর জেলার ত্রিপুরা অসম ও ত্রিপুরা মিজোরাম সীমান্তে। সিল করে দেওয়া হয়েছে ভারত-বাংলাদেশ সীমান্ত। এক কথায় দুর্গা পুজোতে কোনো অপ্রীতিকর ঘটনা না ঘটে তার লক্ষ্যে উত্তর জেলা পুলিশ প্রশাসনের কঠোর নজরদারি রয়েছে। পূজোর দিনগুলিতে মোতায়েন করা হবে পুলিশ, টিএসআর, সিআরপিএফ, এনসিসি ও এনএসএস। এদিকে এক সাক্ষাৎকারে উত্তর জেলার পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী বলেন, অনান্য বছরের ন্যায় এবছরও শান্তিপূর্ণভাবে দূর্গোৎসব পালিত হবে। তবে বর্তমানে করোনার প্রকোপ কম থাকলেও পূজো উদ্যোক্তাদের সচেতন থেকে করোনা বিধি মেনে চলতে হবে। পাশাপাশি সকল দর্শনার্থীদের মাস্ক ও সামাজিক দূরত্ব বজায় রেখেই পূজো দেখার আহ্বান জানান পুলিশ সুপার। তিনি আরো বলেন, কোন গুজবে কান না দিয়ে যদি কোন জিনিস অথবা ব্যক্তিকে সন্দেহমূলক ভাবে দেখা যায়, তাহলে পুলিশ প্রশাসনের দ্বারস্থ হন। তিনি বলেন, গতবছর উত্তর জেলার শহরগুলিতে একচল্লিশটি এবং গ্রামীণ এলাকায় একশো ঊনষাটটি দূর্গা পূজো মিলিয়ে মোট দুইশোটি দূর্গা পুজো হয়েছিল। এবছরও পূজা দুইশোর গন্ডি পার হবে। তিনি আরোও বলেন, পুজোর দিন গুলিতে বিকেল পাঁচটা থেকে রাত দুটো পর্যন্ত শহর এলাকাতে নো এন্টি বলবৎ থাকবে। তাছাড়া ইতিমধ্যে সীমান্ত এলাকা সহ ভেহিকেল ও হোটেল গুলিতে জোর তল্লাশি জারি রেখেছে উত্তর জেলা পুলিশ প্রশাসন। আসন্ন দুর্গোৎসবকে সামনে রেখে উত্তর জেলার পুলিশ প্রশাসনের নজরদারি ও নিরাপত্তার প্রস্তুতি তুঙ্গে। সকলের সহযোগিতায় এবছর শারদ উৎসব শান্তিপূর্ণ ভাবেই অতিবাহিত হবে বলে আশা ব্যক্ত করেছেন উত্তর জেলার পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী।

## শিক্ষক বদলির প্রতিবাদে ছাত্রীদের অবরোধ

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ৮ অক্টোবর** :-শিক্ষক বদলির প্রতিবাদে সোনামুড়া টু বক্সনগর সড়ক অবরোধ করে কুলুবাড়ী দ্বাদশ শ্রেণী বিদ্যালয় এর ছাত্র ছাত্রীরা। সকাল ৮ থেকে শুরু হয় এই পথ অবরোধ , তাদের দাবি তাদের বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মোতায়ের হোসেন কে বদলী না করার জন্য, তিনি খুব ভালো শিক্ষক, ছাত্র ছাত্রীদের ক্ষতি হয়ে যাবে বদলি করা হলে, জানা যায় শিক্ষক মোতায়ের হোসেন কে তেলিয়ামুড়ায় বদলি করা হয়েছে , ছাত্র ছাত্রীরা বলে তাদের শিক্ষককে যদি বদলি করা হয় তাহলে পড়া লেখা করবে না তারা, এই দিকে সকাল থেকে পথ অবরোধের ফলে সাধারণ মানুষ ভোগান্তি শিকার, দীর্ঘ ৩ ঘন্টা পথ অবরোধ থাকলেও প্রশাসনের তরফ থেকে পথ অবরোধ মুক্ত করা জন্য কোনো পদক্ষেপ নেয়নি তাতে ক্ষুব্ধ হয়ে যায় জনগণ, দীর্ঘ চার ঘন্টা পর সোনামুড়ার ডিসিএম ঘটনাস্থলে এসে ছাত্র ছাত্রীদের সাথে কথা বলে , শিক্ষকে বিদ্যালয়ের পিড়িয়ে আনার আশ্বাস দিয়ে পথ অবরোধ মুক্ত করে।

# লখিমপুরে কৃষকদের উপর হামলা নিন্দা ও ধিক্কার আমরা বাঙালির

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৮ অক্টোবর।।** উত্তর প্রদেশের লখিমপুরে আন্দোলনরত কৃষকদের ওপর গুলি চালনা এবং গাড়িচাপা দিয়ে বেশ কয়েকজনকে হত্যা ও জখম করার ঘটনার তীব্র নিন্দা ও ধিক্কার জানিয়েছে আমরা বাঙালি দল। গত রবিবার উত্তরপ্রদেশের লখিমপুরে কৃষকদের ওপর গুলি চালনা ও গাড়িচাপা দিয়ে কয়েক জনকে হত্যার ঘটনার তীব্র নিন্দা ও ধিক্কার জানিয়েছে দল। শুক্রবার আগরতলায় শিবনগরে আমরা বাঙালি দলের প্রধান কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে আমরা বাঙালি দলের রাজ্য সচিব গৌরাঙ্গ রুদ্রপাল অভিযোগ করেন, কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রীর পুত্র কয়েকজন গুন্ডাকে নিয়ে এই ঘটনা সংঘটিত করেছে। এ ধরনের ঘটনাকে পরিকল্পিত ঘটনা বলে আখ্যায়িত করেছেন তিনি। তাঁর দাবি, এধরনের ঘটনার প্রতিবাদে গোটা দেশজুড়ে মানুষ আন্দোলনে সামিল হয়েছেন। ত্রিপুরায় বিজেপির নেতৃত্বাধীন সরকার মানুষের আন্দোলন স্তব্ধ করে দেওয়ার লক্ষ্যে অনৈতিকভাবে ১৪৪ ধারা জারি করেছে বলে তিনি অভিযোগ করেন। বিরোধীদের যেকোনো আন্দোলনকে স্তব্ধ করে দেয়ার লক্ষ্যেই এ ধরনের আইন প্রয়োগ করা হয়েছে বলেও আমরা বাঙালি দল মনে করে। প্রকাশ্যে আন্দোলন করতে না দেওয়ায় বাধ্য হয়েই সাংবাদিক সম্মেলনের মাধ্যমে আমরা বাঙালি দল কৃষক হত্যার ঘটনার তীব্র নিন্দা ও ধিক্কার জানিয়েছে, বলেন তিনি। ঘটনায় জড়িতদের গ্রেফতার এবং কঠোর শাস্তিমুলক ব্যবস্থা গ্রহণের দাবি জানান তিনি। এভাবে দমন-পীড়ন, হামলা, হুজ্জুতি চালিয়ে কৃষক আন্দোলন স্তব্ধ করা যাবে না বলে তিনি স্পষ্ট বার্তা দিয়েছেন। আন্দোলনকে চাঙ্গা করতে দেশজুড়ে আরও বৃহত্তর জনমত গড়ে তোলার ওপর দলের পক্ষ থেকে গুরুত্ব আরোপ করা হয়েছে।

# গৌতম দাশের প্রয়াণে স্মরণসভা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৮ অক্টোবর।। সিপিআইএমের প্রয়াত রাজ্য সম্পাদক গৌতম দাশের স্মরণে ধলাই জেলা কার্যালয়ে শুক্রবার এক স্মরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

স্মরণ সভায় উপস্থিত ছিলেন সিপিআইএমের রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী। সিপিআইএমের প্রাক্তন রাজ্য সম্পাদক গৌতম দাশের স্মরণে ধলাই জেলা অফিসে আয়োজিত স্মরণসভায় বক্তব্য রাখতে গিয়ে সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী বলেন, তিনি ছিলেন এক অনন্য ব্যক্তিত্ব। গৌতম দাশ ছাত্র জীবন থেকেই বাম আন্দোলনের সঙ্গে জড়িয়ে পড়েন। পার্টির মুখপাত্রের দায়িত্ব পালন করে গেছেন তিনি। লেখালেখির জগতের সঙ্গে তাঁর ছিল ঘনিষ্ঠ সম্পর্ক।

তাঁর অকাল প্রয়াণে পার্টির বড় ক্ষতি হয়েছে বলে জিতেন্দ্র বাবু উল্লেখ করেন।

তাঁর অপূরণীয় কাজ পূরণ করার জন্য পার্টির সকল স্তরের নেতা কর্মী সমর্থকদের এগিয়ে আসার জন্য তিনি আহ্বান জানিয়েছেন। পার্টির নীতি আদর্শ সম্পর্কে বলতে গিয়ে সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী বলেন সিপিএম হল বিজ্ঞান ভিত্তিক দল। বিজ্ঞান ও যুক্তির সঙ্গে সামঞ্জস্য রেখেই এই দল গঠিত হয়েছে এবং কাজ করে চলেছে। মার্কসবাদ লেলিনবাদ বিজ্ঞানের সঙ্গে সম্পর্কযুক্ত বলেও তিনি উল্লেখ করেন। রাজ্যে সিপিআইএমের সাংগঠনিক শক্তি বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেন সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী।

এদিন ধলাই জেলা কার্যালয়ে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে সংবর্ধনা জ্ঞাপন করা হলো পার্টির নবনির্বাচিত রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরীকে। গৌতম দাশের অকাল প্রয়াণের পর জীতেন্দ্র চৌধুরী তাঁর স্থলাভিষিক্ত হন। এ দিন তাকে উত্তরীয় ও পুষ্পস্তবক প্রদানের মধ্য দিয়ে সংবর্ধিত করেন পার্টি ধলাই জেলা কমিটির সম্পাদক পঙ্কজ চক্রবর্তী, মহকুমা সম্পাদক বিজন পাল সহ অন্যান্য নেতৃত্ব।

## কলেজে ছাত্র ভর্তি নিয়ে এআইডিএসও-র ডেপুটেশন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৮ অক্টোবর।। রাজ্যের ডিগ্রী কলেজ গুলিতে ছাত্র ভর্তি নিশ্চিত করার দাবিতে অল ইন্ডিয়া ডেমোক্রেটিক স্টুডেন্ট অর্গানাইজেশনের পক্ষ থেকে উচ্চশিক্ষা অধিকর্তার কাছে ডেপুটেশন ও স্মারকলিপি প্রদান করা হয়েছে। এবছর ১০০ শতাংশ ছাত্র-ছাত্রী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। প্রত্যেক ছাত্র-ছাত্রী যাতে উচ্চশিক্ষার সুযোগ লাভ করতে পারে সেজন্য উচ্চশিক্ষা অধিকর্তার কাছে দাবি জানিয়েছে অল ইন্ডিয়া ডেমোক্রেটিক স্টুডেন্ট অরগনাইজেশন।

সংগঠনের পক্ষ থেকে গত ৫ অক্টোবর উচ্চশিক্ষা অধিকর্তার কাছে স্মারকলিপি প্রদান করা হয়েছিল। এর পরিপ্রেক্ষিতে উচ্চশিক্ষা দফরের পক্ষ থেকে সংগঠনের নেতৃবৃন্দকে শুক্রবার উচ্চশিক্ষা দপ্তরে এসে দেখা করার জন্য বলা হয়েছে। সে অনুযায়ী অল ইন্ডিয়া ডেমোক্রেটিক স্টুডেন্ট অর্গানাইজেশনের এক প্রতিনিধি দল শুক্রবার উচ্চ শিক্ষা দপ্তরের অধিকর্তার সঙ্গে সাক্ষাৎ করেন এবং তাদের দাবি সনদ তুলে ধরেন।

উচ্চশিক্ষা যুগ্ম অধিকর্তা দাবিগুলির যৌক্তিকতা স্বীকার করে নিশ্চয়তা দিয়েছেন প্রত্যেক ছাত্র-ছাত্রীকে যাতে কলেজে ভর্তির সুযোগ পায় সে বিষয়ে তারা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। ছাত্র ভর্তি প্রক্রিয়া সরলীকরণ সহ প্রতিটি কলেজে প্রয়োজনীয় সংখ্যক অধ্যাপক নিয়োগ, অনার্স কোর্সে আসন সংখ্যা বৃদ্ধি সহ অন্যান্য কিছু ছাত্র স্বার্থসংশ্লিষ্ট বিষয় উচ্চশিক্ষা অধিকর্তার উদ্দেশ্যে তুলে ধরা হয়।

## বিলেতি মদ উদ্ধার

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৮ অক্টোবর।। শারদ উৎসবকে কেন্দ্র করে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে পুলিশ ইতিমধ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করতে শুরু করেছে। বিশেষ করে অপরাধীদের চিহ্নিত করে গ্রেফতার এবং নেশা বিরোধী অভিযান অব্যাহত রেখেছে পুলিশ। আসন্ন শারদীয় দুর্গোৎসবে যাতে কোনোভাবেই অশান্তির বাতাবরণ কায়েম না হয় এবং নেশার কবলে পড়ে যাতে কোনো ধরনের অপ্রীতিকর ঘটনা না ঘটে তার জন্য পুলিশ প্রশাসন ইতিমধ্যেই নেশা বিরোধী অভিযান শুরু করেছে।

বৃহস্পতিবার রাতে নেশা বিরোধী অভিযানে নেমে তেলিয়ামুড়া থানার পুলিশ প্রায় লক্ষাধিক টাকার বিলেতী মদ উদ্ধার করেছে। জানা গেছে, গোপন খবরের ভিত্তিতে তেলিয়ামুড়া থানার পুলিশ তেলিয়ামুড়া বাজার সংলগ্ন এলাকা থেকে টিআর০৪সি০৫৫৬ নম্বরের একটি মারুতি ভ্যানে করে অবৈধভাবে মজুত করা বিলেতী মদ নিয়ে গঙ্গানগরের দিকে যাওয়ার পথে স্থানীয় বাজারে গাড়িটিকে ধাওয়া করে আটক করে। গাড়িতে তল্লাশি চালিয়ে কুড়ি প্যাকেটে এবং ছয়টি ব্যাগে অবৈধভাবে মজুত করা বিলেতী মদ উদ্ধার করে পুলিশ। সেই সঙ্গে পুলিশ গাড়িতে থাকা পবিত্র রিয়াংকে আটক করে তেলিয়ামুড়া থানায় নিয়ে আসে। পুলিশ তাকে প্রাথমিক পর্যায়ে জিজ্ঞাসাবাদ করে জানতে পেরেছে এই বিলেতী মদ তেলিয়ামুড়া থেকে গঙ্গানগরের দিকে যাচ্ছিল।

# আকর্ষনীয় পুজো মন্ডপ ও প্রতিমা কসমস ক্লাবে

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৮ অক্টোবর।। স্বল্প পরিসরে আকর্ষণীয় পুজো মন্ডপ ও প্রতিমা নির্মাণ করে শারদ উৎসবের আয়োজন করেছে বামুটিয়া বিধানসভার নড়সিংগড় বাজারস্থিত কসমস ক্লাব। করোণা ভাইরাসের সংক্রমণ জনিত পরিস্থিতির কারণে রাজ্যের কোথাও বড় ধরনের পূজা হচ্ছে না। রাজধানী আগরতলা শহরের হাতেগোনা কয়েকটি ক্লাব অপেক্ষাকৃত বড় আকারের পুজো করছে। করোণা বিধি-নিষেধ আরোপিত থাকায় বড় মাপের পূজো করার সুযোগ নেই বললেই চলে। রাজ্যের অন্যান্য ক্লাবগুলির সঙ্গে পাল্লা দিয়ে বামুটিয়া ব্লক এলাকাতেও বিভিন্ন ক্লাব উদ্যোগ গ্রহণ করেছে।

বামুটিয়া বিধানসভার নড়সিংগড় বাজারস্থিত কসমস ক্লাব ১৯৭৯ সালে প্রতিষ্ঠিত হয়েছে। সে সময় থেকেই নড়সিংগড় বাজার সংলগ্ন স্থানে হচ্ছে কসমস ক্লাবের উদ্যোগে শারদীয় দুর্গোৎসব। বহিঃ রাজ্য ও রাজ্যের শিল্পীদের হাতের ছোঁয়ায় বাঁশি, কর্তাল, থালা, খের ও বাঁশ দিয়ে দিয়ে নির্মিত হচ্ছে সম্পুর্ন পূজো মণ্ডপ। প্রস্তুতির কাজ প্রায় তুঙ্গে। নজরকাড়া আলোক সজ্বায় সাজবে পূজো মন্ডপ সহ তার পাশ্ববর্তী স্থান।

ক্লাবের সহ সম্পাদক সিদ্ধার্থ মালাকার জানান, মন্ডপ ও প্রতিমা নির্মাণ সহকারে কসমস ক্লাবের এবারকার পূজোর মোট বাজেট তিন লক্ষাধিক টাকা। কোভিড নিয়মনীতিকে প্রাধান্য দিয়ে দর্শনার্থীদের ভীড় এড়াতে সামনের দিক থেকে খোলা অবস্থায় রাখা হবে পূজো মন্ডপ। স্থানীয় বিধায়কের হাত ধরে মহা ষষ্ঠীর রাতে হবে মণ্ডপের উদ্বোধন। দুর্গাপূজাকে অবাধ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অতিবাহিত করার জন্য ক্লাবের তরফ থেকে সকল অংশের জনগণের সহযোগিতা আহ্বান করা হয়েছে। প্রত্যেক দর্শনার্থীকে করুণা বিধি মেনে যায় শামিল হওয়ার জন্য আহ্বান জানানো হয়।

## কালীপুজোয় বাজি পোড়ানোর ওপর নিষেধাজ্ঞা জারির আবেদন কলকাতা হাইকোর্টে

কলকাতা, ৮ অক্টোবর (হি. স.) : কালীপুজোয় বাজি পোড়ানোর ওপর নিষেধাজ্ঞা জারির আবেদন জানানো হল কলকাতা হাইকোর্টে। শুক্রবার জনস্বার্থ মামলা দায়েরের অনুমতি দিল বিচারপতি ইন্দ্রপ্রসন্ন মুখোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ। কালীপুজোয় বাজি পোড়ানো সংক্রান্ত এই জনস্বার্থ মামলার শুনানি হবে অবসরকালীন বেঞ্চে। গতবছর করোনা আবহে বাজি পোড়ানোর ওপর নিষেধাজ্ঞা জারি করেছিল কলকাতা হাইকোর্ট। বৃহস্পতিবারও ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি রাজেশ বিন্দালের কাছে এই মামলা শোনার অনুমতি চাওয়া হয়েছিল। আজ বিচারপতি ইন্দ্রপ্রসন্ন মুখোপাধ্যায়ের কাছে মামলা শোনার অনুমতি মিলল। উল্লেখ্য, ইতিমধ্যেই অনির্দিষ্টকালের জন্য ময়দানের বাজি বাজার বন্ধ করে দেওয়া হয়েছে। কারণ বাজি বিক্রি করে মুনাফা করা যাচ্ছে না। ২০২০ সালেও বলা হয়েছিল, বাজিও ফাটানো যাবে না কালীপুজোয়। কলকাতা হাইকোর্টের নির্দেশ ছিল কোনও বাজি বিক্রিও করা যাবে না। রাজ্যজুড়ে নিষিদ্ধ করা হয়েছিল বাজি। এবারও সেই নির্দেশই বহাল থাকে কি না সেটাই দেখার।

# উপনির্বাচনে বিজেপি-র তারকা প্রচারকদের নামতালিকা প্রকাশ

কলকাতা, ৮ অক্টোবর (হি. স.) : পুজো মিটলেই ফের রাজ্যে উপনির্বাচন। ইতিমধ্যেই প্রার্থীতালিকা ঘোষণা করেছে রাজনৈতিক দলগুলি। এবার তারকা প্রচারকদের তালিকা ঘোষণা করল বিজেপি। তাৎপর্যপূর্ণভাবে তাতে নাম রয়েছে অসমের মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্বশর্মারও। চলতি মাসের ৩০ তারিখ দিনহাটা, শান্তিপুর, খড়দহ ও গোসাবায় উপনির্বাচন। বিজেপির জন্য সবচেয়ে সম্ভাবনাময় আসন শান্তিপুর। বিজেপির হয়ে এখানে প্রতিদ্বন্দ্বিতা করবেন নদিয়া দক্ষিণ সাংগঠনিক জেলার সাধারণ সম্পাদক নিরঞ্জন বিশ্বাস। উদয়ন গুহর বিরুদ্ধে দিনহাটা আসনে বিজেপি প্রার্থী করেছে প্রাক্তন তৃণমূল নেতা অশোক মণ্ডলকে। গোসাবার প্রার্থী পলাশ রানা। আর খড়দহ থেকে লড়াই করছেন অর্জুন সিংয়ের ঘনিষ্ঠ জয় সাহা। পুজো মিটলেই প্রার্থীদের হয়ে প্রচারে ঝাঁপিয়ে পড়বে বিজেপি। ইতিমধ্যেই তৈরি হয়ে গিয়েছে রণকৌশল। প্রকাশ্যে এসেছে বিজেপির তারকা প্রচারকদের তালিকা। সেই তালিকার প্রথমেই রয়েছেন রাজ্য বিজেপির সভাপতি সুকান্ত মজুমদার। তালিকায় রয়েছেন ৭ কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানি, গিরিরাজ সিং, সুভাষ সরকার, জন বার্লা, নিশীথ প্রামাণিক, প্রতিমা ভৌমিক, শান্তনু ঠাকুর। এছাড়াও আছেন দিলীপ ঘোষ, শুভেন্দু অধিকারী, অমিতাভ চক্রবর্তী, দেবশ্রী রায়, রূপা গঙ্গোপাধ্যায়, অগ্নিমিত্রা পাল, লকেট চট্টোপাধ্যায়-সহ অন্যান্যরা।



শুক্রবার হরিগঙ্গা বসাক রোডে কাপড়ের শোরুমে আগুন নেভানোর চেষ্টায় দমকল বাহিনী। ছবি-নিজস্ব।

## সব্যসাচী দত্তকে একহাত দিলীপের

কলকাতা, ৮ অক্টোবর (হি. স.) : 'যত তাড়াতাড়ি চলে যান, তত ভাল হয়। এমন কিছুজন আছেন, তারা কোন দিকে আছেন বোঝা যাচ্ছে না। তারা যত তাড়াতাড়ি যাবেন, আমরা গুছিয়ে কাজ করতে পারব। সময়ের সঙ্গে সঙ্গে সব সাফ হয়ে যাবে'। শুক্রবার নিউটাউনের ইকো পার্কে প্রাতঃভ্রমণে আসেন বিজেপি-র প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ। পরে সাংবাদিকদের সাথে কথা বলার সময়ে এই মন্তব্য করেন। বৃহস্পতিবার দুপুরে বিধাননগরের প্রার্থী সব্যসাচী দত্ত যোগ দিয়েছেন তৃণমূলে। সব্যসাচী দত্তের দল ছেড়ে যাওয়া নিয়ে দিলীপ ঘোষ বলেন, তাঁকে দায়িত্ব ও সম্মান দেওয়া হয়েছিল। দলের তরফে কোনও খামতি ছিল না। কাজের সুযোগ এবং টিকিট দেওয়া হয়েছে। কিন্তু তার পরেও ওনারা ঠিক করতে পারছেন না কোন দিকে যাবেন। দিলীপবাবু বলেন, যারা রাজ্যের দলকে দাঁড় করিয়েছিলেন, তাঁরা সকলেই ঠিক জায়গায় আছেন। অনেক নেতাই একের পর এক এসেছিলেন এবং একের পর এক চলে যাচ্ছেন। তাদের জন্য রাজনীতিতে প্রভাব পড়ে না বলেই মনে করেন তিনি।

## নন্দীগ্রামে বিজেপি কর্মী হত্যায় চার্জশিট পেশ সিবিআইয়ের, নাম নেই মমতার নির্বাচনী এজেন্টের

কলকাতা, ৮ অক্টোবর (হি.স) : ভোট পরবর্তী হিংসা মামলায় নন্দীগ্রামে বিজেপি কর্মী দেবব্রত মাইতি হত্যাকাণ্ডে চার্জশিট পেশ করেছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই। সূত্রের খবর, চার্জশিটে শেখ ফতেনুর, শেখ মিজানুর ও শেখ ইমদুলাল ইসলামের নাম রয়েছে। শুক্রবার এই তিনজনের নামে হলদিয়া আদালতে চার্জশিট পেশ করেছে সিবিআই। ভোট পরবর্তী হিংসা মামলায় জেলায় জেলায় ঘুরে জোরদার তদন্ত চালাচ্ছে সিবিআই। নন্দীগ্রামের বিজেপি কর্মী খুনের মামলা সহ এখনও অবধি মোট পাঁচটি চার্জশিট পেশ করা হয়েছে। একুশের বিধানসভা ভোটের ফল বেরনোর পর নন্দীগ্রামের চিল্লোগ্রামে গত ৩ মে বিজেপি কর্মী দেবব্রত মাইতিকে বাড়ি থেকে তুলে নিয়ে গিয়ে মারধরের অভিযোগ ওঠে শাসক দলের কর্মীদের বিরুদ্ধে। বিজেপি কর্মীর অবস্থা এতটাই সঙ্কটজনক ছিল যে তাঁকে কলকাতার এসএসকেএম হাসপাতালে নিয়ে এসে চিকিৎসা করানো হয়। এখানেই মৃত্যু হয় তাঁর। দেবব্রত মাইতি হত্যাকাণ্ডে নাম জড়ায় শেখ সুফিয়ান সহ আরও দুই তৃণমূল নেতার। এই শেখ সুফিয়ান ছিলেন নন্দীগ্রামে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্বাচনী এজেন্ট। বিজেপি কর্মী খুনের ঘটনায় শেখ সুফিয়ানকে তলব করে জিজ্ঞাসাবাদ করেছিল সিবিআই। ভোট পরবর্তী হিংসা মামলা ছাড়াও ২০০৭-২০০৯ সাল পর্যন্ত নন্দীগ্রামে হিংসা ছড়ানোর অভিযোগে একাধিক মামলা দায়ের হয়েছিল সুফিয়ান, আবু তাহের, শেখ সামাদ সহ তৃণমূলের মুখিয়া নেতাদের বিরুদ্ধে। মামলা গড়িয়েছিল সুপ্রিম কোর্ট অবধি। বিচারপতি ইন্দিরা বন্দ্যোপাধ্যায় এবং বিচারপতি কৃষ্ণ মুরারির এজলাসে সেই মামলার শুনানি হয়েছিল। দীর্ঘ টানাপড়েনের পরে শেখ সুফিয়ানের বিরুদ্ধে জারি হওয়া গ্রেফতারি পরোয়ানায় স্থগিতাদেশ দিয়েছিল শীর্ষ আদালত। বিচারপতিদের বেঞ্চ জানিয়েছিল, পুরনো মামলায় গ্রেফতার করা যাবে না মুখ্যমন্ত্রীর নির্বাচনী এজেন্ট সুফিয়ানকে। সেই মামলা নতুন করে চালু করার আর্জি জানিয়ে হাইকোর্টে বিচারপতি রাজর্ষি ভরদ্বাজের বেঞ্চে ফের পিটিশন দাখিল হয়েছিল।

# পুজোয় জঙ্গিহানার আশঙ্কা থেকে সতর্ক হচ্ছে পুলিশ

কলকাতা, ৮ অক্টোবর (হি. স.) : মহালয়ার পর থেকেই শুরু হয়ে গিয়েছে বাঙালির সবচেয়ে বড় উৎসবের প্রহরগোনা। দুর্গাপুজোর আনন্দে মেতে উঠতে প্রস্তুত আপামর বঙ্গবাসী। এমনকী বিশ্বের যেকোনও প্রান্তের বাঙালিরা। তবে উৎসবের মরসুমেও আতঙ্ক কিন্তু পিছু ছাড়ছে না। আর এটা যে সে আতঙ্ক নয়। সরাসরি জঙ্গি হানার আতঙ্ক। সূত্রের খবর, দশেরা এবং দুর্গাপুজোকে টার্গেট করেছে সন্ত্রাসবাদী সংগঠনগুলো। এই উৎসবের মরসুমে যাতে সর্বাধিক আঘাত হানা যায়, সেজন্য বড়সড় হামলার ছক কষছে তারা। তাই আগেভাগে কলকাতা-সহ রাজ্যপুলিশকে সতর্ক করল স্বরাষ্ট্র দফতর। ইতিমধ্যে কলকাতা এবং তার পার্শবর্তী এলাকা থেকে বেশ কয়েকজন জেএমবি জঙ্গি গ্রেফতার হয়েছে। গোয়েন্দারা জানতে পেরেছেন, পশ্চিমবঙ্গে কাজ করছে জেএমবি"র স্লিপার সেল। এই পরিস্থিতিতে স্বরাষ্ট্র দফতরের সতর্কবার্তা খুবই প্রাসঙ্গিক বলে করছে ওয়াকিবহাল মহল।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।